# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 35 ■ 29th August, 2026 ■ Saturday ■ Kolkata ■ ...N ...716...788


SKILL BANGLA www.skillbangla.in





Non-Technical গ্র্যাজুয়েট হয়েও... DESUN এর ট্রেনিংয়ে পেলাম IT JOB

DESUN ACADEMY — Get Placed by Skills

ডিগ্রি আছে... কিন্তু চাকরি নেই? Problem ডিগ্রি না ... Skill Gap

+91 94296 91888 | www.desunacademy.in


## ব্যাঙ্ক অফ বরোদায়

# ২,৪৮২ লোকাল ব্যাঙ্ক অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** ব্যাঙ্ক অফ বরোদা পশ্চিমবঙ্গ-সহ বিভিন্ন রাজ্যের শাখা অফিসে কাজের জন্য 'লোকাল ব্যাঙ্ক অফিসার' পদে ২,৪৮২ জন ছেলেমেয়ে নিচেছ। যে কোনো শাখার গ্র্যাজুয়েটেরা আবেদন করতে পারেন। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যাকাউন্ট্যান্ট, ইঞ্জিনিয়ারিং বা, ডাক্তারি কোর্সের প্রার্থীরাও আবেদন করতে পারেন। কোনো বাণিজ্যিক ব্যাঙ্ক বা, গ্রামীণ ব্যাঙ্কে অন্তত এক বছরের পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকা দরকার। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য আবেদন করবেন, সেই রাজ্যের স্থানীয় বা, সরকারি ভাষা সম্বন্ধে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-৮-২০২৬'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, প্রতিবন্ধীরা এরপর ১২ পাতায়


ICE Academy
WBCS & State Exams
SSC, Rail, Bank 2027
অফলাইন ও অনলাইনে
নতুন ব্যাচে ভর্তি চলছে
সেরা প্রশিক্ষকদের ক্লাস
বালিগঞ্জ : 9804412898
শিয়ালদহ : 7044981821


# হিন্দুস্তান অ্যারোনটিক্সে ৬২৭ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, নাসিক :** হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' 'টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস' ও 'আই.টি.আই. অ্যাপ্রেন্টিস' হিসাবে ৬২৭ জন লোক নিচেছ। কারা কোন ট্রেডের জন্য আবেদন করতে পারেন : গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি নেওয়া হবে এইসব ট্রেডে: অ্যারোনটিক্যাল / অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি, সিভিল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ এরপর ১০ পাতায়


WE ARE HIRING!
EVANGEL PUBLIC SCHOOL
TGT / PGT
Teachers Required
•Sub : Physics, Chemistry, Pure Science, Accountancy, Information Technology (IT), Montessori. •Qualification : M.Sc. / M.S. + B.Ed. •Candidates with relevant teaching experience will be preferred.
•Salary : Negotiable
6295073757
evangelps2018@gmail.com


## কলকাতার ১১৫টি আইটি কোম্পানিতে

# GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪১,৩২২ চাকরি

### শুরুতেই মাইনে বছরে ৫ থেকে ৬ লাখ টাকা

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা WIPRO এর সিইও শ্রীনি পাল্লিয়া ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৯ মাসে ১৪,৩২১ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৯,০২২ জনের নিয়োগ হয়েছে শুধুমাত্র GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং এরপর ৪ পাতায়

# ডাকবিভাগে সরাসরি এজেন্ট

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারতীয় ডাক বিভাগের পূর্ব কলকাতা ডিভিশন ডাক জীবন বিমা ও গ্রামীণ ডাক জীবন বিমার পলিসি বিক্রির জন্য 'ডাইরেক্ট এজেন্ট' নিচ্ছে। মাধ্যমিক পাশ এরপর ৬ পাতায়

## TCS, Wipro সহ কলকাতার প্রথম সারির আইটি কোম্পানিতে

# সামনের ৯ মাসে AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬১,৩২২ নিয়োগ

### মাইনে শুরু মাসে ৩০,০০০ টাকা থেকে

**উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

**পারমিতা মিত্র, কলকাতা :** পূর্ব ভারতের আইটি ইন্ডাস্ট্রির অন্যতম সেরা রিক্রুটার TCS এর ট্রেনিং অ্যান্ড ট্যালেন্ট ডেভেলপমেন্ট উইং-এর রিজিওনাল হেড একটি অদ্ভুত তথ্য দিলেন। শেষ ২টি কোয়ার্টারে (জানুয়ারী-জুন, ২০২৬) শুধুমাত্র কলকাতা থেকেই ডিজিটাল মার্কেটিংয়ে ৪,০০০ এর ওপর প্রফেশনালস নিয়োগ করেছেন তাঁরা। আর এই নিয়োগের এরপর ১০ পাতায়

# ও.বি.সিদের নতুন করে ক্যাটেগরি আপলোড চালু স্কুল সার্ভিস কমিশনের

### বৈধ ও.বি.সি ক্যাটেগরির তালিকা দেওয়া হল

**রঞ্জিৎ ঘোষ, কলকাতা :** স্কুল সার্ভিস কমিশনের নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদের জন্য ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীদের ও.বি.সি. সাব-ক্যাটেগরি জানানোর জন্য 'এডিট অপশন' চালু করল স্কুল সার্ভিস কমিশন। প্রত্যেক ও.বি.সি. ক্যাটেগরি প্রার্থীদের নতুন করে স্কুল সার্ভিস কমিশনের ওয়েবসাইটে গিয়ে ক্যাটেগরি সিলেক্ট করে এরপর ৩ পাতায়


মিসলেনিয়াসে
লিখিত পরীক্ষায় কৃতীদের দিয়ে তৈরি মডেল প্রশ্নোত্তর (পুরো ব্যাখ্যা সহ) পেতে আজই কিনুন
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
হেল্প লাইন
6291684943


# কেন্দ্রীয় সংস্থায় ১,৩৪৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, বেঙ্গালউরু :** কেন্দ্রীয় সরকারি সংস্থা বি.ই.এম.এল. লিমিটেড গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস, ট্রেড অ্যাপ্রেন্টিস হিসাবে ১,৩৪৫ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য: **ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস** নেওয়া হবে এইসব ট্রেডে : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, সিভিল, ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স ও অন্যান্য শাখা। সংশ্লিষ্ট বিষয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : **ব্যাঙ্গালোর কমপ্লেক্সে** — মেকানিক্যাল ৩৬টি (জেনাঃ ১৮, এরপর ৭ পাতায়


গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
৪ অক্টোবর হওয়া
মিসলেনিয়াস পরীক্ষা
ক্র্যাক করতে আজই কিনুন
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
6291684943


# এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ডে ৮০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের এমপ্লয়ীজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশনে কাজের জন্য 'অ্যাসিস্ট্যান্ট প্রভিডেন্ট ফান্ড কমিশনার' পদে ৮০ জন ছেলেমেয়ে নেওয়া হচেছ।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। কোম্পানি ল, লেবার ল, পাব্লিক এরপর ৬ পাতায়

# ন্যাভাল ডকইয়ার্ডে ৫০ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, বিশাখাপত্তনম :** প্রতিরক্ষা মন্ত্রকের অধীন শ্রী বিজয়াপুরম ন্যাভাল শিপ রিপেয়ার ইয়ার্ড ১৩টি ট্রেডে ৫০ জন অ্যাপ্রেন্টিস নিচেছ (ব্যাচ নং : IT-03 Batch). নেওয়া হবে এইসব ট্রেডে :

ইলেক্ট্রিশিয়ান : আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৮টি। এরপর ১০ পাতায়


অল্প খরচে LAW পাশ করে আইনজীবী হিসাবে নিজের ভবিষ্যতকে প্রতিষ্ঠিত করে তুলুন



LL.B (3yrs.) Direct Admission
LL.B (3yrs.) যে কোনো বয়সে
যোগ্যতা : যে কোনো University-র Graduate/ মাস্টার ডিগ্রি (Regular / Open / Distance) ও 45% নম্বর, SC/ST – 40%
LL.B (5 yrs.), LL.M, Ph.D (LAW)
AIBE পাশের দায়িত্ব নিয়ে পড়ানো হয়
ল' পয়েন্ট



১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা - ৭০০ ০০৯, শ্রদ্ধানন্দ পার্কের পাশে
9830132343 / 9836922534 / 6290760935

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## কর্মখালি

মেট্রোরেলে পুরুষ ও মহিলা কর্মী কন্ট্রাক্টরের অধীনে নিয়োগ। বেতন : 22K–47K Ex-আর্মিদের বিশেষ সুবিধা। M : 8343048976

SA

Punjab National Bank (DSA) বিভিন্ন সরকারি পোস্টে, নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 24,300/-–72,900/-, H.R.-7319008929

SA

**জরুরী বিজ্ঞপ্তি**
Indigo Airlines-এ শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন- (15700 –62900) । M : 74319 33893

SA(A)

**জরুরি নিয়োগ**
একটি খ্যাতনামা বাংলা প্রকাশনা সংস্থায় নিম্নলিখিত পদের জন্য অভিজ্ঞ কর্মী প্রয়োজন।
মার্কেটিং এক্সিকিউটিভ (জেলা ভিত্তিক)
বাংলা প্রকাশনা সংস্থায় কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
ডেটা এন্ট্রি অপারেটর
এমএস অফিস ও ডেটা এন্ট্রির কাজে অভিজ্ঞতা থাকতে হবে।
কর্মস্থল : শিলিগুড়ি, দুর্গাপুর, ভুবনেশ্বর, গুয়াহাটি এবং কলকাতা
আগ্রহী প্রার্থীরা আগামী ৭ দিনের মধ্যে আপনার সিভি (CV) ইমেইল করুন :
kokprakashani@gmail.com

## কর্মখালি

কাজের জন্য পরিবার ছেড়ে বাইরে না গিয়ে হস্তশিল্পের কাজ করুন ঘরে বসেই। ডেলি ₹ 800/- পর্যন্ত আয় সম্ভব। হোম ডেলিভারিও হবে। ওপেন উইন্ডোজ : 7044415805

SH

SBI (DSA)-তে অফিসিয়াল কাজে M/F চাই। বেতন: 22.5K (PF+ ESI) গড়িয়া - 9830871269, ব্যারাকপুর/ডানলপ- 8482024344

M

**WBSEDCL কর্মী চাই**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব ক'টি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–48000) OT-সহ অন্যান্য সুবিধা। M : 9038714095

SP

## কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কর্মীদের জন্য প্রতি মাসে গ্রোথ ও প্রমোশনের সুবর্ণ সুযোগ। বিভিন্ন পদে নিয়োগ। ST/SC প্রার্থীদের বিশেষ অগ্রাধিকার। বিশেষ সুবিধা : Ex- Servicemen / প্রাক্তন সেনাকর্মীদের জন্য। যোগ্যতা : ৮ম-স্নাতকোত্তর। বেতন : 23000–48000. M : +91 87682 28456

SP

**100% স্থায়ী জব**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন অফিসিয়াল পদে যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে সরাসরি ছেলে ও মেয়ে নিয়োগ চলছে। যোগ্যতা : মাধ্যমিক–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (18500–68700). PF, ESI, ছুটি, মেডিকেল, বোনাস প্রমোশন-সহ থাকা, খাওয়ার সুবিধা পাবেন। যোগাযোগ - M : 7583934359

SA(A)

## কর্মখালি

Kolkata Metro Urgently hiring under Contructor M/F Both. যোগ্যতা : HS – স্নাতক ও উর্ধ্বে। বেতন : 21900–63500, থাকা ও খাওয়া-সহ অন্যান্য সুবিধা। যোগাযোগ - M : 7083116189

SA

বাঁকুড়া, আসানসোল, ঝাড়গ্রাম, সিউড়িতে ব্যাঙ্ক/রেল/কোলিয়ারীতে নিয়োগ চলছে। M: 9332833022

SH

KOLKATA METRO স্থায়ী নিয়োগ বিজ্ঞপ্তি কন্ট্রাক্টরের অধীনে। M/F উভয়। যোগ্যতা : H.S – স্নাতক। বেতন : 22000–61000, থাকা, খাওয়া ও অন্যান্য সুবিধা। যোগাযোগ - M : 9091060640

SA(A)

## কর্মখালি

**আর্জেন্ট জব ভ্যাকান্সি**
কলকাতা মেট্রোরেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন - (17500 – 67700)। থাকা, খাওয়া-সহ PF, ছুটি, মেডিকেল, বোনাস, প্রমোশন পাবেন। M : 7519106523

SA(A)

**আর্জেন্ট ভ্যাকান্সি**
WBSEDCL-এ পুরুষ ও মহিলা কর্মী নিয়োগ চলছে কন্ট্রাক্টরের অধীনে ৮ম-স্নাতক যোগ্যতা, বেতন- 18K–54K + বোনাস, O.T, PF. যাতায়াত ফ্রী। Ex-আর্মিদের বিশেষ ছাড়। M : 7074189862

SA

## স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422

R

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ করুন
✆ : 7890135514

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনো ভাবেইদায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এ পৌঁছে জীবনের প্রথম স্পেসওয়াক সফলভাবে সম্পন্ন করে ইতিহাস গড়লেন কোন ভারতীয় বংশোদ্ভূত 'নাসা'র মহাকাশচারী — অনিল মেনন।

২। সম্প্রতি এলন মাস্কের কোম্পানি 'স্পেসএক্স'এর একটি নিয়ন্ত্রণহীন রকেটের বিশাল অংশ তীব্র গতিতে চাঁদের পৃষ্ঠে আছড়ে পড়ল। রকেটটির নাম কী — ফ্যালকন ৯ (বিজ্ঞানীদের হিসাব অনুযায়ী, প্রায় ৪ টন ওজনের এই অংশটির দৈর্ঘ্য ছিল পাঁচতলা ভবনের সমান)।

৩। ভারতের প্রথম বেসরকারি ও দেশীয় প্রযুক্তিতে তৈরি ৮০০ কিলোনিউটন ক্ষমতাসম্পন্ন ফুল-ফ্লো স্টেজড কম্বাশন রকেট ইঞ্জিন 'EVEREST' উন্মোচন করল কোন সংস্থা — বেঙ্গালউরুর 'অ্যাস্ট্রোবেস টেকনোলজিস লিমিটেড'।

৪। 'ইন্টারন্যাশনাল সেন্টার ফর থিওরিটিক্যাল ফিজিক্স'এর তরফ থেকে, এবছর 'ডির্যাক মেডেল' পেলেন কোন ভারতীয় তাত্ত্বিক পদার্থবিদ — দীপক ধর (স্ট্যাটিস্টিক্যাল মেকানিক্সে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি)।

৫। স্বাস্থ্যঝুঁকির কারণ হিসাবে সবথেকে মারাত্মক বায়ুদূষকটি হল — সালফার ডাই অক্সাইড ($SO_2$)।

৬। সালোকসংশ্লেষের জন্য যখন কার্বন ডাই-অক্সাইডের প্রয়োজন হয় না, তখন উদ্ভিদ কেন তার পত্ররন্ধ্র বন্ধ করে দেয় — জল বেরিয়ে যাওয়া বা জলক্ষয় রোধ করার জন্য।

৭। ক্যান্সারের চিকিৎসায় ব্যবহৃত নিষ্ক্রিয় গ্যাসটি হল — রেডন (Rn)।

## ইতিহাস

৮। লখনউতে ১৮৫৭ সালের বিদ্রোহের নেতা ছিলেন — বেগম হযরত মহল (তিনি ছিলেন আওধের নবাব ওয়াজিদ আলি শাহ'এর স্ত্রী)।

৯। বারদোলি সত্যাগ্রহের সাফল্য স্বাধীনতা সংগ্রামের অন্যতম শ্রেষ্ঠ কোন নেতার উত্থান ঘটিয়েছিল — সর্দার বল্লভভাই প্যাটেল (বারদোলি সত্যাগ্রহ ১৯২৮ সালে গুজরাতে সংঘটিত হয়েছিল)।

১০। মাদ্রাজ প্রেসিডেন্সি'র কোন গভর্নর টিপু সুলতানের সঙ্গে 'ম্যাঙ্গালোরের সন্ধি' করেছিলেন — জর্জ ম্যাককার্টনি (১৭৮৪ সালের ১১ মার্চ টিপু সুলতান ও ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানির মধ্যে ম্যাঙ্গালোরের চুক্তি স্বাক্ষরিত হয়েছিল)।

১১। 'দহশালা ব্যবস্থা' প্রবর্তন করেছিলেন — আকবর (আনুমানিক ১৫৮০ খ্রিস্টাব্দে)।

১২। আবুল ফজল কোন শাসকের হাতে নিহত হয়েছিলেন — বীর সিং বুন্দেলা।

১৩। জাহাঙ্গীর কোন স্থানে নিজের সমাধিটি তৈরি করেছিলেন — লাহোর।

১৪। চোল শাসনব্যবস্থায় কাকে 'কো', 'পেরুমাল' বা 'পেরুমাল আদিগাল' হিসাবে অভিহিত করা হত — রাজা।

১৫। কৌটিল্য 'অর্থশাস্ত্র' রচনা করেন। 'অর্থশাস্ত্র'কে কয় ভাগে ভাগ করা হয়েছে — ১৫।

## ভূগোল

১৬। শতদ্রু, গঙ্গা ও ব্রহ্মপুত্র সমভূমিতে কোন ধরনের গ্রামীণ বসতি দেখা যায় — ঘন সন্নিবিষ্ট।

১৭। কোন সংস্থা ভারতের ভূ-সংস্থানিক মানচিত্র (টপোগ্রাফিক্যাল শিট) প্রকাশ করে — সার্ভে অফ ইন্ডিয়া (১৭৬৭ সালে প্রতিষ্ঠিত হয়)।

১৮। ভারতের জনতাত্ত্বিক ইতিহাসের কোন সময়কালকে 'স্থিতিশীল জনসংখ্যার সময়কাল' বলা হয় — ১৮৯১ থেকে ১৯২১।

১৯। কালী ও তিস্তা নদীর মধ্যবর্তী হিমালয়ের আঞ্চলিক বিভাগ কোনটি — নেপাল হিমালয়।

২০। পশ্চিম ও পূর্ব ঘাট কোথায় মিলিত হয়েছে — নীলগিরি পর্বতমালা।

২১। ভারতের উপকূলীয় জলের প্রধান দূষক হল — শিল্পবর্জ্য।

২২। ভারতের প্রথম ও এশিয়ার দীর্ঘতম সাইকেল হাইওয়ে ভারতের কোন রাজ্যে চালু করা হয়েছে — উত্তর প্রদেশ।

২৩। কোন সালে 'সোনালি চতুর্ভুজ' প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছিল — ১৯৯৯।

## সাম্প্রতিক ঘটনা

২৪। দেশের পঞ্চম পূর্ণাঙ্গ সাক্ষর রাজ্য কোনটি — সিকিম।


২৫। স্লোভেনিয়ার প্রধানমন্ত্রী এখন কে — জানেজ জানশা।

২৬। 'বিশ্ব পরিপাক স্বাস্থ্য দিবস' কবে পালিত হয় — ২৯ মে।

২৭। কোন রাজ্যের দক্ষিণ পশ্চিমঘাট পর্বতমালার 'শেন্দুরনে বন্যপ্রাণী অভয়ারণ্য'এর নদী-তীরবর্তী বনে একটি নতুন চিরহরিৎ বৃক্ষ প্রজাতি 'Humboldtia nairiana' আবিষ্কার করলেন 'জওহরলাল নেহরু ট্রপিক্যাল বোটানিক্যাল গার্ডেন অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট'এর গবেষকরা — কেরলম।

২৮। মধ্য প্রদেশের 'কুনো ন্যাশনাল পার্ক' থেকে ৪টি আফ্রিকান চিতাকে কোথায় স্থানান্তর করার অনুমোদন দেওয়া হয়েছে — গুজরাতের কচ্ছ জেলার বান্নি তৃণভূমি।

২৯। প্রথম ভারতীয় টেস্ট পাইলট হিসাবে, ক্যালিফোর্নিয়ার মর্যাদাপূর্ণ 'সোসাইটি অফ এক্সপেরিমেন্টাল টেস্ট পাইলটস'এর 'ফেলো' নির্বাচিত হয়ে



ইতিহাস গড়লেন কে — কে.কে. ভেনুগোপাল (ভারতের বিমান চালনা ক্ষেত্রে ২৫ বছরেরও বেশি সময় ধরে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।

৩০। ইবোলা ভাইরাসের একটি নতুন স্ট্রেইনের বিরুদ্ধে নতুন টিকা তৈরি করলেন কোন দেশের বিজ্ঞানীরা — রাশিয়া (এই নতুন টিকাটি এখন মধ্য আফ্রিকায়, বিশেষ করে কঙ্গো ও উগান্ডায়, ছড়িয়ে পড়া বিরল ও মারাত্মক 'বুন্দিবুগিও' ইবোলা স্ট্রেইনের বিরুদ্ধে সুরক্ষা দিতে পারে)।

৩১। সম্প্রতি প্রয়াত রমাকান্ত দয়মা (৬৯ বছর) কে ছিলেন — অভিনেতা (২৬ মে মারা যান তিনি)।

৩২। কোথায় ভারত তার প্রথম ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম চালু করল — গুজরাতের কচ্ছ সীমান্তে অবস্থিত খাভদায় (এই ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেমের মোট ধারণক্ষমতা ৩.৩৭ গিগাওয়াট ঘন্টা, যেটি চালু করেছে 'আদানি গ্রিন এনার্জি লিমিটেড')।

৩৩। উত্তর-পূর্বাঞ্চলের প্রথম তথা দেশের তৃতীয় রাজ্য (উত্তরাখণ্ড ও গুজরাতের পর) হিসাবে অভিন্ন দেওয়ানি বিধি বিল পাস করল কারা — অসম।

৩৪। 'মেরিন প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি'র চেয়ারম্যান হিসাবে দায়িত্ব নিলেন কে — পি.জওহর।

৩৫। নকল পণ্য ও জাল নথি রুখতে অত্যাধুনিক আলো নির্গমনকারী পেরোভস্কাইট-ন্যানোমেটেরিয়াল নিরাপত্তা প্রযুক্তি তৈরি করলেন কোন সংস্থার গবেষকরা — আইআইটি গুয়াহাটি।

৩৬। কোথা থেকে 'অগ্নি-১' স্বল্পপাল্লার ব্যালিস্টিক মিসাইলের পরীক্ষা চালিয়েছে ভারত — ওড়িশার চাঁদিপুরের ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ।

৩৭। এবছর 'আন্তর্জাতিক যোগ দিবস'এর মূল উদযাপন আয়োজন করেছে কোন শহর — কলকাতা (২১ জুন)।

৩৮। পশ্চিমবঙ্গের অ্যাডভোকেট জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — প্রবীণ আইনজীবী সুরজিৎ নাথ মিত্র।

৩৯। সেনেগালের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন কে — আহমাদু আল আমিনু লো।

৪০। 'আয়ুষ্মান ভারত ডিজিটাল মিশন'এ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — পীযূস সিংলা।

৪১। পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিক হিসাবে নিযুক্ত হলেন কে — নীলম মীনা।

৪২। এবছর 'পদ্মবিভূষণ' সম্মানে ভূষিত হওয়া ড.এন.রাজম কোন বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত — ভায়োলিন।

৪৩। সম্প্রতি প্রয়াত ড.বশির বদর (৯১ বছর) কোন ভাষার কবি ছিলেন — উর্দু (২৮ মে মারা যান তিনি)।

৪৪। ভারতের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসাবে, 'ইন্টেল ইন্ডিয়া'র সহযোগিতায় 'ইন্ডিয়াএআই ডেটা ল্যাব' স্থাপন করল কারা — চণ্ডীগড় বিশ্ববিদ্যালয়।

৪৫। কোন গ্রামকে ভারতের প্রথম মডেল সীমান্তগ্রাম হিসাবে গড়ে তোলা হচ্ছে — পূর্ব লাদাখের চ্যাংথাং অঞ্চলে অবস্থিত চুমুর গ্রাম।

৪৬। শ্রীনগর-কার্গিল-লেহ মহাসড়কে (এনএইচ-১) কোন গিরিপথে জোড়া সুড়ঙ্গ তৈরি করে এই অঞ্চলের যোগাযোগ ব্যবস্থায় আমূল বদল আনতে চলেছে কেন্দ্রীয় সরকার — ফোটু লা।

সঙ্কলক : পলি দেওয়ান

## রামকৃষ্ণ মিশনে নিয়োগ

তারকনাথ দাস, ব্যারাকপুর : ব্যারাকপুর রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের বিভিন্ন শাখায় 'ওয়েন্ডার', 'রাঁধুনি (কুক)', 'ড্রাইভার', 'ইলেক্ট্রিশিয়ান' ও সেবামূলক কাজের জন্য 'পূজারী' পদে বেশ কিছু ছেলেমেয়ে নেওয়া হবে। ইচ্ছুকরা এই ই-মেলে সিভি পাঠান : rkvmsecretary@gmail.com বিশদে জানার জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে : 033 2592 0547.

## স্কুলে শিক্ষক-শিক্ষিকা নেওয়া হচ্ছে

নিজস্ব সংবাদদাতা, হাবড়া : ইভাঞ্জেল পাব্লিক স্কুল 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার' ও 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' পদের কিছু লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব বিষয়ে : ফিজিক্স, কেমিস্ট্রি, পিওরসায়েন্স, অ্যাকাউন্ট্যান্সি, ইনফর্মেশন টেকনোলজি (আই.টি.), মন্তেশ্বরী। সংশ্লিষ্ট বিষয়ের এম.এসসি কোর্স পাশ ছেলেমেয়েরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য। শিক্ষকতার কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন। মাইনে আলোচনাসাপেক্ষে ঠিক করা হবে। আগ্রহী প্রার্থীরা সরাসরি যোগাযোগ করুন কিম্বা মেল করুন এই নম্বরে : 6295073757, E-mail: evangelps2018@gmail.com

## পুজোর আগেই পুলিশের বিভিন্ন পদে ৩৫,০০০ শূন্যপদ নিয়োগের পরীক্ষায় কীভাবে সফল হবেন



টি. কে. মিত্র

সম্প্রতি জানা গেছে, রাজ্য পুলিশে কনস্টেবল পদে কয়েক হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি পুজোর আগেই বেরোচ্ছে। রাজ্য পুলিশে কনস্টেবল, সাব-ইন্সপেক্টর ও ডি.এস.পি. র‍্যাঙ্ক পর্যন্ত প্রায় ৪৩ হাজারের মতো শূন্যপদ রয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানান, বিপুল সংখ্যক শূন্যপদে নিয়োগের উদ্যোগ নেওয়া হয়েছে। পুলিশের আধুনিকীকরণ, রাজ্যে নতুন থানার জন্য, নতুন জেলার জন্য, বিভিন্ন জায়গায় পুলিশ ক্যাম্পের জন্য প্রচুর পুলিশকর্মীর দরকার।

আগের সরকার প্রশিক্ষণহীন সিভিক ভলান্টিয়ার নিয়োগ করেছিল। বর্তমান সরকার অস্থায়ী কর্মী নিয়োগের বিপক্ষে। তাই পুলিশে বিপুল সংখ্যক শূন্যপদ পূরণ করা হবে। নবান্ন সূত্রে খবর, রাজ্য পুলিশে কনস্টেবল পদে ২০২৪ সালের পরীক্ষা থেকে প্রায় ১৬ হাজার শূন্যপদে নিয়োগ করা হবে।

অন্যদিকে, পুজোর আগেই রাজ্য পুলিশে কনস্টেবল পদে প্রায় ২০ হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা রয়েছে। পরীক্ষা পদ্ধতির কিছুটা বদল হচ্ছে। ইন্টারভিউয়ের নম্বর ১৫ থেকে কমিয়ে ৫ নম্বর করা হচ্ছে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ৪টি পর্যায়ের পরীক্ষা হবে। প্রথমে লিখিত পরীক্ষা, শারীরিক মাপজোখের পরীক্ষা (PMT), শারীরিক সক্ষমতার পরীক্ষা (PET) ও ইন্টারভিউ। এতদিন এই পদে ৮৫ নম্বরের লিখিত পরীক্ষায় ৮৫টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হত এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ-২৫ নম্বর, (খ) ইংরিজি-১০ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের)-২৫ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস-২৫ নম্বর। সময় থাকত ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং ছিল। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হত। প্রশ্ন হত বাংলা ও নেপালী ভাষায়। নতুন পরীক্ষা পদ্ধতিতে বিষয় এক থাকলেও নম্বর বিভাজন বদল হবে। অন্যদিকে ইন্টারভিউয়ের নম্বর কমে ৫ হচ্ছে।

**নতুন পদ্ধতিতে হওয়া এই পরীক্ষায় সফল হতে হাতে আছে আর মাত্র কয়েক মাস। তাই আর দেরি না করে এখন থেকেই 'সায়েন্টিফিক ওয়ে'তে প্রস্তুতি নিতে হবে।**

**কীভাবে পরীক্ষায় সফল হবেন?** মাত্র ৩ - ৪ মাসের প্রস্তুতিতে লিখিত পরীক্ষায় সাফল্য পেতে 'ক্যাসেস্ এডুকেশন' অতি সম্প্রতি লঞ্চ করেছে একটি ক্র্যাশ কোর্স। যার পোশাকি নাম হল— 'CACES SUCCESS POLICE COURSE' (CSPC). সেরা সেরা ফ্যাকাল্টিদের পরিচালনায় রাজ্যের অন্যতম সেরা এই প্রতিষ্ঠানের এই ক্র্যাশ্ কোর্সটিতে ভর্তি হলে সাফল্য সুনিশ্চিত। নতুন পরীক্ষার সিলেবাস ও পরিকাঠামো অনুযায়ী এই ট্রেনিং প্রোগ্রামটিতে রাজ্যের অন্যতম সেরা ফ্যাকাল্টিরা ক্লাস নিচ্ছেন। শুধু ক্লাসই নিচ্ছেন না, সাফল্যের উপযোগী এক অত্যন্ত কার্যকরী শর্ট-কাট টিপস্ শেখাচ্ছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা যেকোনো ধরনের পুলিশের পরীক্ষায় প্রিলিমিনারি ক্র্যাক করতে পারে। এছাড়াও রয়েছে 'প্রতিদিন মক্‌টেস্ট'-এর ব্যবস্থা — যা এখানকার ছেলেমেয়েদের 'নির্দিষ্ট সময়ের মধ্যে হাইস্কোর' করতে একান্তভাবে সাহায্য করবে। লিখিত পরীক্ষায় পাশ ও পরবর্তী হার্ডেলসগুলি টপকাতে পারলে আমাদের এখানে 'PET / PMT' ক্র্যাক করার জন্য বিশেষ পদ্ধতিতে 'মাঠ প্রশিক্ষণ'-এরও ব্যবস্থা আছে। তাই আর দেরি না করে, রাজ্য বা কলকাতা পুলিশে 'চাকরির স্বপ্ন' সফল করতে যেকোনো মধ্য মেধার বা 'এই র‍্যাট রেসে' পিছিয়ে পড়া ছেলেমেয়েরা আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9062756906, 9123325910 অথবা নিজের চোখে সফল ছেলেমেয়েদের ট্রেনিং দেখতে আজই চলে আসুন এই ঠিকানায় : ক্যাসেস্ এডুকেশন, শিয়ালদহ, কলকাতা - ৭০০ ০০৯।

## শিক্ষক নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, ইছাপুর : বিশ্বশুক সেবাশ্রম সংঘ পরিচালিত ছাত্রবাসের জন্য 'আবাসিক শিক্ষক' পদে বেশ কিছু প্রার্থী নেওয়া হবে। উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৪০ থেকে ৫০ বছরের মধ্যে। আগ্রহীরা ০৫.০৯.২০২৬ তারিখের মধ্যে বায়োডাটা পাঠান এই ঠিকানায় : সম্পাদক, বিশ্বশুক সেবাশ্রম সংঘ, ঠাকুর শুকদেব সরণি (চুনারীপাড়া), পোষ্ট : ইচাপুর-নবাবগঞ্জ, উত্তর ২৪ পরগনা, পিন - ৭৪৩১৪৪। বিশদে জানতে যোগাযোগ করুন : 8902051200 (দুপুর ১২টা থেকে ৩টের মধ্যে)।

## হেল্‌থ সেক্টরে প্রচুর শূন্যপদ

## কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : কল্যাণী বিশ্ববিদ্যালয় ও রাজ্য সরকার অনুমোদিত ও UGC Approved MCG College of Health Science-এ এইসব কোর্সে ভর্তি শুরু হয়েছে : ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাব টেকনোলজি (DMLT), ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনোলজি (DMRT), ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি (DOTT), ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি (CCT), ডিপ্লোমা ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগস (CMS & ED), ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনোলজি (DPT)। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভর্তির জন্য যোগ্য। সীট সীমিত। বিশেষ সুবিধা : (১) অভিজ্ঞ শিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ, (২) আধুনিক ক্লাসরুম ব্যবস্থা, (৩) Computer & Spoken English Classes, (৪) Hand-to-Hand Practical Training, (৫) সরকারি হাসপাতালে ইন্টার্ণশিপের সুযোগ, (৬) কোর্স শেষে প্লেসমেন্টে সহায়তা। এছাড়া ক্রেডিট কার্ড ও স্কলারশিপের সুবিধা আছে। যোগাযোগ : MCG College of Health Science, F-30, Near Kalyani Main Station (Near Platform No. 3), Kalyani, Nadia – 741235. Phone : (033) 40838089, 9088888123.

## ও.বি.সিদের নতুন করে

১ পাতার পর

ও.বি.সি. সাব-ক্যাটেগরি উল্লেখ করতে হবে আর ও.বি.সি. সার্টিফিকেট আপলোড করতে হবে। নবম-দশম শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদের এডিট অপশন চালু থাকবে ২৫ আগস্ট থেকে ৩১ আগস্ট পর্যন্ত। একাদশ-দ্বাদশ শ্রেণির এডিট অপশন চলবে ২৫ আগস্ট পর্যন্ত।

অন্যদিকে, নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক-শিক্ষিকা পদে নিয়োগের মেয়াদ ২০২৭ সালের এপ্রিল পর্যন্ত করার জন্য বাড়তি সময় চেয়ে সুপ্রিম কোর্টে আবেদন করেছে স্কুল সার্ভিস কমিশন ও রাজ্য সরকার। ১২ আগস্ট কলকাতা হাই কোর্টের রায়ে রাজ্যের সব ও.বি.সি.-এ আর ও.বি.সি.-বি সার্টিফিকেট বাতিল হয়েছে। এখন শুধুমাত্র ও.বি.সি. ক্যাটেগরি হিসাবে সার্টিফিকেট বৈধ থাকবে। অন্যদিকে, ও.বি.সি. সংরক্ষণ ১৭% থেকে কমিয়ে ৭% করা হয়েছে। রাজ্যে বৈধ এই ৬৬টি ও.বি.সি. সাব-ক্যাটেগরি আছে : (1) Kapali, (2) Baishya Kapali, (3) Kurmi, (4) Sutradhar, (5) Karmakar, (6) Kumbhakar, (7) Swamakar, (8) Teli, Kolu (9) Napit, (10) Yogi, Nath, (11) Goala, Gope (Pallav Gope, Ballav Gope, Yadav Gope, Gope, Ahir and Yadav), (12) Moira (Halwai), Modak (Halwai), (13) Barujibi, (14) Satchasi, (15) Malakar, (16) Jolah (Ansari-Momin), (17) Kansari, (18) Tanti, Tantubaya, (19) Dhanuk, (20) Shankakar, (21) Keori/Koiri, (22) Raju, (23) Nagar, (24) Karani, (25) Sarak, (26) Tamboli/Tamali, (27) Kosta/Kostha, (28) Roniwar/ Rauniyar, (29) Scheduled Castes converts to Christianity and their progeny, (30) Lakhera/Laahera, (31) Fakir, Sain, (32) Kahar, (33) Betkar (Bentkar), (34) Chitrakar, (35) Bhujel, (36) Newar, (37) Mangar, (38) Nembang, (39) Sampang, (40) Bungchheng, (41) Thami, (42) Jogi, (43) Dhimal, (44) Hawari, Dhobi (other than those included in the list of Scheduled Castes), (45) Bhar, (46) Khandait, (47) Gangot, (48) Turha, (49) Dhunia, (50) Patidar, (51) Kasai, (52) Hele/ Halia/ Chasi-Kaibartta, Das Kaibartta, (53) Bansi Barman, (54) Nashya-Sekh, (55) Pahadia Muslim, (56) Khen (Non-Bania category), (57) Sukli, (58) Sunuwar, (59) Bharbhuja, (60) Dewan, (61) Rai (including Chamling), (62) Rayeen (Kunjra), (63) Shershabadia, (64) Devanga, (65) Hajjam (Muslim), (66) Chowduli (Muslim).

## নার্সিং — সেবাই যদি হয় আপনার পরম ধর্ম



**নিজেকে মানব সেবায় নিয়োজিত করে মানব সমাজে নিজের পরিচিত স্থাপনের এক অন্যতম মাধ্যম হল নার্সিং কোর্স। পূর্ব মেদিনীপুরের এক অন্যতম নার্সিং কলেজ সমাজ কল্যাণ নার্সিং কলেজ — West Bengal State Nursing Council, Indian Nursing Council & West Bengal University of Health Science দ্বারা মান্যতাপ্রাপ্ত**

নিজস্ব প্রতিনিধি, তমলুক : পশ্চিমবঙ্গের অন্যতম নার্সিং কলেজ হল সমাজ কল্যাণ নার্সিং কলেজ যেখানে আপনি পাবেন Audio / Visual ক্লাস রুম, মর্ডার্ণ ও আপডেটেড লাইব্রেরি, ডিজিটাল ল্যাব-সহ নিজস্ব Raging Free Girls Hostel, যেখানে পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা থেকে মেয়েরা নার্সিং কোর্স করার সুযোগ পাচ্ছে। এছাড়াও বিভিন্ন ধরনের সরকারি স্কলারশিপ Students Credit Card-এর মতো নানান সুবিধা ও সুযোগ পাচ্ছে। এই কলেজের ছাত্রীরা থিওরি ক্লাসের সঙ্গে সঙ্গে West Bengal Govt. Medical Hospital ও Govts. Super Speciality Hospital-এ clinical-এ সুযোগ পাচ্ছে। সমাজ কল্যাণ নার্সিং কলেজের প্রিন্সিপ্যাল জানান, আমার কলেজের সব শিক্ষামন্ডলী প্রত্যেকে Qualified ও Good Experience থাকায় খুব সহজে শিক্ষার্থীদেরকে শিক্ষা দান করতে পারে। শুধু তাই নয়, তিনি আরো বলেন, সমাজে আর্থিক দিক দিয়ে পিছিয়ে পড়া মেয়েরা এই কলেজের মাধ্যমে স্বল্প খরচে তাঁরা তাদের স্বপ্নপূরণ করে আজ তারা সমাজের মধ্যে প্রতিষ্ঠিত হতে পেরেছে।

এই কলেজের ডিরেক্টর জানান, আমরা শুধুমাত্র নার্সিং কোর্স করাই না, তার সঙ্গে সঙ্গে কোর্স শেষে 100% Placement-এর ব্যবস্থা করে দিয়ে থাকি। আমার এই কলেজের শিক্ষার্থীরা তাঁরা প্রত্যেকে শিক্ষিকাদের সঙ্গে বন্ধুর মতো মিশে থাকে, ফলে তাদের পড়াশুনায় কোনো অসুবিধা হয় না ও ছাত্রীরা 100% সুরক্ষিত থাকে। বিগত দিনের পাশ করা ছাত্রীরা প্রত্যেকে আজ কর্মরত। তিনি আরো জানান, নার্সিং শুধুমাত্র পেশাদারি কোর্স নয়, নিজেকে মানব সেবায় নিয়োজিত করে মানব সমাজে একজন প্রতিষ্ঠিত ব্যক্তি হিসাবে পরিচিত পাওয়া।

সর্বপরি একথা বলব যে সমাজ কল্যাণ নার্সিং কলেজ ছাত্রীদেরকে শুধু স্বপ্ন দেখায় না তাঁর স্বপ্নকে বাস্তবায়িত করার কাজে সর্বদা নিয়োজিত। আরো বিশদে জানতে যোগাযোগ : সমাজ কল্যাণ নার্সিং ইনস্টিটিউট, ওয়েবসাইট : www.skni.ac.in ফোন : 8240990039, 8759717177.

## ইন্ডিয়ান অয়েলে এক্সিকিউটিভ

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেড 'এক্সিকিউটিভ' পদে কিছু লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : (১) গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার, গ্রেড-এ, (২) অফিসার মার্কেটিং, গ্রেড-এ, (৩) অফিসার (ল), গ্রেড-এ, (৪) অ্যাসিস্ট্যান্ট কোয়ালিটি কন্ট্রোল অফিসার, গ্রেড-এও, (৫) ডিপ্লোমা ইঞ্জিনিয়ার, গ্রেড-ইও। কারা কোন পদের জন্য যোগ্য :

**গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার, গ্রেড-এ :** নেওয়া হবে এইসব শাখায় : কেমিক্যাল, সিভিল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, মেকানিক্যাল। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি (বি.ই. / বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬৫% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**অফিসার মার্কেটিং, গ্রেড-এ :** এম.বি.এ. / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা (মার্কেটিং ম্যানেজমেন্ট) কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**অফিসার (ল), গ্রেড-এ :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আইনের ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। আইনের ৫ বছরের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর পেয়ে থাকতে হবে। মূল মাইনে : ৫০,০০০-১,৬০,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট কোয়ালিটি কন্ট্রোল অফিসার :** কেমিস্ট্রি, ইনঅর্গানিক কেমিস্ট্রি, অর্গানিক কেমিস্ট্রি, অ্যানালিটিক্যাল কেমিস্ট্রি, ফিজিক্যাল কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, ইন্ডাস্ট্রিয়াল কেমিস্ট্রির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী ৫৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

**ডিপ্লোমা ইঞ্জিনিয়ার :** নেওয়া হবে এইসব ট্রেডে : ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সেফটি। ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল)-এর ডিপ্লোমা কোর্স পাশরা 'ইলেক্ট্রিক্যাল' শাখার জন্য যোগ্য। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা 'মেকানিক্যাল' শাখার জন্য যোগ্য। ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ইন্ডাস্ট্রিয়াল সেফটির ডিপ্লোমা কোর্স পাশ হলে 'সেফটি' ট্রেডের জন্য যোগ্য। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ১-৭-২০২৬'এর হিসাবে। গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার, ডিপ্লোমা ইঞ্জিনিয়ার পদের বেলায় বয়স হতে হবে ২৬ বছরের মধ্যে, অফিসার (মার্কেটিং) পদের বেলায় ২৮ বছরের মধ্যে আর ল' অফিসার ও অ্যাসিস্ট্যান্ট কোয়ালিটি কন্ট্রোল অফিসার পদের বেলায় ৩০ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে ২৪ সেপ্টেম্বর। অ্যাডমিট কার্ড দেওয়া হবে ১৫ সেপ্টেম্বর। কম্পিউটার বেসড টেস্টে ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-২০টি, লজিক্যাল রিজনিং -১৫টি, ভার্বাল এবিলিটি অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ -১৫টি, ডোমেন নলেজ -৫০টি। সময় থাকবে ১৫০ মিনিট। পরীক্ষা হবে কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। সফল হলে গ্রুপ ডিসকাশন ও গ্রুপ টাস্ক। এরপর ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.iocl.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করার সময় লাইভ ফটো ক্যাপচার করতে হবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।




## স্কুল সার্ভিসের ১,৬০০ সুপার নিউমেরারি পদ খারিজ করল আদালত

উচ্চ প্রাথমিকে শারীরশিক্ষা ও কর্মশিক্ষা বিষয়ে ১,৬০০টি অতিরিক্ত শূন্যপদ বা, সুপার নিউমেরারি পদ তৈরি করেছিল আগের সরকার। ১৯ আগস্ট কলকাতা হাই কোর্টের বিচার বিশ্বজিৎ বসু জানান, কর্মশিক্ষার জন্য ৭৫০টি ও শারীরশিক্ষার জন্য ৮৫০টি নতুন শূন্যপদ তৈরি করে কাউন্সেলিংয়ের মাধ্যমে প্রার্থীদের নিয়োগের সুপারিশপত্র দেওয়া হয়েছিল, তা বেআইনি। তাই ওই সুপারি নিউমেরারি শূন্যপদ প্রত্যাহার করা হল। এই মামলার পরবর্তী শুনানি হবে ৫ সেপ্টেম্বর।

# এস.বি.আইয়ের জুনিয়র অ্যাসোসিয়েট পদের পরীক্ষায় কীভাবে সফল হবেন

*'গ্লোবাল ফরচুন ৫০০' কোম্পানির মধ্যে অন্যতম ও দেশের সর্বোচ্চ ফিনান্সিয়াল এস্টাবলিশমেন্ট, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (SBI), 'জুনিয়র অ্যাসোসিয়েট -ক্ল্যারিকাল ক্যাডার' পদে ৯,৭৬৬ জনকে নিয়োগ করবে। বিজ্ঞপ্তি ইতিমধ্যেই বেরিয়ে গেছে। অনলাইনে আবেদন নেওয়া হচ্ছে। চলবে ৩১ আগস্ট পর্যন্ত। প্রিলিমিনারি পরীক্ষা হবে সেপ্টেম্বরে। আর মেইন পরীক্ষা হবে নভেম্বরে। অর্থাৎ হাতে আছে আর মাত্র কয়েক সপ্তাহ। আর এই অল্প সময়ের মধ্যে এই অত্যন্ত 'হাই স্কোরিং' প্রিলিমিনারি পরীক্ষায় সফল হয়ে দেশের সেরা ব্যাঙ্কে চাকরি পাওয়ার স্বপ্ন কীভাবে সফল করবেন তার টিপস নিয়ে আলোচনা করছেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক ড. সমিত রায়

**ফরম ফিলাপ ও গুরুত্বপূর্ণ তারিখ :** আবেদনের শেষ তারিখ : ৩১ আগস্ট ২০২৬।

**আবেদন ফী :** জেনারেল, OBC ও EWS প্রার্থীদের জন্য ৭৫০ টাকা। SC, ST ও PwBD প্রার্থীদের কোনো ফি লাগবে না।

SBI Clerk (Junior Associate) পরীক্ষার জন্য স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া মোট ৯,৭৬৬টি শূন্যপদ (Vacancy) ঘোষণা করেছে। এর মধ্যে ৭,৬৮০টি নিয়মিত (Regular) ও ২,০৮৬টি ব্যাকলগ (Backlog) শূন্যপদ রয়েছে। এছাড়াও, তফশিলি জাতি/উপজাতি ও ওবিসিদের জন্য আলাদাভাবে একটি স্পেশাল ড্রাইভের মাধ্যমে আরও ১,৫৩৮টি ব্যাকলগ শূন্যপদ ঘোষণা করা হয়েছে।

**পশ্চিমবঙ্গ সার্কেলের শূন্যপদ (West Bengal Vacancy)**
**ভাষা:** বাংলা/নেপালি মোট শূন্যপদ: ৭৭৫টি। এরমধ্যে নিয়মিত পদ (Regular) : ৫৫৫টি ও ব্যাকলগ পদ (Backlog) : ২২০টি (যার মধ্যে SC/ST/OBC, PwBD ও এক্স-সার্ভিসম্যান অন্তর্ভুক্ত)।

**পরীক্ষার ধাপ :** প্রিলিমিনারি পরীক্ষা, মেইন পরীক্ষা ও স্থানীয় ভাষা দক্ষতা পরীক্ষা (LPT) (যে রাজ্যে আবেদন করছেন সেই রাজ্যের ভাষা যদি মাতৃভাষা না হয়)। এই পদে কোনো ইন্টারভিউ নেই।

**যোগ্যতা ও বয়সসীমা :**

**শিক্ষাগত যোগ্যতা:** যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শাখায় স্নাতক (Graduation) ডিগ্রি থাকতে হবে। ফাইনাল ইয়ারের ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, তবে শর্ত থাকে যে তাদের ডিগ্রি অর্জনের প্রমাণ ২০২৬ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে দেখাতে হবে।

**বয়সসীমা :** প্রার্থীর বয়স ১ এপ্রিল ২০২৬ অনুযায়ী ২০ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ, জন্ম ২ এপ্রিল ১৯৯৮ থেকে ১ এপ্রিল ২০০৬-এর মধ্যে হতে হবে। বয়সের ছাড় : সরকারি নিয়ম অনুযায়ী SC/ST প্রার্থীরা ৫ বছর, OBC প্রার্থীরা ৩ বছর ও PwBD প্রার্থীরা ১০ থেকে ১৫ বছর পর্যন্ত বয়সের ছাড় পাবেন।

**পরীক্ষার সিলেবাস ও প্যাটার্ন:**

**প্রিলিমিনারি পরীক্ষা (১০০ নম্বর - ১ ঘণ্টা) :** ইংরিজি ভাষা (৩০ প্রশ্ন, ৩০ নম্বর) নিউমেরিকাল এবিলিটি/কোয়ান্টিটেটিভ এপ্টিটিউড (৩৫ প্রশ্ন, ৩৫ নম্বর) রিজনিং এবিলিটি (৩৫ প্রশ্ন, ৩৫ নম্বর)

**মেইন পরীক্ষা (২০০ নম্বর - ২ ঘণ্টা ৪০ মিনিট) :** জেনারেল/ফিন্যান্সিয়াল অ্যাওয়ারনেস (৫০ প্রশ্ন, ৫০ নম্বর) জেনারেল ইংলিশ (৪০ প্রশ্ন, ৪০ নম্বর) কোয়ান্টিটেটিভ এপ্টিটিউড (৫০ প্রশ্ন, ৫০ নম্বর) রিজনিং এবিলিটি ও কম্পিউটার অ্যাপ্টিটিউড (৫০ প্রশ্ন, ৬০ নম্বর)

**নেগেটিভ মার্কিং :** প্রতিটি ভুল উত্তরের জন্য ১/৪ নম্বর কাটা হবে।

**প্রস্তুতি কৌশল:**

প্রিলিমিনারি পরীক্ষার জন্য মক টেস্ট নিয়মিত অনুশীলন করুন।

**বেসিক কনসেপ্ট :** গণিত ও রিজনিংয়ের শর্টকাট পদ্ধতি আয়ত্ত করুন।

**কারেন্ট অ্যাফেয়ার্স :** মেইন পরীক্ষার জন্য শেষ ৬ মাসের ব্যাঙ্কিং ও কারেন্ট অ্যাফেয়ার্স নিয়মিত পড়ুন।

**ভাষা দক্ষতা :** যে রাজ্যের জন্য আবেদন করছেন, সেখানকার স্থানীয় ভাষা (যেমন পশ্চিমবঙ্গের জন্য বাংলা) লেখা ও বলার দক্ষতা থাকা আবশ্যক।

**পরীক্ষার সিলেবাস :**

সাধারণ ও আর্থিক সচেতনতা (General/Financial Awareness) -

**কারেন্ট অ্যাফেয়ার্স :** বিগত ৬ মাসের জাতীয় ও আন্তর্জাতিক গুরুত্বপূর্ণ ঘটনাবলী, পুরস্কার, চুক্তি, খেলাধুলো ও সামিট।

**ব্যাঙ্কিং সচেতনতা :** আরবিআই (RBI)-এর কার্যাবলী, মনেটারি পলিসি ও ব্যাঙ্কিং টার্মিনোলজি।

**সরকারি প্রকল্প :** কেন্দ্রীয় সরকারের সাম্প্রতিক স্কিম ও বাজেট বরাদ্দ।

**স্ট্যাটিক জিকে (Static GK) :** বিভিন্ন দেশের রাজধানী, মুদ্রা, সদর দফতর ও জাতীয় উদ্যান।

কোয়ান্টিটেটিভ অ্যাপটিটিউড (Quantitative Aptitude) - তথ্য বিশ্লেষণ (Advanced DI) : কেসলেট (Caselet), রাডার গ্রাফ ও মিসিং ডেটা।

তথ্য পর্যাপ্ততা (Data Sufficiency) ও পরিমাণ তুলনা (Quantity I vs Quantity II)।

**অ্যাডভান্স পাটিগণিত :** সম্ভাব্যতা (Probability), বিন্যাস ও সমাবেশ (Permutation Combination), ও পরিমিতি (Mensuration)।

**রিজনিং এবিলিটি ও কম্পিউটার অ্যাপটিটিউড -**

**রিজনিং :** জটিল ও মাল্টি-ভ্যারিয়েবল পাজল, ইনপুট-আউটপুট (Machine Input-Output), ও লজিকাল রিজনিং (বিবৃতি ও অনুমান)।

**কম্পিউটার অ্যাপটিটিউড :** কম্পিউটারের মৌলিক ধারণা, হার্ডওয়্যার ও সফ্টওয়্যার, অপারেটিং সিস্টেম, এমএস অফিস (Word, Excel, PowerPoint), ইন্টারনেট ও নেটওয়ার্ক সিকিউরিটি। (সরাসরি থিওরি প্রশ্নের চেয়ে কোডিং বা লজিকাল ধাঁধার মাধ্যমে এটি বেশি আসে)।

**ইংরিজি :**

**রিডিং কমপ্রিহেনশন (Reading Comprehension)** : অনুচ্ছেদ পড়ে প্রশ্নের উত্তর। ক্লোজ টেস্ট (Cloze Test) : শূন্যস্থান পূরণ সংবলিত অনুচ্ছেদ। এরর ডিটেকশন (Error Detection) : ব্যাকরণগত ভুল খোঁজা। বাক্য পুনর্গঠন (Sentence Rearrangement / Para Jumbles)।

**শব্দভাণ্ডার (Vocabulary) :** সমার্থক ও বিপরীতার্থক শব্দ, ফিল ইন দ্য ব্লাঙ্কস।

মেইন পরীক্ষায় রিডিং কমপ্রিহেনশন ও প্যারা জাম্বেলসের প্রশ্নের স্তর বেশ উচ্চমানের বা কঠিন হয়।

**চাকরির দায়িত্ব ও ভবিষ্যত কেরিয়ার :**

**দায়িত্ব :** গ্রাহকদের সেবা প্রদান, অ্যাকাউন্ট খোলা, ক্যাশ জমা ও উত্তোলন, চেক ক্লিয়ারিং ও ব্যাঙ্কের অন্যান্য প্রশাসনিক ও বিক্রয় সংক্রান্ত কাজ।

**বেতন ও সুযোগ-সুবিধা :** এসবিআই ক্লার্ক পদে প্রাথমিক মোট মাসিক বেতন প্রায় ৪৬,০০০ টাকা পর্যন্ত হতে পারে। ভবিষ্যত কেরিয়ার : ক্লার্ক পদে যোগদানের পর নির্দিষ্ট বছর অভিজ্ঞতা ও অভ্যন্তরীণ পরীক্ষার মাধ্যমে অফিসার (Scale-I, Scale-II ও তদূর্ধ্ব পদে) হিসেবে পদোন্নতির দারুণ সুযোগ থাকে।

ব্যাঙ্ক, রেল, কনস্টেবল, এসএসসি সিজিএল, ডব্লু.বি.সি.এস., এস.এস.সি, ইউ.পি.এস.সি.-সহ রাজ্য ও কেন্দ্রের অন্যান্য চাকরির পরীক্ষাতেও কীভাবে প্রস্তুতি নেবেন তা জানতে নির্দ্বিধায় ফোন করুন এই হেল্প লাইনে : 6292190230.

## ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে ৪১,৩২২ চাকরি

১ পাতার পর

অটোমেশনে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, এখন আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন বেসড ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের এই বিভাগে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৮,০০০ থেকে ১০,০০০ নিয়োগ হয় এই বিভাগে। কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ২,০০০ থেকে ২,৫০০ জনের নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৯ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই। আবার আজকের দিনে দাঁড়িয়ে যদি কেউ AI বেসড ডিজিটাল মার্কেটিংয়ের সঙ্গে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশন-এর ট্রেনিং নেয়, তাহলে সে শুরুতেই বছরে ৫ থেকে ৬ লাখ টাকা প্যাকেজের চাকরি পাবে।' বেসিক ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(i) SEO (Search Engine Optimization), (ii) SMM (Social Media Management), (iii) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। কিন্তু, গত কয়েক মাসে এই বিভাগে নিয়োগের ট্রেন্ড সম্পূর্ণরূপে বদলে গেছে। এখন রিক্রুটাররা খুঁজছে, তাদেরকে যাঁরা GenAI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ের সাথে অটোমেশনেও সমানভাবে দক্ষ। উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৪০ থেকে ৫০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে এক্ষেত্রে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' **SEO**-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। **SMO**-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এর পর **PPC**-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। কিন্তু এখন **AI Generalist** বা **AI Orchestrator** হিসাবে সবচেয়ে বেশি নিয়োগ হচ্ছে। ভবিষ্যতে এই ২ পদেই শুধুমাত্র নিয়োগ হবে বলে মনে করা হচ্ছে। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্য বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (২) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা যেখানে Agentic AI আলাদাভাবে শেখানো হয়। যাতে এখানকার ছেলেমেয়েরা খুব সহজেই **'Main Agent-Sub Agent' Model** খুব সহজেই তৈরি করাতে পারে। যা যেকোনো ভালো কোম্পানিতে তার নিয়োগ সুনিশ্চিত করবে। (৩) এখানে GenAI ইন্টিগ্রেটেড মার্কেটিং অটোমেশনের ওপর AI Prompting Tools এর ব্যবহার দেশের সেরা সেরা AI মডিউলেটরদের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ডিজিটাল মার্কেটিং এর জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয় যা অন্য কোথাও ভাবাই যায় না। যেমন **SEO**-র জন্য SEMrush বা Google Keyword Planner বা Ubersuggest-এর মত সফটওয়্যার টুলস আবার **SMM**-এর জন্য Buffer বা Hootsuite-এর মতো আপডেটেড মডিফিকেশন সফটওয়্যারে কাজ শেখানো হয়। (৪) এই প্রতিষ্ঠানের আরেকটি অনন্য দিক হল একমাত্র এখানেই Implementing Marketing Automation এর এমন সব টুলস (Gohighlevel 1 & 2, WP Automation, E-mail Automation) শেখানো হয় জানা থাকলে দেশের সেরা সেরা টেক জায়েন্ট যেমন TCS, Wipro, IBM, Cognizant, Capgemini-র ডিজিটাল টিম আপনাকে ডেকে চাকরি দেবে। কারণ, খুব কম সংস্থায় এই হাই লেভেল মার্কেটিং কোর্স শেখানো হয়। আর এই কোর্স শেখা থাকলে শুরুতেই মাইনে হবে নিজের মর্জি মাফিক। এই কোর্স করা থাকলে মোটামুটি শুরুতেই বছরে পাওয়া যাবে ৫,০০,০০০ থেকে ৬,০০,০০০ টাকার আকর্ষনীয় পে-প্যাকেজ। (৫) একমাত্র এখানে AI বেসড ডিজিটাল মার্কেটিং-এর জন্য অন্যতম গুরুত্বপূর্ণ টুলস Chat GPT মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৬) এছাড়াও, এই কোর্সের মধ্যে ওয়েব ডেভেলপমেন্টের সবচেয়ে মডিফায়েড মডিউলও (Shopify / Wix / Word Press) শেখানো হয় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেকনিক্যাল জায়েন্ট Google, Meta ও HubSpot-এর মতো কোম্পানির স্ট্র্যাটেজিক টাই-আপ থাকায় এখান থেকে পাশ করলে **Google Ad Specialisation, Meta Ad Specialisation, HubSpot Ad Specialisation** এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালুরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায় — যা অন্য কোথাও হয় না। (৮) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। যা ২ বছর পর বেড়ে মাসে ৬০,০০০ টাকা হয়। (৯) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১০) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। বিভিন্ন ধরনের ডিজিটাল মার্কেটিং সফটওয়্যার টুলস (অ্যাপ ও ওয়েবসাইট ফ্রেন্ডলি) হাতে কলমে এমনভাবে শেখানো হয়, যাতে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে সুপ্রতিষ্ঠিত করতে পারে ও নামিদামি কোম্পানিতে সর্বোচ্চ স্যালারি প্যাকেজ পায়। (১১) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১২) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৩) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৪) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। পরে আরো ৩ মাসের মধ্যে বছরে ৫,০০,০০০ টাকা থেকে ৬,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি ৩ মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে ৩,০০০ থেকে ৪,০০০ চাকরি**

# পেশাদারী প্যারামেডিকেল কোর্সে কেরিয়ারের শিখরে পৌছানোর মাইলস্টোন কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজ

ডাঃ কে. আর অধিকারী একটি নাম, একটি প্রতিষ্ঠান, তাঁর আদর্শে ২০০৩ সালে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদন নিয়ে গঠিত এই প্যারামেডিকেল কলেজের মূল মন্ত্র "Be a professional, job will search you"। এখানে ২০২৬-২৭ সেশনে ভর্তি শুরু হয়েছে। ৩০ জুন পর্যন্ত ভর্তির ক্ষেত্রে কিছু বিশেষ সুযোগ দেওয়া হচে ছ। যেমন (১) ভর্তির ক্ষেত্রে প্রতিটি ছাত্রছাত্রীর জন্য রয়েছে ভর্তি-ফি তে বিশেষ ছাড় (২) মেধাবী ছাত্রছাত্রীদের জন্য রয়েছে বিশেষ স্কলারশিপের সুযোগ (৩) প্রতিটি ছাত্রছাত্রীদের জন্য রয়েছে বিনামূল্যে DIGITAL HEALTH & TELEMEDICINE এর Short term সার্টিফিকেট কোর্স। পশ্চিমবঙ্গের প্রথম প্যারামেডিকেল কলেজ ডাঃ কে. আর. অধিকারী কলেজ তার জন্মলগ্ন থেকেই বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য ১০০%শতাংশ চাকুরীর উপযোগী সহজলভ্য বিভিন্ন প্যারামেডিকেল কোর্স করাচে ছ। আর্টস ও কমার্সের ছাত্রছাত্রীরাও এই কোর্সগুলি করতে পারবে, তবে সেক্ষেত্রে তাদের ১ বছরের একটি ব্রিজ কোর্স মূল কোর্সের পাশাপাশি করতে হবে এবং এর জন্য অতিরিক্ত সময় লাগবে না।

বর্তমান স্বাস্থ্যপরিষেবায় চাহিদা অনুযায়ী উচ চ মাধ্যমিক পাশ করার পর কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত বিভিন্ন Allied Health Sciences কোর্সগুলি কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে করানো হচে ছ। ২ বছর ও ৬ মাসের ইনটার্নশিপ মেয়াদের বিভিন্ন ডিপ্লোমা কোর্সগুলি হল Optometry (চক্ষু পরীক্ষক), O.T. (অপারেশন থিয়েটার), C.C.T. (ক্রিটিক্যাল কেয়ার), D.M.L.T. (প্যাথোলজী), D.M.R.T. (রেডিওলজী), Dialysis (ডায়ালাইসিস), D.P.T. (ফিজিওথেরাপী), D.P.A.&E.D. (ফিজিসিয়ান অ্যাসিস্টেন্ট), E.C.G.&P.F.T. (ই.সি.জি. & পি.এফ.টি.), Anaesthesis (অ্যানাসথেসিয়া), Dental Technology & Hygiene (ডেন্টাল হাইজিন)।

এছাড়া বিজ্ঞান বিভাগের স্নাতক স্তরের ছাত্র-ছাত্রীরা ১ বছর ও ৬ মাস ইনটার্নশিপ মেয়াদের P.G. (Post-graduate) ডিপ্লোমার বিভিন্ন আকর্ষণীয় Allied Health Sciences কোর্সগুলি করে উচ চ বেতনে স্বাস্থ্যক্ষেত্রে চাকুরীর জন্য বিবেচিত হতে পারেন। এইধরনের বিভিন্ন কোর্সগুলি যেমন P.G.D.M.L.T. (প্যাথোলজী), P.G.D.M.R.T. (রেডিওলজী), P.G.D.O.T.T. (অপারেশন থিয়েটার), P.G.D.D.T. (ডায়ালাইসিস), P.G.D.C.C.T. (ক্রিটিক্যাল কেয়ার), P.G.D.G.C.T. (জেরিয়েট্রিক কেয়ার), P.G.D.H.A. (হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন) করতে পারেন।

যারা মাধ্যমিক পাশ করেছেন অথচ যেকোন কারণেই হোক পরবর্তী ক্ষেত্রে আর উচ চশিক্ষার সুযোগ হয়ে ওঠেনি তাদের ক্ষেত্রেও স্বাস্থ্যপরিষেবায় পেশাদারীত্বের বিভিন্ন চাকুরীর উপযোগী বিশ্ববিদ্যালয় অনুমদিত কোর্স রয়েছে কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে। তার মধ্যে যেমন রয়েছে C.M.S.&E.D. (কমিউনিটি হেলথ & এসেন্সিয়াল ড্রাগ) কোর্সটি করে গ্রামীণ স্বাস্থ্যকর্মী হিসেবে নিজেকে প্রতিষ্ঠিত করার সুবর্ণ সুযোগ। এছাড়া Sanitary Inspector (স্যানীটারী ইন্সপেক্টর), Basic Practical Nursing (বেসিক প্র্যাকটিক্যাল নার্সিং), Phlebotomy (ব্লাড কালেকটর), Basic Physiotherapy (বেসিক ফিজিওথেরাপী), E.C.G. (সার্টিফিকেট ই.সি.জি.), Radiography Assistant (অ্যাসিস্টেন্ট রেডিওগ্রাফী); Yoga & Exercise (যোগা & এক্সারসাইজ) এইসকল কোর্সগুলি করে নিয়ে নিজেকে প্রতিষ্ঠিত করার সুযোগ।

২০০৩ সাল থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত যে সকল ছাত্র-ছাত্রীরা বিভিন্ন কোর্স পাশ করেছেন তারা আজ বিভিন্ন কেন্দ্রীয় সরকারী ও রাজ্য সরকারী হাসপাতালগুলিতে উচ চপদে কর্মরত। তার মধ্যে কেন্দ্রীয় সরকারের অধীন বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগ, ইসার (ISSER), বি.আর.সিং হাসপাতাল, AIIMS ভুবনেশ্বর, AIIMS কল্যাণী ইত্যাদি ও রাজ্য সরকারের অধীন বিভিন্ন গ্রামীণ হাসপাতাল, রাজ্য সাধারণ হাসপাতাল, সাব-ডিভিসন হাসপাতাল, এন.আর.এস. মেডিকেল কলেজ হাসপাতাল, উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতাল, বাঁকুড়া মেডিকেল কলেজ হাসপাতাল, বীরভূম মেডিকেল কলেজ হাসপাতাল, জে.এন.এম. মেডিকেল কলেজ হাসপাতাল, বাঙ্গুর ইন্সটিটিউট অফ নিউরোলজী ইত্যাদি জায়গায় কর্মরত। এছাড়া কোলকাতার রুবী জেনারেল হাসপাতাল, মণিপাল হাসপাতাল, ডিসান হাসপাতাল, চার্ণক হাসপাতাল, বি.এম.আর.আই, অ্যাপোলো গ্লিনেগ্লেস হাসপাতাল, সুশ্রুত আই হাসপাতাল, দিশা আই হাসপাতাল, রোটারী আই হাসপাতাল, লেন্সকার্ট আই প্লাস, টাইটান আই কেয়ার, ডাঃ লাল প্যাথল্যাব, সিরাম ডায়গনস্টিক ও মফঃস্বলে ছড়িয়ে ছিটিয়ে থাকা বিভিন্ন ডায়গনস্টিক সেন্টার গুলিতে উচ চবেতনে কর্মরত।

কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজে পাঠ চলাকালীন বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে ও কলেজের নিজস্ব ও.পি.ডি. তে হাতেকলমে কাজ শেখার জন্য উন্নতমানের ট্রেনিং এর ব্যবস্থা আছে ও এছাড়াও রয়েছে বিভিন্ন সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল, এস.ডি. হাসপাতাল ও রাজ্য সাধারণ হাসপাতালগুলিতে ৬ মাসের ইনটার্নশিপের সুযোগ।

পরিশেষে বলতেই হয় ছাত্র-ছাত্রীদের কর্মসংস্থানের জন্য ডাঃ কে. আর. অধিকারী কলেজের প্লেসমেন্ট সেল সত্যিই প্রশংসনীয়। এইজন্যই সকল অভিভাবক-অভিভাবিকাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি আর কালবিলম্ব না করে অতিস্বত্বর যোগাযোগ করুন কল্যাণীর ডাঃ কে. আর. অধিকারী কলেজ অফ অপটোমেট্রি এন্ড প্যারামেডিকেল টেকনোলজীর একমাত্র ক্যাম্পাস WEBEL IT Park (Phase-II), Kalyani, Nadia, 741235 (near Buddha Park) অথবা 9339218894 / 9477425536 / 8100149510 এই নম্বরগুলিতে যোগাযোগ করে বিস্তারিত জানার জন্য নিজেদের নাম লিপিবদ্ধ করুন।

# প্রতি ৩ মাসে কয়েকশো চাকরি দিয়ে অনন্য নজির গড়ল ডিসান অ্যাকাডেমি

**প্রমা দাস, সল্টলেক:** রাজ্য জুড়ে যেখানে চাকরির উপযোগী ঠিকঠাক শিক্ষার ঘাটতি প্রকট, সেখানে যে সংস্থা গত কয়েক বছর ধরে আইটি বা সফটওয়্যার ক্ষেত্রে কয়েকশো চাকরি দিয়ে এক অনন্য নজির তৈরি করেছে — সেটি হল ডিসান অ্যাকাডেমি (Desun Academy)। সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য আশার আলো জ্বালিয়েছে এই সংস্থা। সাধারণভাবে উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা এখান থেকে ট্রেনিং নিয়ে আজকে দেশের নামি দামি আইটি ও সফটওয়্যার সংস্থায় মোটা পে-প্যাকেজে কর্মরত। কিভাবে এই অসম্ভবকে, সম্ভবে পরিণত করা গেল? উত্তরে সংস্থার সিইও অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন আমাদের প্রতিষ্ঠানের একটাই লক্ষ্য। যোগ্য কিন্তু ঠিকঠাক মতো সুযোগ পাচ্ছে না, এমন ছেলেমেয়েদের খুঁজে, তাদের চাকরির উপযোগী ট্রেনিং দিয়ে ভালো মাইনের প্লেসমেন্ট দেওয়া। এই উদ্দেশ্যেই ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation)-এর পথ চলা শুরু। চাকরি মানুষ পায় দক্ষতা, আত্মবিশ্বাস ও ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং-এর মাধ্যমে। আজ এককথা নির্দ্বিধায় বলা যায় যে, এই সবকটি বিভাগেই, আমরা দেশের মধ্যে অন্যতম সেরা। তাই এখান থেকে পাশ করলে কেউ বসে থাকে না। একসঙ্গে ২ থেকে ৩টি অফার লেটার পায়। এটাই এখানকার ট্রেন্ড।' ডিজিটাল মার্কেটিং বিভাগে এখানকার ছেলেমেয়েদের সাফল্য প্রশ্নাতীত।

> **সমাজে পিছিয়ে পড়া, কিন্তু যোগ্য ছেলেমেয়েদের নিয়ে অনন্য নজির তৈরি করা এই সংস্থায় ট্রেনিং নিলে চাকরি পাবেনই।**

কয়েকটি উদাহরণ দিলেই সহজেই তা বোঝা যাবে। এখানকার ছাত্রী **রিয়া কারক**-এর কথাই ধরা যাক। ২০২৩ সালে জার্নালিজম ও মাসকমিউনিকেশন-এ গ্র্যাজুয়েশনে পাশ করে দীর্ঘ ২ বছর বেকার ছিল। পরীক্ষা দিচ্ছিল, কিন্তু সিলেক্টেড হচ্ছিল না। ১ বছর আগে সেই মেয়ে ডিসানে ট্রেনিং নিতে আসে। ভর্তি হয় **SEO** কোর্সে। খুব গর্বের সঙ্গে জানাচ্ছি, আর্টস (B.A.) ব্যাকগ্রাউন্ড থাকা সত্ত্বেও আজকে রিয়া একটি খুব নামী বহুজাতিক সংস্থায় হ্যান্ডসাম পে-প্যাকেজ -এ চাকরি করছে। আবার এখানকার ছাত্র **রবিকান্ত সিং** সাধারণভাবে ইতিহাস নিয়ে আর্টস গ্র্যাজুয়েট ছিল। ২ বছর ধরে বিভিন্ন ধরনের কোর্স করে যখন চাকরি পাওয়ার আশা একদম ছেড়েই দিয়েছে তখন ডিসানে আসে। ভর্তি হয় **Digital Marketing**-এ। কোর্স ছিল ৯ মাসের। বললে বিশ্বাস করবেন না, আজকে ছেলেটি একটি বহুজাতিক সংস্থায় বছরে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি করছে। অর্থাৎ একটা জিনিস পরিষ্কার **আইটিতে চাকরি পেতে গেলে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো বাধ্যবাধকতা নেই**। এখানকার ছাত্র **অরুপ্রিয় মন্ডল**-এর কথাই ধরা যাক। টেকনো ইন্ডিয়া থেকে কম্পিউটার অ্যাপ্লিকেশন নিয়ে গ্র্যাজুয়েশন (বিসিএ) করার পরেও কোথাও কোনো চাকরি পাচ্ছিল না। নিজের ওপর বিশ্বাস হারিয়ে ফেলেছিল। এরকম অবস্থায় ডিসানে ভর্তি হয়। এখানে **MERN Stack** কোর্সে ভর্তি হয়। ৬ মাসের ট্রেনিং শেষে আজকে সে **TCS**-এ কর্মরত। এখন সে যা **হ্যান্ডসাম পে-প্যাকেজ** পাচ্ছে তা তার ব্যাচমেটদের মধ্যে কেউ পায় না। আবার এখানকার ছাত্রী **সুকন্যা পাল**, হসপিটাল ম্যানেজমেন্টে বিবিএ করার পর এমবিএ ডিগ্রি নিয়েও সবকটি চাকরির ইন্টারভিউতেই ব্যর্থ হয়। তারপর ভর্তি হয় ডিসানে। এখানে **হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (HR)** -এর ওপর ট্রেনিং ও ইন্টার্নশিপের পর আজকে মাসে **হ্যান্ডসাম প্যাকেজ** পাচ্ছে সে। এখানকারই আরেকজন ছাত্রী **কুহেলি দত্ত**। বি.টেক করে HR নিয়ে এমবিএ পাশ করার পরেও কোথাও ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিল না। তার জীবন তখন দুর্বিষহ হয়ে পড়েছিল। এরকম অবস্থায় ডিসান ইনস্টিটিউটের কথা জানতে পারে। এখানকার **HR** ট্রেনিংয়ে ভর্তি হওয়ার পর আজকে সে একটি বড় কোম্পানিতে ইন্টার্ন হিসাবে কর্মরত। স্টাইপেন্ড হিসাবে সে একটি **হ্যান্ডসাম প্যাকেজ পাচ্ছে**। এখানকারই ছাত্র **সুদীপ্ত পাল** এক অনন্য নজির তৈরি করেছে। এখান থেকে ট্রেনিং নিয়ে, আজকে বেঙ্গালুরুতে **Trainee Developer** হিসাবে বছরে ৬,০০,০০০ **টাকার** পে প্যাকেজ পাচ্ছে সে। আবার বি.টেক করার পর কোনো চাকরি না পেয়ে আত্মবিশ্বাস হারিয়ে ডিসানে কাউন্সেলিং করাতে এসেছিল **অমিত ব্যানার্জী**। এখান থেকে ট্রেনিং নিয়ে আজ বছরে **৩,৬০,০০০ টাকার প্যাকেজে** কলকাতায় সফটওয়্যার কোম্পানিতে উচ্চ পদে কর্মরত। আবার বিগত কয়েক মাসে **দীপক মজুমদার** (জুনিয়ার UI/UX হিসাবে টেকসফট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **গোপাল বিশ্বাস** (জুনিয়ার ওয়েব ডিজাইনার হিসাবে ওয়ার্ল্ড ওয়াইড ইনফোটেক স্যালারি প্যাকেজ : ৩,৪০,০০০/-টাকা); **অর্ণব রায়** (জুনিয়ার গ্রাফিক্স ডিজাইনার হিসাবে টেকট্রি সিস্টেম প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা); **শ্রেয়া রায়** (জুনিয়ার UI/UX হিসাবে সুইফ্‌ট প্রা. লি. স্যালারি প্যাকেজ : ৩,০০,০০০/-টাকা)-এর মতো অনেকেই আছে, যাঁরা খুব সাধারণ যোগ্যতায় শুধুমাত্র ডিসানের ঠিকঠাক মত গাইডেন্স ও ট্রেনিংয়ের জোরে এখানে ভরতি হওয়ার ৬ থেকে ৯ মাসের মধ্যে চাকরি পাওয়ার স্বপ্ন সার্থক করে নামী সংস্থায় কর্মরত। ডিসান অ্যাকাডেমির এইরকম অজস্র সাফল্যের রহস্য কী? উত্তরে অর্ঘ্য জানালেন, '(১) এখানে ছেলেমেয়েরা ইন্ডাস্ট্রির সেরা সেরা প্রফেশনালসদের কাছ থেকে সরাসরি ট্রেনিং পায়, (২) প্রতিটি কোর্সের শেষে থাকে পেইড ইন্টার্নশিপ, (৩) এই প্রতিষ্ঠান চাকরির আশ্বাস নয় — গ্যারান্টি দেয়। তাই এখানে ভর্তির সময় সরাসরি বলে দেওয়া হয় আপনার কমিটমেন্ট থাকলে, চাকরি না পেলে মানিব্যাক গ্যারান্টি দেওয়া হবে, (৪) এখানে সমাজের পিছিয়ে পড়া কিন্তু যোগ্য ছেলেমেয়েদের জন্য স্কলারশিপের ব্যবস্থা আছে। এই স্কলারশিপ দেওয়া হয় ডিসান টেক ফাউন্ডেশন (Desun Tech Foundation) এর তরফ থেকে, (৫) AI বেসড আপডেটেড ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড কোর্স কারিকুলাম, (৬) এখানে সফটসস্কিলের ওপর আলাদাভাবে গুরুত্ব দেওয়া হয়। তাই মক ইন্টারভিউ সেশন, প্রফেশনাল CV লেখা ও রিভিউ, LinkedIn ও অন্যান্য জব পোর্টাল প্রোফাইল বিল্ডআপ, কমিউনিকেশন স্কিল ও পার্সোনালিটি ডেভেলপমেন্টের ওপর আলাদা আলাদা ক্লাস নেওয়া হয়।' জি২৪ ঘন্টার, 'এক্সিলেন্স ইন হাই পে ইন জব ইন আইটি অ্যাকাডেমি' পুরস্কার বা টিভি৯ বাংলা থেকে 'ব্র্যান্ডস অফ বেঙ্গল এক্সিলেন্স ইন জব ওরিয়েন্টেড স্কিল বেসড এডুকেশন' বা 'বেঙ্গল বিজনেস এক্সিলেন্স অ্যাওয়ার্ড -এক্সিলেন্স ইন ট্রেনিং অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট' এর মতো প্রথম সারির পুরস্কার পাওয়া এই প্রতিষ্ঠান আজ দেশের মধ্যে আইটি ও সফটওয়্যার ক্ষেত্রে ট্রেনিং প্রোভাইডার হিসাবে অন্যতম সেরা। উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ করে যাঁরা বসে আছেন, বা যাঁরা ভাবছেন তাঁদের দ্বারা কিছু হবে না বা পয়সার অভাবে যাঁরা কি করবেন ভেবে পাচ্ছেন না, তাঁরা সময় নষ্ট না করে সুনিশ্চিত চাকরি পেয়ে নিজের পায়ে দাঁড়াতে আজই ডিসান অ্যাকাডেমির সঙ্গে যোগাযোগ করুন এই নম্বরে ফোন করুন : 9429691888.


**মিশনের সেবামূলক কাজে কর্মী চাই**

বিজ্ঞপ্তি

বারাকপুর রামকৃষ্ণ বিবেকানন্দ মিশনের বিভিন্ন শাখায় সেবামূলক কাজের জন্য পূজারী (পুরুষ ও মহিলা), ওয়েন্ডার (ঝালাই-এর কাজ জানে), রাঁধুনী (Cook), ড্রাইভার, ইলেকট্রিসিয়ান চাই। যোগাযোগ : E-mail-rkvmsecretary@gmail.com বা 033-2592-0547

স্বামী নিত্যরূপানন্দ
সম্পাদক

**শিক্ষক চাই**

বিশ্বশুক সেবাশ্রম সংঘ পরিচালিত ছাত্রাবাসের জন্য সেবা মনোভাবাপন্ন আবাসিক শিক্ষক চাই। যোগ্যতা : ন্যূনতম উঃ মাধ্যমিক। বয়স : ৪০-৫০ এর মধ্যে। আগামী ৫ সেপ্টেম্বর'২৬-এর মধ্যে বায়োডাটা সরাসরি বা পোস্টে পৌঁছানো চাই।

সম্পাদক
বিশ্বশুক সেবাশ্রম সংঘ
ঠাকুর শুকদেব সরণি (চুনারীপাড়া)
পোঃ ইছাপুর-নবাবগঞ্জ
উঃ ২৪ পরগনা, পিন- ৭৪৩১৪৪
মো : 8902051200 (12 noon to 3 pm)

**seacom GROUP**

**URGENTLY REQUIRED**

- Office Assistant (Qualification - Graduate with Computer Knowledge)
- Interior Designer
- Electrician
- Peon
- Carpenter
- Plumber
- LMV Driver

Posting - Kolkata, New Town, Dhulagarh and Bolpur

- Hookah Maker
- KST
- Room Service
- Service Boy
- Biryani & Chaap - Cook
- Outdoor Counter Receptionist

Posting - Kolkata and Bolpur

Mail your CV to : jobatseacom@gmail.com

**PAILAN COLLEGE OF EDUCATION**

(A NAAC Accredited College approved by NCTE & Affiliated to BSAEU)

Pailan Park Housing Project, Phase -I, Amgachia Road, Off Diamond Harbour Road, Near IIM Joka, PO: Pailan, Kolkata, West Bengal 700104

**RECRUITMENT NOTICE**

Applications are invited from interested candidates with good academic records, experienced and excellent communication skill for the following positions of the college for B.Ed & M.Ed programme.

1. **Principal:** As per the NCTE norms
2. **Assistant Professor in** Bengali(1), English(1), Geography(1), History(1), Life Science (1), Physical Science(1), Mathematics (1), Commerce(1), Computer Science (1), Political Science (1), Education (1), Foundation(4), Health and Physical Education(1) Art and Craft (1), Music(1).
3. **Professor For M.Ed (2 Nos.):** As per the NCTE norms.
4. **Associate Professor For M.Ed (2 Nos.):** As per the NCTE norms.
5. **Assistant Professor For M.Ed(6 Nos.):** As per the NCTE norms.

**Salary: As per industry standard, commensurate with experience.**
**Interested candidates may apply within 7days by email to:** hr@pailangroup.com

## কলকাতার ১২৩টি আইটি কোম্পানিতে

# ৪০,০১৮ GenAI বেসড UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার

**পল্লবী দেওয়ান, সল্টলেক :** কলকাতার ১২৩টি আইটি ও সফটওয়্যার রিলেটেড সার্ভিসেস কোম্পানিতে ২৫,০০৩ 'GenAI বেসড UI/UX ডিজাইনার' ও ১৫,০১৩ 'GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার' ছেলেমেয়ে লাগবে।

**পদ :** GenAI বেসড UI/UX ডিজাইনার।

যেকোনো শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, যেকোনো শাখার গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা।

**পদ :** GenAI বেসড প্রোডাক্ট ডিজাইনার।

বিজ্ঞান শাখা নিয়ে উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এছাড়াও, সায়েন্স গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। এর সঙ্গে কম্পিউটারের অ্যাডভান্সড ট্রেনিং থাকতে হবে। শুরুতে মাইনে হবে মাসে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা।

**উভয় পদে আবেদনের জন্য টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ডের কোনো প্রয়োজন নেই। বয়স হতে হবে ৩১.০৮.২০২৬ এর হিসাবে ৩০ বছরের মধ্যে।**

**ট্রেনিং কত দিনের ও কোথা থেকে নেবেন :** এই বিপুল সংখ্যক পোস্টে আবেদনের জন্য ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে, সামনের ৯ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেনই, তা জানতে আমরা কথা বলেছিলাম এই নিয়োগের দায়িত্বে থাকা রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার সিইও ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'আমাদের রাজ্যে একমাত্র তথ্যপ্রযুক্তি (IT) ক্ষেত্রেই সারা বছর ধরে নিয়োগ চলে। শুধুমাত্র শেষ ৩ মাসেই (এপ্রিল-জুন) রাজ্যের সিলিকন ভ্যালি তথা কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় কমবেশি ৫৪,০০০ নিয়োগ হয়েছে। আর এই নিয়োগের বেশিরভাগটাই হয়েছে **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এই ২ পদে।' এর কারণ কি? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'আজকের প্রযুক্তি নির্ভর দুনিয়ায় সবচেয়ে গুরুত্ব দেওয়া হয় ডিজাইনিংয়ের ক্ষেত্রে — তা সে অ্যাপই হোক বা ওয়েবসাইট। কথায় বলে, 'প্যাহলে দর্শনধারী, বাদ মে গুণ বিচারি'। অর্থাৎ ওয়েবসাইট বা অ্যাপ দেখে সাধারণ মানুষ যাতে আকৃষ্ট হয়, ডিজাইনারকে সবচেয়ে আগে সেটাই মাথায় রাখতে হবে। তবেই বাড়বে ইউজারের সংখ্যা। আর তবেই বাড়বে অ্যাপটির ডাউনলোডিং ট্র্যাফিকের পরিমাণ — যা অ্যাপটিকে গুগল প্লে স্টোর বা অ্যাপেল প্লে স্টোরে পপুলার করবে। আর এইখানেই লাগবে **UI/UX Designer.** অ্যাপের এই দেখনদারি কেমন হবে তা ঠিক করে দেবে ইউজার ইন্টারফেজ ডিজাইনার। অর্থাৎ অ্যাপ বা ওয়েবসাইটটি কেমন দেখতে হবে, কোথায় কোন রঙ থাকবে, কেমন হবে ডিজাইন, লেখায় কোন হরফ ব্যবহার করলে তা ডিজিটালি মানুষকে আকৃষ্ট করবে (অর্থাৎ পেজে বেশি সময় ধরে ইউজার থাকবে) — এই সব ধরনের টেকনিক্যাল ইনপুটস, পরিকল্পনাই করবে **UI/UX Designer.** অন্যদিকে আজকের যুগে দাঁড়িয়ে, এমন কোনো কোম্পানি নেই যেখানে **UI/UX Designer** লাগে না। একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ৬০টি থেকে ৭০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। **UI (User Interface) / UX (User Experience) ডিজাইন জিনিসটা ঠিক কী?** UI ডিজাইন, অ্যাপ / ওয়েবসাইটের চেহারা (যেমন রঙ, ফন্ট, লেআউট) নিয়ে কাজ করে। আর UX ডিজাইন, ইউজার বা ব্যবহারকারীর অভিজ্ঞতাকে সহজ ও কার্যকর করে তোলে — যা Figma, Adobe XD-এর মত সফটওয়্যার বা টুলস ব্যবহার করে ওয়্যারফ্রেমিং, প্রোটোটাইপিং ও ইউজার টেস্টিং শেখানো হয়। আবার এখনকার AI যুগে শুধুমাত্র UI/UX Designer থাকলেই হবে না — আবার ওই টিমে Product Designer ও থাকতে হবে। এখন এই **Product Designer**-এর কাজটা কি? একটা উদাহরণ দিলে ব্যাপারটা সহজেই বোঝা যাবে। ভাবুন, আপনাকে একটা ফুড ডেলিভারি অ্যাপ ডিজাইন করার কথা বলা হল। **UI/UX Designer**-রা ওই অ্যাপের আউটলুক অর্থাৎ রঙ, ফন্ট, লেআউট ইত্যাদি এমনভাবে তৈরি করল, যাতে সেটা খুবই আকর্ষনীয় হয়। কিন্তু এখানেই কাজ শেষ হয় না। অ্যাপটিকে কিভাবে জনপ্রিয় করা যায় — সেই গুরুত্বপূর্ণ ধাপটাই নির্ভর করে **Product Designer**-এর কাজের ওপর। **Product Designer** মূলত অ্যাপটির সর্বগ্রহণযোগ্যতা, জনপ্রিয়তা ও ইউজার ফ্রেন্ডলিনেস নিয়ে কাজ করে। সোজা বাংলায় বলতে গেলে Product Designer অ্যাপটি ব্যবহারের ক্ষেত্রে ইউজারের সমস্যা মেটাতে বা অ্যাপটির ফিচার কিরকম হবে বা অ্যাপটির ইউজার ফ্লো ও ওয়্যার ফ্রেমস, ইন্টারফেস ডিজাইন ও সর্বোপরি ডেভেলপার ও প্রোডাক্ট ম্যানেজারের সাথে সংযোগ স্থাপন করে অ্যাপটিকে সর্বাধিক জনপ্রিয় করার ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অর্থাৎ এক কথায় এই ট্রেনিংয়ের মাধ্যমে ওয়েব ও মোবাইল অ্যাপ ডিজাইন করার দক্ষতা অর্জন করা যায়। সোজা কথায় বলতে গেলে ডিজিটাল পন্যের মার্কেটিং এই ট্রেনিং ছাড়া সম্ভব নয় — তাই দেশ বিদেশের প্রতিটি কোম্পানিতে এই বিশেষ ধরণের স্কিলড প্রফেশনালসদের চাহিদা এত বেশি। সেইজন্য সারাবছর ধরে এই বিশেষ সেকশানের জন্য এত বেশি সংখ্যক লোক লাগে। naukri.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে গ্রাফিক্স ডিজাইনিংয়ের ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।'

> **শুধুমাত্র উচ্চমাধ্যমিক যোগ্যতায় কোনো টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই ৯ মাসের মধ্যে বছরে ৩,০০,০০০ টাকা থেকে ৪,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৭০টি থেকে ৮০টি কোম্পানিতে এই ২ পদে কয়েকশো চাকরি**

**এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে?**

উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ — (১) একমাত্র এখানেই GenAI বেসড UI/UX Designer ও Product Designer-এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। **শুধুমাত্র উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়ে অথবা কমার্স / আর্টস / বিজ্ঞান / বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা অন্য যেকোনো বিষয়ের নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েটরাও** এই ট্রেনিং নিতে পারবেন। সঙ্গে শুধুমাত্র কম্পিউটারের ওপর অ্যাডভান্সড কোর্স করা থাকলেই **কোনো ধরনের টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড ছাড়াই**, যেকোনো মধ্য মেধার ছেলেমেয়ে আবেদনের জন্য যোগ্য। (২) এখানে ডিজাইনিংয়ের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ সেকশন অর্থাৎ **'ইউজার ইন্টারফেজ (UI)'** (যে বিভাগে সারা বছর ধরে সবথেকে বেশি নিয়োগ হয়) এর ওপর আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। কোনো দ্রব্যের প্যাকেজিং-ই বলুন কিংবা যেকোনো ব্যানার, লিফলেটের ডিজাইন অথবা লোগো ডিজাইন — সব ব্যাপারেই লাগবে এই ধরনের প্রফেশনালসদের। অর্থাৎ ডিজিটালি যা কিছু কনটেন্ট লাগবে তা ডেভেলপ করতে হলে, বা প্রোডাক্টের ওপর লেখা কীরকম দেখতে হবে বা ডিজাইন কেমন হলে তা সহজেই সবার চোখ টানবে — তা শেখানো হয় এই ট্রেনিংয়ের মাধ্যমে। যা অন্য কোথাও আলাদাভাবে শেখানো হয় না। (৩) একমাত্র এখানেই **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer** এর ওপর ৬ - ৯ মাসের অ্যাডভান্সড ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এই সময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এছাড়াও একমাত্র এখানেই GenAI বেসড ওয়েব ডিজাইনিংয়ের অন্যতম গুরুত্বপূর্ণ টুলস ChatGPT, Gemini, Claude মডেল দেশের সেরা সেরা AI বেসড প্রফেশনালসদের দিয়ে শেখানো হয়। তাই এখান থেকে পাশ করা ছেলেমেয়েরা, দেশের প্রথম সারির আইটি কোম্পানিতে সহজেই চাকরি পায়। (৫) একমাত্র এই প্রতিষ্ঠানেই UI / UX ডিজাইনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Interactive Element', 'Minimalistic & Clean Design', 'Customised Mobile Friendly Design', 'Contrasting Colour'**-এর ব্যবহার আলাদাভাবে শেখানো হয়। আবার প্রোডাক্ট ডিজাইনিংয়ের ক্ষেত্রে এই ইন্ডাস্ট্রির সবচেয়ে গুরুত্বপূর্ণ ফিচার যেমন **'Undertand the problem', 'Research Users', 'Create User Flows', 'Develop Wireframes', 'Design UI", 'Build Prototypes', 'Launch', 'Measure & Improve'** এর ব্যবহার বিশেষভাবে শেখানো হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজাইনিং কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এটি রাজ্যের একমাত্র আইটি লার্নিং সংস্থা, যেখানে ওয়েব ডিজাইনিংয়ের ওপর AI Prompting Tools (Figma AI, Galileo AI, FramerAI, Notion AI, MiroAI) এর ব্যবহার দেশের সেরা সেরা AI Modulator-দের থেকে শেখানো হয়। এছাড়াও এখানে ওয়েব ডিজাইনিংয়ের জন্য ইন্ডাস্ট্রির সবচেয়ে মডিফায়েড ও আপডেটেড AI সফটওয়্যারে কাজ শেখানো হয়, যা অন্য কোথাও ভাবাই যায় না। (৭) আমাদের ট্রেনিংয়ে Figma, Sketch, Adobe PS, Squarespace, Adobe Dreamweaver, Adobe Illustrator, Canva, Adobe XD, Adobe Primier Pro, Adobe After Effects, Relume, Midjourney, Uizard এর মতো অত্যন্ত উন্নত ও আপডেটেড সফটওয়্যারে কাজ শেখানো হয়। এছাড়াও, এই কোর্সের মধ্যে এই ট্রেন্ডের সবচেয়ে মডিফায়েড মডিউল যেমন, Shopify, Wix বা Webflow -র মতো আইটি ইন্ডাস্ট্রির সবচেয়ে চালু ও উন্নত Drag & Drop HTML builder-এ কাজ শেখানো হয় — যা আমাদের রাজ্যে আর কোথাও ভাবাই যায় না। (৮) এছাড়াও এখানে ইন্ডাস্ট্রির সবচেয়ে উন্নত **১০টির ওপর AI বেসড Prompt Command Tools** শেখানো হয়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৯) একমাত্র এখানেই GenAI বেসড UI / UX ডিজাইনিং ও প্রোডাক্ট ডিজাইনিং একসঙ্গে শিখে 'কেরিয়ার এনহ্যান্সমেন্টে'র অভিনব সুযোগ আছে। অর্থাৎ, এখানে যাঁরা **UI / UX ডিজাইনিং** (শুরুতে মাইনে ১২,০০০/- - ১৫,০০০/- টাকা) ট্রেনিং-এর থেকে আরো ভালো প্যাকেজের চাকরি চান, তাঁরা **প্রোডাক্ট ডিজাইনিং** ট্রেনিংও নিতে পারেন (তখন মাইনে হবে ৩৩,০০০/- - ৬৫,০০০/- টাকা) — এই সুযোগ অন্য কোথাও পাবেন না। এছাড়াও এই ট্রেনিং নেওয়া থাকলে ইন্ডাস্ট্রিতে আপনার কদর অনেকটাই বেড়ে যাবে। কারণ আপনি তখন, 'UI / UX ডিজাইনার' অথবা 'প্রোডাক্ট ডিজাইনার' দু'ভাবেই, যেকোনো বড় কর্পোরেট বা আইটি সংস্থায় উঁচু পদের জন্য সহজেই আবেদন করতে পারবেন। (১০) এখানে টেকনিক্যাল ব্যাকগ্রাউন্ড নেই অর্থাৎ শুধুমাত্র উচ্চ মাধ্যমিক বা গ্র্যাজুয়েটপাশ ছেলেমেয়েদের জন্য আলাদাভাবে প্রশিক্ষণ দেওয়া হয়। তাদের জন্য **'No Code, Low Code'** এর মতো অভিনব কারিকুলাম করা আছে, যাতে তারা খুব সহজেই এই ট্রেনিং নিতে পারে। (১১) আমাদের সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। শুরুতেই মাইনে হয় মাসে ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা। (১২) আইটি ইন্ডাস্ট্রির ক্ষেত্রে সবচেয়ে ভালো প্যাকেজ পাওয়া যায় যদি প্রার্থীর কাছে গ্লোবাল সার্টিফিকেশন থাকে। এক্ষেত্রেও এই প্রতিষ্ঠানের সাথে গ্লোবাল টেক জায়েন্ট Shopify এর মতো কোম্পানি স্ট্র্যাটেজিক পার্টনারশিপ টাই আপ থাকায় এখান থেকে পাশ করলে Shopify Global Partnership Certification এর মতো গুরুত্বপূর্ণ সার্টিফিকেট পাওয়া যায়। ফলে এখানকার ছেলেমেয়েরা ট্রেনিং পিরিয়ডেই বেঙ্গালউরু বা হায়দরাবাদের মতো জায়গায় বহুজাতিক আইটি ও সফটওয়্যার সংস্থায় ভালো প্যাকেজের চাকরি সহজেই পায়। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায় তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (১৩) আমাদের এখানে সেরা সেরা **GenAI based UI/UX Designer** ও **GenAI based Product Designer**'রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (১৪) এই ট্রেনিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেইন্ড করে এখানকার ছেলেমেয়েরা UI/UX ডিজাইনার ও প্রোডাক্ট ডিজাইনার হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (১৫) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১৬) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' (১৮) একমাত্র এখানেই কোর্স ফি-র ওপর (পুরোটা একসাথে জমা দিলে) স্কলারশিপের ব্যবস্থা আছে— যা অন্য কোথাও নেই। তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ভালো পে-প্যাকেজ অর্থাৎ ২৫,০০০ থেকে ৩৫,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৯ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 অথবা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

## এমপ্রয়িজ প্রভিডেন্ট ফান্ডে ৮০

১ পাতার পর

অ্যাডমিনিস্ট্রেশন-এর ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, মেধাবী খেলোয়াড় আর বিভাগীয় প্রার্থীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে পে ম্যাট্রিক্স লেভেল ১০ অনুযায়ী। শূন্যপদ : ৮০ (জেনাঃ ২৯, ই.ডব্লু.এস. ৮, ও.বি.সি. ১৮, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ১০)। এর মধ্যে প্রতিবন্ধী ৩টি। শুরুতে ২ বছরের প্রবেশন। চাকরি হবে নিউ দিল্লিতে। এই পদের ভ্যাকান্সি নং : 26085201722.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য প্রথমে লিখিত পরীক্ষা (পেন ও পেপার বেসড) হবে। ২ ঘন্টার লিখিত পরীক্ষায় থাকবে অবজেক্টিভ টাইপের প্রশ্ন। নেগেটিভ মার্কিং আছে। সফল হলে ১০০ নম্বরের ইন্টারভিউ। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর, পটনা, রাঁচী, গ্যাংটক, আগরতলা, জোড়হাট, সম্বলপুর। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস ওয়েবসাইটে পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং ৫২/২০২৬।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://upsconline.nic.in প্রথমে ফটো, সিগনেচার ও আই.ডি. প্রুফ স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ডাকবিভাগে সরাসরি এজেন্ট

১ পাতার পর

ছেলেমেয়েরা ন্যূনতম ১৮ বছর বয়স থাকলে আবেদন করতে পারেন। সর্বাধিক বয়সের কোনো কড়াকড়ি নেই। বেকার ছেলেমেয়ে, স্বনির্ভর, জীবনবিমার প্রাক্তন এজেন্ট, অঙ্গনওয়াড়ী কর্মী, মহিলা মন্ডল ওয়ার্কার, প্রাক্তন সমব্রকর্মী, অবসরপ্রাপ্ত স্কুল শিক্ষক, অবসরপ্রাপ্ত গ্রাম পঞ্চায়েত প্রধান ইত্যাদি শ্রেণির প্রার্থীরা আবেদন করতে পারেন। কমিশন ভিত্তিক কাজ। মনোনীত হলে সিকিউরিটি ডিপোজিট বাবদ কিছু টাকা জমা রাখতে হবে।

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ হবে ৮ সেপ্টেম্বর, বেলা সাড়ে ১০টায়। তখন সঙ্গে নিয়ে যাবেন নিজের পুরো বায়োডাটা, বয়স, শিক্ষাগত যোগ্যতা, আধার কার্ডের মূল প্রমাণপত্র ও জেরক্স কপি আর ৫ কপি পাশপোর্ট মাপের ফটো। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : Sr. Superintendent of Post Offices, East Kolkata Division, New Town AC-1, Kolkata -163. Ph: 9051371122.

## আইটি ইন্ডাস্ট্রিতে চাকরি পেয়ে অনন্য নজির

# মাত্র ১ বছরের ট্রেনিংয়ে সাধারণ গ্র্যাজুয়েট থেকে আমি ভালো মাইনের চাকরি পেলাম কীভাবে



আমি অর্পিত চক্রবর্তী। গ্র্যাজুয়েশন পাশ করার পর সবার মতো আমিও চাকরি খুঁজছিলাম। চাকরি পেয়েওছিলাম। একটি নামী ইন্সুরেন্স কোম্পানিতে চাকরি করছিলাম। কিন্তু কিছুদিন ওখানে থাকার পরই বুঝেছিলাম, কোনো গ্রোথ নেই। তাই আমি ইউটিউবে বিভিন্ন ধরনের প্রফেশনাল কোর্স খুঁজছিলাম। কোনোটাই মনঃপূত হচ্ছিল না। আমি প্রত্যেক সপ্তাহে বাড়িতে **কর্মসংস্থান** কাগজ রাখতাম। কোথায় কি ধরনের চাকরি রয়েছে বা কি ধরনের প্রফেশনাল কোর্স পড়লে কিছু দিনের মধ্যে নিশ্চিত চাকরি পাওয়া যাবে — সেই ব্যাপারে **কর্মসংস্থান** থেকে সবটাই জানতে পারতাম। ওই কাগজেই দেখলাম কলকাতার একটি ডিজিটাল মার্কেটিং ট্রেনিং সংস্থা (NIHT) এর কথা। খবরে দেওয়া নম্বরে ফোন করলাম। ওঁনারা অফিসে যেতে বললেন। প্রথমেই ওখানে প্রায় ঘণ্টাখানেক আমার কাউন্সিলিং করা হল। আমি তখন জানালাম যে, আমি ইন্সুরেন্স সেক্টরে আছি। কোনো ভাবেই আমার পক্ষে চাকরি ছেড়ে ট্রেনিং নেওয়া সম্ভব নয়। ওখানকার কাউন্সিলাররা জানালেন — আপনাকে চাকরি ছাড়তে হবে না। আমাদের এখানে প্রফেশনাল কোর্সের ট্রেনিং এমনভাবে দেওয়া হয় যাতে কারো কোনো অসুবিধা না হয়। আমার ব্যাকগ্রাউন্ড দেখে ওনারা ডিজিটাল মার্কেটিং কোর্সে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দিলেন। আমি ৩টি ব্যাপার দেখে ভর্তি হলাম। প্রথমত এখানে একদম গোড়া থেকে ডিজিটাল মার্কেটিং শেখানো হবে। দ্বিতীয়ত কোর্স ফি সাধ্যের মধ্যে। তৃতীয়ত প্লেসমেন্টের ব্যাপারে সবটুকু (ডিজিটাল সিভি তৈরি করা থেকে শুরু করে ইন্টারভিউ পর্যন্ত পুরো জার্নিটা) সাহায্য করা। একটা ব্যাপারে আমি প্রথম থেকেই সচেতন ছিলাম। ২০১৬ সালে আমার বাবা মারা যান। স্বভাবতই তখন থেকেই আমাকে পুরো সংসার টানতে হয়। তাই কোনো ধরনের হঠকারিতার জায়গা ছিল না আমার। কিছু দিন পরেই বুঝেছিলাম আমি ঠিক সিদ্ধান্তই নিয়েছি। এখানে মূলত প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হয়। আমাকে Social Media Content Creation, SEO, Performance Marketing, GenAI/Automation Expert এর মতো মডিউল শেখানো হয়। ডিজিটাল মার্কেটিং কোর্সের পুরোটাই প্র্যাক্টিক্যাল বেস। যতই আপনি থিওরি ভালো জানুন না কেন, যতক্ষন না পর্যন্ত প্র্যাক্টিক্যালি আপনি সেটাকে প্রয়োগ করা শিখছেন ততক্ষণ পর্যন্ত চাকরির বাজারে আপনার কোনো দাম নেই। আর ঠিক এই ব্যাপারেই NIHT অদ্বিতীয়। যেকোনো ধরনের সমস্যায় এখানকার ফ্যাকাল্টি সম্পূর্ণভাবে আমাকে সাপোর্ট করেছে। ভরসা জুগিয়েছে — যাই হোক না কেন — আমি পারবোই। ঠিক ৯ মাস পর থেকে আমি বিভিন্ন জায়গায় চাকরির ইন্টারভিউ দিতে থাকি। প্রথমে আমি ইন্টারভিউ ক্র্যাক করতে পারছিলাম না। ধৈর্য্য ধরে প্রতিটি ইন্টারভিউয়ে কি ভুল হয়েছে তা সঙ্গে সঙ্গে বুঝিয়ে দিয়েছে আমার মেন্টর। অবশেষে একদিন ঠিক আমি ইন্টারভিউ ক্র্যাক করলাম। কোর্সে ভর্তি হওয়ার ঠিক এক বছর পর আজ আমি সোশ্যাল মিডিয়া এক্সিকিউটিভ হিসাবে কলকাতার একটি নামী সংস্থায় কর্মরত। এখন আমি যা মাইনে পাই — ১ বছর আগেও আমি তা ভাবতে পারতাম না। এখানকার ট্রেনিংয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক হল — একবার এখানে ঢুকলে চাকরি আপনি পাবেনই।

**NIHT-তে ঠিক কী ধরনের ট্রেনিং দেওয়া হয় যাতে আমার মতো সবাই এখান থেকে চাকরি পায়?**

(১) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল — যা এখন দেশের মধ্যে অন্যতম সেরা ইন্ডাস্ট্রি-ফ্রেন্ডলি ডিজিটাল প্রোগ্রাম। (২) এখানে Google Ads, Meta Ads আর YouTube Ads শেখানো হয়— যাতে এখানকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, এখানে ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এখানে ট্রেনিদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখানকার ডিজিটাল প্রোগ্রামে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। (৭) এখানকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৮) এখানকার ট্রেনিরা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বিভিন্ন লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখানকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৯) এছাড়াও এখানে রয়েছে 'লাইভ পডকাস্ট স্টুডিও' যাতে ট্রেনিরা 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। আমার মতো যদি তোমারও একটু সাহস করে, নিজের ওপর বিশ্বাস রেখে, ঠিক ১ বছরের মধ্যে স্বপ্নের চাকরি পেতে চাও, তাহলে অবশ্যই যোগাযোগ করো এই ফোন নম্বরে : 9830501515 / 9903622993.

## কেন্দ্রীয় সংস্থায় ১,৩৪৫ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। সিভিল ২টি (জেনাঃ ১, ও.বি.সি ১)। ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স অ্যান্ড অন্যান্য শাখা ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**মহীশউরু কমপ্লেক্সে** — মেকানিক্যাল ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। অটোমোবাইল ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স অ্যান্ড অন্যান্য শাখা ১টি (জেনাঃ)।

**কে.জি.এফ. কমপ্লেক্সে** — মেকানিক্যাল ২১টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। অটোমোবাইল ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। সিভিল ২টি (জেনাঃ ১, ও.বি.সি ১)। ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স অ্যান্ড অন্যান্য শাখা ১০টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**পালাক্কাদ কমপ্লেক্সে** — মেকানিক্যাল ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১টি (জেনাঃ)। সিভিল ১টি (জেনাঃ)। ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স অ্যান্ড অন্যান্য শাখা ১টি (জেনাঃ)।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস** নেওয়া হবে এইসব ট্রেডে : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, সিভিল, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, অটোমোবাইল, ইনফর্মেশন সায়েন্স, ই অ্যান্ড টি, এ.আই. অ্যান্ড এম.এল., অ্যারোনটিক্যাল। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট বিষয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : **ব্যাঙ্গালোর কমপ্লেক্সে** — মেকানিক্যাল / অটোমোবাইল ৫১টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৪)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ২টি (জেনাঃ ১, ও.বি.সি.১)। সিভিল ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স ও অন্যান্য শাখা ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১)।

**মহীশউরু কমপ্লেক্সে** — মেকানিক্যাল ১২টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি.২, তঃজাঃ ১)। সিভিল ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স ও অন্যান্য শাখা ১০টি (জেনাঃ ৪, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১) ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১, অটোমোবাইল ২(জেনাঃ ১, ও.বি.সি. ১), আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। অ্যারোনটিক্যাল ২টি জেনাঃ ১, ও.বি.সি. ১)।

**কে.জি.এফ. কমপ্লেক্সে** — মেকানিক্যাল ২৫টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। সিভিল ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ইনফর্মেশন সায়েন্স / কম্পিউটার সায়েন্স ও,অন্যান্য শাখা ২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। অটোমোবাইল ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পালাক্কাদ কমপ্লেক্সে** — মেকানিক্যাল/ অটোমোবাইল ১২টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ১টি (জেনাঃ)।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (জেনারেল)** নেওয়া হবে এইসব ট্রেডে : বি.এসসি, বি.কম., বি.সি.এ., বি.বি.এ., বি.বি.এ. (এইচ.আর.)। সংশ্লিষ্ট বিষয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : **ব্যাঙ্গালোর কমপ্লেক্সে** — বি.বি.এ. ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। বি.কম. ১২টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। বি.সি.এ. / বি.এস.সি. /বি.বি.এ. ১৩টি (জেনাঃ ৭, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

**মহীশউরু**— বি.বি.এ. ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। বি.এ. ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। বি.কম. ১টি (জেনাঃ)। বি.সি.এ. ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**পালাক্কাদ কমপ্লেক্সে**— বি.বি.এ. ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। বি.কম. ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। বি.সি.এ. / বি.এস.সি. আই.টি. /বি.বি.এ. ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**আই.টি.আই. অ্যাপ্রেন্টিস** নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার, টার্নার, মেশিনিস্ট, ইলেক্ট্রিশিয়ান, সি.ও.পি.এ., মেকানিক ডিজেল, কার্পেন্টার, টি.ডি.এম., শীট মেটাল, প্লাম্বার, এম.এ.ই.ই., এম.এম.ভি., ইলেক্ট্রনিক মেকানিক। আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট বিষয়ের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ৯,৬০০-১০,৫৬০ টাকা। শূন্যপদ : ব্যাঙ্গালোর কমপ্লেক্সে — কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ১২টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রিশিয়ান ৪৫টি (জেনাঃ ২৩, ও.বি.সি. ১২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩)। ফিটার ১২৩টি (জেনাঃ ৬৩, ও.বি.সি. ৩৩, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯)। মেশিনিস্ট ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। মেকানিক ডিজেল ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। টার্নার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ওয়েল্ডার ৩৬টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ১০, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩)। **মহীশউরু কমপ্লেক্সে** — কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ইলেক্ট্রিশিয়ান ২৩টি (জেনাঃ ১৩, ও.বি.সি. ৬, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)। ইলেক্ট্রনিক অ্যান্ড মেকানিক ২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। ফিটার ৫৬টি (জেনাঃ ২৭, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৬)। মেশিনিস্ট ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মেকানিক অটো ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মেকানিক ডিজেল ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। মেকানিক মোটর ভেহিক্যাল ১১টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। টার্নার ১৩টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ওয়েল্ডার ২১টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৬, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)।

**কে.জি.এফ. কমপ্লেক্সে** — কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ৪৫টি (জেনাঃ ২৪, ও.বি.সি. ১২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩)। ইলেক্ট্রিশিয়ান ৫০টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩)। ফিটার ১৩৫টি (জেনাঃ ৭০, ও.বি.সি. ৩৭, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৯)। মেশিনিস্ট ৫৫টি (জেনাঃ ২৮, ও.বি.সি. ১৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪)। টুল অ্যান্ড ডাই মেকিং ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। মেকানিক ডিজেল ১৫টি (জেনাঃ ৮, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। কার্পেন্টার ২০টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১)। টার্নার ৯৫টি (জেনাঃ ৪৯, ও.বি.সি. ২৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৬)। ওয়েল্ডার ৮৫টি (জেনাঃ ৪৪, ও.বি.সি. ২৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬)।

**পালাক্কাদ কমপ্লেক্সে** — কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ১১টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ইলেক্ট্রিশিয়ান ১১টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। ফিটার ২৮টি (জেনাঃ ১৪, ও.বি.সি. ৮, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। প্লাম্বার ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। মেকানিক মোটর ভেহিক্যাল ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)। কার্পেন্টার ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. ১)। ওয়েল্ডার ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। শীট মেটাল ওয়ার্কার ২টি (জেনাঃ ১, ও.বি.সি. ১)।

বয়স হতে হবে ন্যূনতম ১৭ বছর। ১ বছরের ট্রেনিং।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruitment.bemlindia.in

আই.টি.আই. ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : https://aprenticeshipindia.gov.in

ডিগ্রি বা, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় নাম নথিভুক্ত করবেন এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in


## PAILAN GROUP OF INSTITUTIONS

Celebrating 24 years of excellence as Eastern India's first integrated KG-to-PG campus under one roof!

Pailan Park Housing Project, Phase -I, Amgachia Road, Off Diamond Harbour Road, Near IIM Joka, PO: Pailan, Kolkata, West Bengal 700104

### RECRUITMENT NOTICE

Applications are invited from interested candidates with good academic record, excellent communication skills & experience for the following positions. PhD preferable for Associate Professor position. 1st class at Bachelor's or Master's level with 5 years experience in Teaching/ Industry.-

1. **Principal For B.Tech & Management Division:** Minimum of 15 years of experience in teaching, research, or industry, as per AICTE norms with Ph.D. Mandatory.
2. **Associate Prof & Assistant Prof (Hospitality):** Food Production / Food & Beverage Service / Housekeeping.
3. **Associate Prof & Assistant Prof - Hospital Management**
4. **Associate Prof & Assistant Prof - (MBA/BBA) Marketing, Finance & HR**
5. **Associate Prof & Assistant Prof B.Tech Division (CSE/ ECE/CE/EEE)**
6. **Training & Placement Officer:** Graduate from any recognized University with English medium background having 5 yrs relevant experience with good communication skills.
7. **Assistant Registrar:** 3-5 years of relevant administrative experience in educational institutions with Postgraduate degree in Management.
8. **Public Relations Officer :** Strong communication (written and verbal), Media relations, Marketing, Conflict resolution, Attention to detail, Interpersonal skills, Networking.
9. **Front Office Manager:** Managing staff, handling customer inquiries, resolving complaints, maintaining the cleanliness.

Salary: As per industry standard, commen-surate with experience.

Interested candidates may apply within 7days by email to: hr@pailangroup.com

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পাব্লিক সার্ভিসের

■ *পি.এস.সি. মিসলেনিয়াস সার্ভিসেস ২০২৪ সালের প্রিলিমিনারি পরীক্ষা কবে হবে? এই পরীক্ষার অ্যাডমিট কার্ড কবে থেকে ছাড়া হবে? এই পরীক্ষার বিস্তারিত সিলেবাস জানাবেন। — তপন বিশ্বাস, রানাঘাট, নদিয়া।*

■■ ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে ৪ অক্টোবর, বেলা ১২টা থেকে দেড়টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড দেওয়া হবে পরীক্ষার এক সপ্তাহ আগে থেকে। প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের একটি পেপার। মোট দেড় ঘন্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েজ-টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপে মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন থাকবে। সফল হলে ৪৫০ নম্বরের ফাইনাল পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) বাংলা বা, হিন্দি, (৩) জেনারেল স্টাডিজ অ্যান্ড অ্যারিথমেটিক। প্রথম ২টি পেপারের প্রতিটিতে থাকবে ১৫০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা করে। ইংরিজি বিষয়ে থাকবে : বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ, রিপোর্ট, প্রেসি (ভাবসংক্ষেপ) লেখা আর গ্রামারের মধ্যে থাকবে শব্দের সঠিক ব্যবহার, বাক্য সংশোধন, সাধারণ ফ্রেজের ব্যবহার, সমার্থক ও বিপরীতার্থক শব্দ। বাংলা বিষয়ে থাকবে : ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, রিপোর্ট, সারসংক্ষেপ লেখা আর গ্রামারের প্রশ্ন হবে। সব ক্ষেত্রে উচ্চমাধ্যমিক মানের ডেসক্রিপটিভ টাইপের প্রশ্ন হবে। তৃতীয় পেপারে জেনারেল স্টাডিজের ১০০ নম্বরের ও অ্যারিথমেটিকের ৫০ নম্বরের পরীক্ষা হবে। সময় আড়াই ঘন্টা। জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক গ্রুপের প্রশ্নের উত্তর বাংলায় দিতে পারবেন। পার্ট-টু পরীক্ষা হবে একই দিনে। সফল হলে ১০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট।

■ *অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল) পদের পরীক্ষা কবে হতে পারে? — দেবায়ন চৌধুরী, বর্ধমান, পূর্ব বর্ধমান।*

■■ পি.এস.সি.'র নতুন চেয়ারম্যান আসায় নিয়োগপ্রক্রিয়া শুরু হয়েছে। মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার তারিখ ঠিক হয়েছে। খুব শিগগিরই অন্যান্য পরীক্ষার তারিখ ঠিক হবে।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের চূড়ান্ত মেধা তালিকা কবে বেরোবে? — সোমা দাস, মছলন্দপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পুলিশের ২০২৪ সালের কনস্টেবল পদের মেধা তালিকা প্রকাশের ওপর ৩০ সেপ্টেম্বর পর্যন্ত অন্তর্বর্তী স্থগিতাদেশ জারি করল কলকাতা হাই কোর্ট। বিচারপতি অমৃতা সিনহার সিঙ্গেল বেঞ্চ ১৯ আগস্ট এক রায়ে এই স্থগিতাদেশ দেন। ১২ হাজার শূন্যপদের জন্য ২০২৫ সালে লিখিত পরীক্ষা ও শারীরিক সক্ষমতার পরীক্ষা হয়। তারপর এবছর জানুয়ারি-ফেব্রুয়ারিতে ইন্টারভিউ হয়। পুরো নিয়োগ প্রক্রিয়ায় যথাযথভাবে সংরক্ষণ প্রথা মানা হয়নি। নিয়োগ প্রক্রিয়া নিয়ে অনেক অভিযোগও ওঠে।

## প্রাইমারির

■ *সি-টেট পাশ করেছি। পশ্চিমবঙ্গের প্রাইমারি টিচার পদের ইন্টারভিউতে ডাক পাব কি? — মোহম্মদ জাহাঙ্গীর আলম, উত্তর দিনাজপুর। রনি সরকার, মালঞ্চ, মুর্শিদাবাদ। সরজিৎ সেন, বলরামপুর, কোচবিহার।*

■■ হ্যাঁ, পাবেন।

## অন্যান্য চাকরির

■ *ইন্টেলিজেন্স ব্যুরোয় অ্যাসিস্ট্যান্ট সেন্ট্রাল ইন্টেলিজেন্স অফিসার, গ্রেড-II/এক্সিকিউটিভ পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? এই পদের পরীক্ষা পদ্ধতি জানাবেন। — চিত্রা মোদক, বীরভূম।*

■■ ইন্টেলিজেন্স ব্যুরোয় অ্যাসিস্ট্যান্ট সেন্ট্রাল ইন্টেলিজেন্স অফিসার পদের বিজ্ঞপ্তি সাধারণত আগস্ট মাস নাগাদ বেরোয়। এবছরও আগস্ট-সেপ্টেম্বরে বিজ্ঞপ্তি বেরোবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে লিখিত পরীক্ষা হয় দু'টি পর্যায়ে। প্রথম পর্যায়ে ১০০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় এমসিকিউ প্রশ্ন হয় এই ৫টি বিষয়ে : কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল স্টাডিজ, নিউমেরিক্যাল অ্যাপ্টিটিউড, রিজনিং /লজিক্যাল অ্যাপ্টিটিউড, ইংলিশ। প্রতি পার্টে ২০টি প্রশ্ন থাকবে ও প্রতিটি প্রশ্নে থাকবে এক নম্বর। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পর্যায়ে ৫০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় ডেসক্রিপ্টিভ টাইপের প্রশ্ন হয় এইসব বিষয়ে : প্রবন্ধ লেখা (২০ নম্বর), ইংরিজি কমপ্রিহেনশন (১০ নম্বর), কারেন্ট অ্যাফেয়ার্স, অর্থনীতি, সোশিও পলিটিক্যাল ইস্যু সংক্রান্ত ২টি প্রশ্ন (২০ নম্বর)। প্রথম পার্টের পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ন্যূনতম কাট অফ নম্বর পেতে হবে। প্রথম পার্টে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ১০ গুণ প্রার্থীর নাম ধরে দ্বিতীয় পার্টের উত্তরপত্র মূল্যায়ন করা হবে। প্রথম ও দ্বিতীয় পার্টে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের ৫ গুণ প্রার্থীকে ১০০ নম্বরের ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। টায়ার-I, টায়ার-II ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা ও অপেক্ষমান তালিকা তৈরি হয়। বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন এই ওয়েবসাইটে : www.mha.gov.in, www.ncs.gov.in

# ব্যবসা

# ১০ হাজার টাকার পুঁজিতে জ্যাম, জেলি ও স্কোয়াশ তৈরির ব্যবসা

**সুমন সাফুই ও বিপ্লব সামন্ত, কর্ণধার, বি অ্যান্ড এস ফ্রুট প্রোডাক্টস**

আমরা ২ বন্ধুই উদ্যোগী হওয়ার স্বপ্ন দেখতাম। আশুতোষ কলেজে পড়ার সময় নিছক শখে রাজ্য সরকারের ফল-সব্জি সংরক্ষণের ট্রেনিং নিই। কলেজের পর দু'জনে ভিন্ন মেরুতে চাকরি পাই। একজন ব্যাঙ্কে কম্পিউটার অপারেটর অন্যজন জুতোর কারখানায় গুণগত মান পরীক্ষকের। কিন্তু অল্প দিনে হাঁপিয়ে উঠি। চাকরিতে সীমাহীন রোজগারের সুযোগ নেই। দাসত্ব থেকে মুক্তি পেতে ২০০৪ সালে ব্যবসার সিদ্ধান্ত নিই। ঠিক করি, খাদ্য-পণ্যের কারবার করব। মানুষ খেতে পছন্দ করে। বেসিক ট্রেনিং থাকার ফলে প্রক্রিয়াকরণের কারখানা করার উদ্যোগ নিই। মাত্র ১০ হাজার টাকার পুঁজি নিয়ে পথ চলা শুরু। পানারহাটে দু'টো ঘর নিই। দক্ষিণ ২৪ পরগনার বারুইপুর থেকে আম, আনারস, আপেল ও এজরা স্ট্রিট থেকে কাচের বোতল কিনে আনি। শ্রমিক নিয়ে সমস্যা হয়নি, স্থানীয় ছেলেরাই সাহায্যের হাত বাড়ায়। প্রথমে ৪০ বোতল জেলি তৈরি করে দু'রঙের লেভেল সেঁটে স্থানীয় এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিখরচায় পণ্য সরবরাহ করি। ক্রেতাদের বলি খেতে ভালো লাগলে তবেই কিনবেন। দারুণ সাড়া পাই। উৎসাহিত হয়ে আম, আনারসের জ্যাম বানাই। রাতে পণ্য তৈরি করে পরের দিন ভোরবেলা বাইকে করে বিক্রির জন্য বাড়ি বাড়ি ঘুরতাম। ক্রেতার চাহিদা অনুযায়ী এক ধরনের পণ্যে আটকে না থেকে স্কোয়াশ, শস বানাই। জলের দরে টম্যাটো কিনে ২০ কার্টুন অর্থাৎ ৪৮০ বোতল শস তৈরি করি। এবার বাড়ির পাশাপাশি বিভিন্ন দোকানগুলি ধরি। কারণ দোকানদারদের কাছে পৌঁছতে না পারলে কারবার করা যায় না। দোকানে দোকানে পণ্য বিপণনের জন্য ২ জন সেলসম্যানকে পণ্য পিছু ১৫%-২৫% কমিশনে নিয়োগ করি। বাজার ধরার জন্য দোকানদারদের ৪টি আইটেম পিছু ১টি বিনাপয়সায় দিতাম। খুব কম লাভে পণ্য বেচতাম। একই সঙ্গে বিভিন্ন মেলা-উৎসব ও খেলাধুলোয় নিজেদের পণ্যের প্রচার করি। ব্যবসা বাড়াতে তিন পর্যায়ে আরো ২০-৩০ হাজার টাকা লগ্নি করি। ২০০৫ সালের জানুয়ারিতে বেশি পরিমাণ পণ্য তৈরি ও সেইসঙ্গে গুণগত মান উন্নত করার জন্য ১টি ক্রাউন কর্ক, ১টি মিক্সার ও ১টি সিলিং মেশিন কিনি। মিক্সার মেশিনটি ডিজাইন করে নিজেরাই বানিয়ে নিই। প্যাকেজিং লেভেল করাই চার রঙের। জ্যাম-জেলি-স্কোয়াশের সঙ্গে আচার তৈরির উদ্যোগ নিই। আম, আনারস, কামরাঙা, আমড়া ইত্যাদি ১৭টি ফল দিয়ে বানাই মিশ্র আচার। বাটা মশলা দিয়ে প্রক্রিয়াকরণ করি। এমনভাবে তৈরি করি যাতে প্রতিটি ফলের স্বাদ পাওয়া যায়। অম্লনিরোধকের জন্য আচারে আমলকি, হরিতকী ও জোয়ানের ব্যবহার করি। ভাত, রুটি, মুড়ি সবকিছুর সঙ্গে খাওয়া যায়। এই সঙ্গে ভিনিগারও উৎপাদন করি। ব্যবসা বাড়াতে গত বছরের গোড়ায় প্রধানমন্ত্রী রোজগার যোজনা প্রকল্পে ৪ লাখ টাকা ঋণের জন্য আবেদন করি। প্রকল্প তৈরির ক্ষেত্রে সহযোগিতা করেন ডায়মন্ডহারবার ব্লক-২-এর আই.ডি.ও. স্বপনকুমার দে ও জেলা শিল্পকেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারিকরা। বছরখানেক পর ব্যাঙ্ক ডেকে পাঠায়। দু'জনকে ই.ডি.পি. ট্রেনিংয়ে পাঠানো হয়। জেলা শিল্পকেন্দ্রের ও ইন্টারন্যাশনাল কলেজের পরিচালনায় সংশ্লিষ্ট কলেজের গড়িয়াহাট শাখায় ট্রেনিং হয়। এখান থেকে ব্যবসার বাজার, নিয়ম-কানুন ইত্যাদি 'টেকনিক্যাল নো হাউ' শিখেছি। প্রধানমন্ত্রী রোজগার যোজনা প্রকল্পে ২ লাখ টাকা ঋণ মঞ্জুর হয়।

ওয়ার্কশপে এখন জ্যাম, জেলি, শস, ভিনিগার, আচার ইত্যাদি আইটেমের ৩২টি পণ্য তৈরি হয়। ৬ জন কাজ করেন, ৬টি মেশিন। রোজ গড়ে ১০০-১৫০ কেজি আচার ও দরকার অনুযায়ী অন্যান্য পণ্য তৈরি হয়। ব্যবসা বাড়ানোর লক্ষ্যে গোটা রাজ্য জুড়ে নেটওয়ার্ক গড়তে চাইছি। আগ্রহীরা এজেন্ট কিংবা সেলসম্যান হিসাবে যুক্ত হয়ে ভালো রোজগার করতে পারেন। বাড়ি বাড়ি বিক্রিতে ২৫%-৪৫% আর দোকানে বিপণনে ১৫%-২৫% কমিশন দেওয়া হয়।

হাতের কাছে পর্যাপ্ত কাঁচামালের যোগান থাকায় এ রাজ্যে ফলপ্রক্রিয়াকরণ শিল্প যথেষ্ট সম্ভাবনাময়। বাজার নিয়ে মাথা ঘামাতে হয় না। গুণগত মান ঠিক থাকলে নামী সংস্থার সঙ্গে পাল্লা দিয়ে টিকে থাকা সম্ভব। এই শিল্পের বিদেশে দুর্দান্ত বাজার আছে। রপ্তানির ক্ষেত্রে রাজ্য সরকার সহায়তা করে।

**উৎপাদনমূলক ব্যবস্থা শুরু করতে গেলে এইসব লাইসেন্স লাগে :** ট্রেড লাইসেন্স (পঞ্চায়েত/পুরসভা দেয়), ফ্রুট লাইসেন্স (খাদ্য দপ্তর দেয়), দূষণ লাইসেন্স (রাজ্য পরিবেশ দপ্তর দেয়), এফ.পি.ও. লাইসেন্স (খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তর দেয়), এস.এস.আই. রেজিস্ট্রেশন (ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তর দেয়)।

নতুন উদ্যোগীরা ১০ হাজার টাকার পুঁজি নিয়ে গড়তে পারেন ফল প্রক্রিয়াকরণের ক্ষুদ্র ইউনিট। প্রাথমিকভাবে জ্যাম-জেলি-স্কোয়াশ তৈরি দিয়ে শুরু করে পরে শস, আচার, ভিনিগার ইত্যাদি উৎপাদনে যেতে পারেন। আজকের দিনে শুধুমাত্র একটি আইটেম নিয়ে লড়াই করা যায় না। ক্রেতারা বিচিত্র স্বাদের আস্বাদন চান।

ফল প্রক্রিয়াকরণের মূল কথা সংরক্ষণ। ফলের উৎপাদন ঋতু ভিত্তিক হওয়ায় অসময়ের জন্য ধরে রাখা হয়। সতেজ ফল কাজে লাগে। আম, আনারস, আপেল, বায়ু নিরোধক কাচের পাত্রে বিভিন্ন কেমিক্যাল দিয়ে ধরে রাখা হয়। টম্যাটো বড় বড় প্লাস্টিকের পাত্রে সংরক্ষণ করা হয়। এভাবে ৭-৮ মাস মজুত করা যায়।

**কাঁচামাল :** জ্যাম তৈরি হয় আম, আনারস, মিশ্রফল দিয়ে। জেলি হয় আপেল, পেয়ারা, আনারস, টম্যাটো দিয়ে। লঙ্কা, টম্যাটো, সয়াবিনের ছত্রাক থেকে শস হয়। বিভিন্ন মরশুমি ফল - অরেঞ্জ, লেমন, আনারস, স্ট্রবেরি দিয়ে স্কোয়াশ বানানো হয়। অন্যান্য উপকরণের মধ্যে লাগে চিনি, সুগন্ধি, রং বিভিন্ন কেমিক্যাল (সাইট্রিক অ্যাসিড, অ্যাসিস্ট্রিক অ্যাসিড, সোডিয়াম বেনজাইট, এন.সি.এস., পটাসিয়াম মেটা-বাই-সালফেট, পেপটিন ইত্যাদি), জল, আচারের জন্য তেল, মশলা (বাটা মশলায় স্বাদ ভালো হয়) লাগে। উৎপন্ন পণ্য ধরে রাখার জন্য দরকার কাচের বোতল। বিভিন্ন কেমিক্যাল রং, এসেন্স বোতল, ছিপি ইত্যাদি পাওয়া যায় কলকাতার এজরা স্ট্রিটে। ফল সস্তায় পাবেন মেছুয়াবাজারে। কাঁচালঙ্কা, টম্যাটো স্থানীয় বাজার থেকে কেনাই ভালো। উৎকৃষ্ট মানের পেয়ারা পাবেন বারুইপুরে।

**মেশিনারি :** এটা হাতে তৈরি কুটির শিল্প হলেও উৎপাদন ও গুণগত মান বাড়াতে মেশিনের সাহায্য নিতে হবে। জ্যাম-জেলি, স্কোয়াশের ক্ষুদ্র ইউনিটের জন্য সেলিং (ক্রাউন কর্ক ও ফয়েল) মিক্সার ও পাল্পার মেশিন দিয়ে কাজ চলে যায়। মেশিনগুলি পুরনো কিনতে পারেন, তৈরি করতে পারেন কিংবা এজরা স্ট্রিটে, আর.এন. মুখার্জি রোডে ওরিয়েন্টাল মেশিনারিতে কিনতে পাওয়া যায়। ময়ূখ ভবনে পশ্চিমবঙ্গ খাদ্য প্রক্রিয়াকরণ দপ্তরে যোগাযোগ করলে মেশিনের হদিশ পাওয়া যায়।

**উৎপাদন ও বিপণন :** সিন্থেটিক ও প্রাকৃতিক দু' ধরনের জ্যাম-জেলি হয়। জলের সঙ্গে চিনি ও অন্যান্য কেমিক্যাল মিশিয়ে কৃত্রিম জ্যাম-জেলি স্কোয়াশ করা হয়। এতে বিভিন্ন ফলের এসেন্স ব্যবহার করা হয়। প্রাকৃতিক পণ্য সত্যিকারের সতেজ, উৎকৃষ্ট ফল দিয়ে তৈরি হয়। হাতে-কলমে ট্রেনিং বা কাজ না করলে জ্যাম-জেলি স্কোয়াশ করা যায় না। দানা ও খোসা ছাড়া ফলের মিশ্র দ্রবণই জ্যাম। আর ফলের নির্যাস বা রসটাই জেলি ও স্কোয়াশ। সংক্ষিপ্ত আকারে জেলি ও স্কোয়াশ তৈরির পদ্ধতি জানাচ্ছি।

**টম্যাটোর জেলি - উপকরণ লাগে :** টম্যাটোর রস (৩০০ গ্রাম), চিনি (মিহি করে পেষা) (২৫০ গ্রাম), জেলি পাউডার (৫০ গ্রাম), জল দরকারমতো।

**পদ্ধতি :** টম্যাটোর রস ভালোভাবে ছেঁকে নিতে হবে। একটা কড়াতে প্রয়োজনীয় জলে চিনির সিরা তৈরি করে নিন। তারপর তাতে টম্যাটোর রস মেশাতে হবে। দীর্ঘদিন সংরক্ষণের প্রয়োজনে ৩ গ্রাম পরিমাণ পটাশিয়াম মেটা-বাই-সালফেট মিশিয়ে নিতে পারেন। প্রয়োজনে অতিরিক্ত ২ গ্রাম পরিমাণ লাল রঙয়ের ফুড কালারও মেশাতে পারেন।

**অরেঞ্জ স্কোয়াশ উপকরণ :** কমলা লেবুর রস (১ কেজি), চিনি (১.২৫ কেজি), সরবতের কমলা রং (২ গ্রাম), পটাশিয়াম মেটা-বাই-সালফেট (৫ গ্রাম), জল (পরিমাণমতো), সাইট্রিক অ্যাসিড (২ গ্রাম)।

**পদ্ধতি :** সাইট্রিক অ্যাসিড ও চিনি ফুটন্ত জলে ভালোভাবে মেশাতে হবে। এবার কমলালেবুর রস ও কমলা রঙ দিন। শেষে পটাশিয়াম মেটা-বাই-সালফেট জলে গুলে মিশিয়ে দিন। ঠান্ডা হওয়ার পর অরেঞ্জ এসেন্স প্রয়োগ করুন। একেবারে ঠান্ডা হয়ে গেলে বোতলে ভরে নিন।

যে কোনো ফলের স্কোয়াশ তৈরি করুন না কেন, খুব বেশি পরিমাণ তৈরি করতে হলে ফলের রস বার করার এক্সট্রাক্টর বা মিক্সি মাস্টার মেশিন ব্যবহার করতে পারেন। তাছাড়া কোনো টাইপ জুসার মেশিনের মাধ্যমে কমলালেবু, মুসুম্বি ইত্যাদির রস বার করে নেওয়া যায়। স্কোয়াশ তৈরির আগে ফলের রস ভালোভাবে ছেঁকে নেবেন।

পণ্য তৈরির পর শিশিতে ভরে ভালো লেভেলিং করতে হবে। লেভেলে থাকবে পণ্যের উপকরণ, গুণমান, ওজন, দাম। বিক্রির ক্ষেত্রে উন্নত প্যাকেজিং খুব গুরুত্বপূর্ণ। বিপণনের জন্য স্থানীয় এলাকায় লাগাতার প্রচার চালাতে হবে। নেটওয়ার্ক গড়তে হবে। উৎপাদন করে পণ্য বিক্রি করে ৫%-১৫% লাভ রাখা যায়। আর সিন্থেটিক পণ্য বিক্রি করে ৪০%-৫০% লাভ করা সম্ভব।

# মিসলেনিয়াস স্পেশাল

1. ভারতের প্রথম ইউপিআই-ভিত্তিক ডিজিটাল মিল কার্ড চালু করল কোন ফিনটেক কোম্পানি?

(A) রাজোরপে (B) পেটিএম (C) মোবিকুইক (D) এনক্যাশ

2. 2026 সালে 'এনভায়রনমেন্ট পারফরম্যান্স ইনডেক্স'এ ভারতের র‍্যাঙ্ক কত?

(A) 161 (B) 126 (C) 176 (D) 175

3. সীমা কালিরামনা কোন খেলার সঙ্গে যুক্ত?

(A) ডিসকাস থ্রো (B) ওয়েট লিফটিং (C) জ্যাভলিন থ্রো (D) ম্যারাথন

4. 'ফিল্ড মেডেল' পুরস্কার কোন বিষয়ের ওপর দেওয়া হয়?

(A) পদার্থ বিদ্যা (B) গণিত

(C) চিকিৎসাবিদ্যা (D) পরিবেশ সংক্রান্ত

5. সম্প্রতি খবরে এসেছে 'Moken Sea Nomads'. কোন বিশেষ কারণে এই উপজাতি খবরে এসেছে?

(A) সামাজিক যোগাযোগ মাধ্যমে আসক্ত (B) এদের শিশুরা জলের মধ্যে সাঁতার কাটার সময় স্পষ্ট দেখতে সক্ষম (C) এদের শরীরে লেজ বর্তমান (D) যাযাবর

6. 'জাতীয় অঙ্গদান দিবস' কবে পালিত হয়?

(A) 3 আগস্ট (B) 6 আগস্ট (C) 8 আগস্ট (D) 3 জুলাই

7. 'জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'র প্রথম মহিলা ডিরেক্টর জেনারেল কে?

(A) মনীষা চক্রবর্তী (B) বর্ষা অশোক আগলাওয়ে

(C) উন্নতি শর্মা (D) প্রীতি পাওয়ার

8. 'আদি পেরুক্কু উৎসব' কোন রাজ্যে পালিত হয়?

(A) ওড়িশা (B) অন্ধ্র প্রদেশ (C) নাগাল্যান্ড (D) তামিলনাড়ু

9. 2030 সালে 'কমনওয়েলথ গেমস' কোন শহরে হবে?

(A) ভিক্টোরিয়া (B) মেলবোর্ন (C) কলকাতা (D) আহমেদাবাদ

10. 101তম 'রামসর সাইট' হিসাবে স্বীকৃতি পেল —

(A) সল্ট লেক (B) রসিক বিল (C) গ্রো লেক (D) চন্দ্রতাল

11. সম্প্রতি কোন রাজ্যে চণ্ডিপুরা ভাইরাসে বহু শিশু আক্রান্ত হয়েছে?

(A) গুজরাত (B) কেরলম (C) হরিয়ানা (D) কর্ণাটক

12. 'The Trees of My Country: A Natural History of India in 50 Trees' বইটির লেখক—

(A) উদয় শঙ্কর (B) টি.আর. শঙ্কর রামান

(C) পি. পেচিয়ামাল (D) অন্নপূর্ণা সুব্রামনিয়াম

13. 'ইন্ডিগো'র চিফ এক্সিকিউটিভ অফিসার এখন কে?

(A) উইলি ওয়ালশ (B) জর্জ প্যাবরেমেরিয়াম

(C) জর্জ মিলার (D) ডেভিড পিটারসন

14. 'পেমা লা পাস' এখন কী নামে পরিচিত?

(A) শিপকি লা পাস (B) নাথুলা (C) জিনিপ লা (D) জোজিলা পাস

15. সম্প্রতি প্রয়াত ফ্রাঙ্কো বারেসি (66 বছর) কোন ফুটবল ক্লাবের সঙ্গে নিজের নাম অমর করে গিয়েছেন?

(A) বার্সেলোনা (B) রিয়াল মাদ্রিদ (C) এ.সি. মিলান (D) ইন্টার মিলান

16. www (World Wide Web)-এর প্রতিষ্ঠাতা কে?

(A) টিম কুক (B) টিম বার্নার্স-লি (C) লেরি পেজ (D) রস টেলর

17. 'সোনাই রুপাই অভয়ারণ্য' কোন রাজ্যে অবস্থিত?

(A) অরুণাচল প্রদেশ (B) নাগাল্যান্ড (C) সিকিম (D) অসম

18. মহাবীরের প্রথম শিষ্য বা, শিষ্যা কে ছিলেন?

(A) যশোধা (B) জামালি (C) অনুজ্জা (D) ত্রিশলা

19. আজীবিক সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা কে?

(A) আলারা কালাম (B) মাক্কালী গোশালা

(C) উদ্দক বামাপুত্র (D) স্থূলাভদ্র

20. কোন গুপ্ত শাসক 'লিচ্ছবি দৌহিত্র' নামে পরিচিত ছিলেন?

(A) শ্রীগুপ্ত (B) চন্দ্রগুপ্ত প্রথম (C) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (D) সমুদ্রগুপ্ত

21. নীচের কোন শাসক আলেকজান্ডারের সমসাময়িক ছিলেন?

(A) চন্দ্রগুপ্ত মৌর্য (B) পুষ্যমিত্র শুঙ্গ (C) বিম্বিসার (D) অশোক

22. নীচের কোন স্থানটি প্রাগৈতিহাসিক চিত্রের জন্য বিখ্যাত?

(A) বাগ (B) অজন্তা (C) ভিমবেটকা (D) মেহেরগড়

23. R-37 কবর পাওয়া গিয়েছে হরপ্পা সভ্যতার কোন স্থানে?

(A) লোথাল (B) হরপ্পা (C) মহেঞ্জোদাড়ো (D) ধৌলাভিরা

24. বৈদিকযুগে নচিকেতা ও যমের মধ্যেকার কথোপকথন কোথায় উল্লেখ আছে?

(A) চন্দ্রগয়া উপনিষদ (B) সুন্দক উপনিষদ

(C) কথা উপনিষদ (D) বৃহদারণ্যক উপনিষদ

25. 'মহাভারত' ফার্সি ভাষায় অনুবাদ করেছিলেন কে?

(A) আব্দুল কাদির বদাউনি (B) আবুল ফজল

(C) শেখ মুবারক (D) ফৈজি

26. পানিপথের তৃতীয় যুদ্ধে মারাঠাদের নেতৃত্ব দিয়েছিলেন কে?

## পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০২৪ সালের মিসলেনিয়াস সার্ভিসেস্ প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাইয়ের প্রিলিমিনারি পরীক্ষার তারিখ এখনো ঠিক হয়নি। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **শুভ ঘোষ**।

(A) দ্বিতীয় বাজিরাও (B) যশবন্ত রাও হোলকার

(C) মহাদাজি শিন্ডে (D) সদাশিবরাও ভাউ

27. কমলালেবু উৎপাদনে প্রথম দেশ কোনটি?

(A) ফ্রান্স (B) স্পেন

(C) ভারত (D) ব্রাজিল

28. 'জল মার্গ বিকাশ' কোন নদীর ওপর একটি প্রকল্প?

(A) গঙ্গা (B) ব্রহ্মপুত্র

(C) গোদাবরী (D) নর্মদা

29. ভারতের দক্ষিণতম পাহাড় কোনটি?

(A) আনাইমালাই (B) আনাইমুদি

(C) মহেন্দ্রগিরি (D) কার্ডামম

30. 'চম্বল' কোন নদীর উপনদী?

(A) যমুনা (B) বনস

(C) মহানদী (D) গঙ্গা

31. নীচের কোন উপজাতিরা ঝুম চাষ করে থাকে?

(A) কুকিয়া (B) সাঁওতাল

(C) খাসি (D) টোডা

32. 'অণ্ণামালাই বায়োস্ফিয়ার রিজার্ভ' কোন রাজ্যে অবস্থিত?

(A) তামিলনাড়ু (B) কেরলম

(C) ছত্তিশগড় (D) A ও B উভয়ই

33. 2011 সালের জনগণনা অনুযায়ী ভারতের লিঙ্গানুপাত কত?

(A) 943 (B) 950

(C) 984 (D) 920

34. 'বিশ্রামপুর কয়লা খনি' কোন রাজ্যে অবস্থিত?

(A) মধ্য প্রদেশ (B) ছত্তিশগড়

(C) উত্তর প্রদেশ (D) বিহার

35. বাজার অর্থনীতিতে দাম নির্ধারণ করে—

(A) বিক্রেতা (B) ক্রেতা

(C) সরকার (D) চাহিদা ও যোগান

36. পঞ্চম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মূল লক্ষ্য কী ছিল?

(A) দারিদ্র দূরীকরণ ও স্বনির্ভরতা অর্জন (B) বৈষম্যহীন অর্থনৈতিক সম্প্রসারণ (C) অন্তর্ভুক্তিমূলক সম্প্রসারণ (D) বেকারত্ব কমানো

37. FCI কত সালে প্রতিষ্ঠিত হয়?

(A) 1955 (B) 1960 (C) 1986 (D) 1965

38. নিচের কোন হ্রদটি পশ্চিম উপকূলে অবস্থিত?

(A) চিল্কা (B) অষ্টমুদি (C) পুলিকট (D) কোলেরু

39. কোনো মূলধন একই বার্ষিক শতকরা সরল সুদের হারে 7 বছরে সুদে আসলে 7,100 টাকা ও 4 বছরে সুদে আসলে 6,200 টাকা হয়। বার্ষিক শতকরা সুদের হার কত?

(A) 6% (B) 7% (C) 5.5% (D) 8%

40. একটি লম্ব বৃত্তাকার চোঙের উচ্চতা 14 সেন্টিমিটার ও বক্রতলের ক্ষেত্রফল 264 বর্গসেন্টিমিটার। চোঙটির আয়তন কত?

(A) 296 $cm^3$ (B) 396 ঘন সেন্টিমিটার (C) 441 $cm^3$ (A) 576 $cm^3$

41. 2a = 3b = 4c হলে a : b : c = কত?

(A) 3 : 4 : 6 (B) 4 : 3 : 6 (C) 3 : 6 : 4 (D) 6 : 4 : 3

42. একটি ঘনকের প্রতিটি ধারের দৈর্ঘ্য 20% বাড়ানো হলে, ঘনকটির আয়তন শতকরা কত বাড়বে?

(A) 72.8% (B) 68.8% (C) 56% (D) 46%

43. কলমের মূল্য প্রতি ডজন 6 টাকা কমলে 30 টাকায় আরো 3টি বেশি কলম পাওয়া যায়। প্রতি ডজন কলমের মূল্য আগে কত টাকা ছিল?

(A) 24 (B) 36 (C) 30 (D) 48

44. A, B ও C একটি কাজ 6 দিনে শেষ করে, 2 দিন পর C চলে গেলে বাকি কাজ A ও B 7 দিনে করতে পারে, তাহলে C একা মোট কাজটি শেষ করতে কত সময় নেবে?

(A) 28 (B) 9 (C) 17 (D) 14

45. দুটি নল একটি চৌবাচ্চা যথাক্রমে 10 ও 15 মিনিটে ভরতি করতে পারে কিন্তু একটি ছিদ্র থাকায় চৌবাচ্চাটি ভরতি হতে 18 মিনিট সময় লাগে, তাহলে ভরতি চৌবাচ্চাটির জল ছিদ্র দিয়ে সম্পূর্ণ বেরিয়ে যেতে কত মিনিট সময় নেবে?

(A) 5 (B) 8 (C) 15 (D) 9

46. সমান দৈর্ঘ্যের দুটি ট্রেন একটি টেলিগ্রাফ পোস্টকে অতিক্রম করতে যথাক্রমে 10 ও 15 সেকেন্ড সময় নেয়। যদি ট্রেন দুটির দৈর্ঘ্য 120 মিটার হয়, তাহলে বিপরীতগামীভাবে একে অন্যকে অতিক্রম করতে কত সেকেন্ড সময় নেবে?

(A) 16 (B) 15 (C) 12 (D) 20

47. 6 বছর আগে মায়ের বয়স পুত্রের থেকে 18 বছর বেশি। যদি এখন দু'জনের বয়সের সমষ্টি 30 বছর হয়, তাহলে 6 বছর আগে মায়ের বয়স কত বছর ছিল?

(A) 32 (B) 26 (C) 30 (D) 24

48. একটি পাত্রে 80 লিটার দুধ আছে। এই পাত্র থেকে 8 লিটার দুধ তুলে নিয়ে তার বদলে 8 লিটার জল মেশানো হল। এই প্রক্রিয়া আরো দু'বার করা হল, তাহলে এখন ওই পাত্রে দুধের পরিমাণ কত লিটার?

(A) 70.82 (B) 78 (C) 58.32 (D) 68.12

# মিসলেনিয়াস স্পেশাল

49. চিনির দাম 20% হ্রাস পাওয়ায় এক ব্যক্তি 100 টাকায় 5 কেজি চিনি বেশি পায়। 1 কেজি চিনির প্রকৃত মূল্য নির্ণয় করুন।

(A) 5 টাকা (B) 9 টাকা (C) 6 টাকা (D) 8 টাকা

50. কিছু পরিমাণ চক্রবৃদ্ধি সুদের হারে কিছু টাকা 2 বছরে তার $\frac{9}{4}$ গুণ হলে বার্ষিক চক্রবৃদ্ধি সুদের হার নির্ণয় করুন?

(A) 20% (B) 30% (C) 40% (D) 50%

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(D). 2(C). 3(A). 4(B). 5(B). 6(A). 7(B). 8(D). 9(D). 10(C). 11(A). 12(B). 13(A). 14(A). 15(C). 16(B). 17(D). 18(B). 19(B). 20(D). 21(A). 22(C). 23(B). 24(C). 25(A). 26(D). 27(D). 28(A). 29(D). 30(A). 31(C). 32(D). 33(A). 34(B). 35(D). 36(A). 37(D). 38(B).

**39(A).** 7100 − 6200 = 900 টাকা। (7 − 4) = 3 বছরের সুদ = 900 টাকা। 1 বছরের সুদ = 300 টাকা। 4 বছরের সুদ = 1200 টাকা। মূলধন = (6200 − 1200) = 5000. $300 = \frac{5000 \times R \times 1}{100}$. R = 6%.

**40(B).** আয়তন = $\pi r^2 \times h = \frac{22}{7} \times 8 \times 3 \times 14 = 396$ ঘন সেমি। $2\pi rh = 264.\ 2 \times \frac{22}{7} \times r \times 14 = 264.\ r = 3.$

**41(D).** 2a = 3b = 4c = k ধরি। $a = \frac{k}{2},\ b = \frac{k}{3},\ c = \frac{k}{4}$. $a : b : c = \frac{k}{2} : \frac{k}{3} : \frac{k}{4} = \frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4}$ [প্রতিটি অনুপাতে 12 দিয়ে গুণ করে] = 6 : 4 : 3.

**42(A).** 10 12 $\frac{728}{1000} \times 100 = 72.8.$

$(10)^3$ $(12)^3$

1000 1728

**43(C).** $\frac{30}{(x-6)} - \frac{30}{x} = \frac{3}{12} = 30\left(\frac{x - x + 6}{x(x-6)}\right) = \frac{3}{12} \Rightarrow x^2 - 6x = 720.\ x^2 - 6x - 720 = 0.\ (x - 30)(x + 24) = 0.\ x =$ 30 টাকা।

**44(D).** মনে করি, মোট কাজ 6 unit. 2 দিনে ABC করে 2 unit. বাকি কাজ (6 − 2) = 4 unit. AB 4 ইউনিট কাজ করে 7 দিনে। 1 ইউনিট কাজ করে $\frac{7}{4}$ দিনে। 6 ইউনিট কাজ করে $\frac{7 \times 6}{4} = \frac{21}{2}$

ABC 6 7

Day. 42 C এর সমতা = 3. $\frac{42}{3}$ = 14 দিন।

AB $\frac{21}{2}$ 4

**45(D).** A 10 9 } 15 C ছিদ্রটির ক্ষমতা (15 − 5) = 10.

90

B 15 6

ABC 18 5

$\frac{90}{10}$ = 9 মিনিট।

**46(C).** গতিবেগ যথাক্রমে $\frac{120}{10} = 12,\ \frac{120}{15} = 8.\ \therefore \frac{120 \times 2}{(12 + 8)}$ = 12 সেকেন্ড।

**47(B).** x, x + 24. x + 6 + x + 24 + 6 = 40. 2x = 4. x = 2. ∴ (x + 24) = 26.

**48(C).** $80\left(1 - \frac{8}{80}\right)^3 = 80\left(\frac{9}{10}\right)^3 = 58.32$ লি.

**49(A).** $\frac{100 \times 100}{80}$ = 125 টাকা। ∴ 25 টাকায় পাওয়া যেত 5 কেজি। ∴ 1 কেজির মূল্য = $\frac{25}{5}$ = 5 টাকা।

**50(D).** $\frac{9}{4} = 1\left(1 + \frac{R}{100}\right)^2 \cdot \frac{8}{2} = 1 + \frac{R}{100} \cdot \frac{R}{100} = \frac{1}{2} \cdot R$ = 50%.

# AI ইন্টিগ্রেটেড ডিজিটাল মার্কেটিংয়ে ৬১,৩২২ নিয়োগ

১ পাতার পর

বেশিরভাগ ছেলেমেয়েই ট্রেনিং নিয়েছে এই মুহূর্তে রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT থেকে। আবার Wipro এবছরের প্রথম ৬ মাসে এই বিভাগে ৯,৩২২ জনকে চাকরি দিয়েছে — যাঁদের মধ্যে বেশিরভাগটাই ডিজিটাল ট্রেনিং নিয়েছে NIHT থেকে। এখানেই শেষ নয়। Digi Magia Pvt. Ltd. বা Comval IT Solutions Pvt. Ltd. বা Creek Club বা Blue Wave Media-র মতো কলকাতার প্রথম সারির একাধিক কোম্পানির রিক্রুটিং টিমের সাথে কথা বলে দেখা গেছে যে, তাদের নিয়োগের বেশিরভাগ প্রার্থীরাই এসেছে NIHT থেকে। আবার গত বছরের এই সময়ের রিক্রুটমেন্টের যা ট্রেন্ড একথা নিশ্চিতভাবে বলা যায় যে সামনের আগস্ট থেকে ডিসেম্বরের মধ্যে কমবেশি রাজ্যের প্রায় ১৫০টির ওপর আইটি কোম্পানিতে ৬১,৩২২ জন 'ডিজিটাল প্রফেশনালস' এর নিয়োগ হবে। যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ করলে আবেদন করতে পারেন। গ্র্যাজুয়েটরাও আবেদনের জন্য যোগ্য। কীভাবে এই নিয়োগ হবে। এ ব্যাপারে আমরা যোগাযোগ করেছিলাম দেশ তথা রাজ্যের অন্যতম সেরা স্কিলড প্রফেশনাল এডুকেশন ইনস্টিটিউশন NIHT-র ডিজিটাল প্রোগ্রামের হেড অফ দ্যা ডিপার্টমেন্ট অংশুমান শেঠ-এর কাছে। অংশুমানের মতে, "একথা একদম সত্যি যে আজকের দিনে দাঁড়িয়ে স্কিলড প্রফেশনালস ছাড়া কোনো চাকরি নেই। অর্থাৎ এখন ডিগ্রি নয়। স্কিলের দরকার। তাই রিক্রুটারদের কাছে স্কিলড কর্মী সবচেয়ে বেশি গুরুত্ব পায়। যদি আপনার ভেতরে ঠিকঠাক স্কিল থাকে, তাহলে বড় বড় কোম্পানি আপনাকে ঘরে এসে চাকরি দিয়ে যাবে। আর যদি তা না থাকে, তাহলে আপনি যতই ট্যালেন্টেড হোন না কেন, কোথাও আপনি চাকরি পাবেন না। একটা জিনিস প্রথমেই পরিষ্কার বলা ভালো। ইন্টারভিউ বোর্ডে একমাত্র বন্ধু হতে পারে আপনার ভেতরের স্কিলড অ্যাটিচিউড— যা অন্য অনেকের থেকে চাকরি পেতে আপনাকে অনেকটাই এগিয়ে রাখবে। কেউ আপনাকে কোনো সুযোগ দেবে না। আপনাকে নিজেকেই সুযোগ তৈরি করে নিতে হবে। এখন আপনি ভাবতেই পারেন— কোম্পানিগুলির কাছে কেন স্কিলড প্রফেশনালস এর এত চাহিদা? কারণ কোনো কোম্পানি এখন আর ট্রেনিং দেওয়ার জন্য আলাদাভাবে খরচ করতে চায় না। তারা চায় তাদের চাহিদা মতো স্কিলড প্রফেশনালস — যে একসাথে একাধিক ডিপার্টমেন্ট সামলাতে পারবে। সোজা বাংলায়, কোম্পানি যে ক্যান্ডিডেট-এর মধ্যে এই গুন দেখতে পাবে, তাকেই সিলেক্ট করবে। অর্থাৎ, বেসিক কোয়ালিফিকেশন নয়, চাকরি পেতে গেলে এখন লাগবে কাস্টমাইজড স্কিলড কোয়ালিফিকেশন।" ঠিক কোথা থেকে এই ধরনের ট্রেনিং পাব? উত্তরে এইচওডি জানালেন, 'আমাদের রাজ্যে ডিজিটাল স্কিলস ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোভাইডর অনেকেই আছে। কিন্তু খুব কম সংখ্যক ইনস্টিটিউশন, এমপ্লয়ারের চাহিদা অনুযায়ী কাস্টমাইজড ট্রেনিং দেয়। আর ঠিক এইখানেই NIHT-র গুরুত্ব। এখানে শুধুমাত্র কোর্স করানো হয় না — কেরিয়ার তৈরি করা হয়।' এখানে ট্রেনিং নিতে হলে বেসিক কোয়ালিফিকেশন কী থাকা দরকার? যেকোনো শাখায় উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন পাশ ছেলেমেয়েরা এখনকার ডিজিটাল জব ওরিয়েন্টেড ট্রেনিং নিতে পারবে। ২৫০টির বেশি কোম্পানি ডিজিটাল গ্রোথ বাড়াতে এই কোম্পানিকে নিয়োগ করে। ফলে স্বভাবতই এখনকার ছেলেমেয়েরা ওইসব কোম্পানিতে ভালো পে-প্যাকেজে প্লেসড হয়।

**পূর্ব ভারতের অন্যতম সেরা প্রতিষ্ঠান যেখানে ৬ মাসের ট্রেনিংয়ে বছরে ৩,৬০,০০০ টাকা মাইনের গ্যারান্টিড চাকরি হচ্ছে। এখনো পর্যন্ত এখান থেকে চাকরি পেয়েছে ৬০,০০০ জনেরও বেশি**

### এখনকার ট্রেনিং অন্যদের থেকে আলাদা কোথায়?

উত্তরে কোম্পানির চিফ অপারেটিং অফিসার প্রসিত পাল জানালেন, "(১) এখানে শুধুমাত্র ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড ট্রেনিং দেওয়া-ই হয় না, এমপ্লয়ারের চাহিদা মতো প্রার্থীকে 'ট্রেন্ড প্রফেশনালস' হিসাবে তৈরি করে দেওয়া হয়। যাতে যেকোনো বড় কোম্পানিতে ভালো পে-প্যাকেজে সে তার কেরিয়ার শুরু করতে পারে। (২) এখানে রয়েছে ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড স্পেশাল ট্রেনিং মডিউল তথা Master Program in Digital Marketing — যা এখন দেশের মধ্যে অন্যতম ইউনিক ও ফিউচার-রেডি প্রোগ্রাম। এখানে Website Ranking, Organic Growth Strategy র পাশাপাশি শেখানো হয় Google Ads, Meta Ads আর YouTube Ads — যাতে এখনকার ট্রেনিরা খুব সহজেই বিভিন্ন প্ল্যাটফর্মের উপযোগী কন্টেন্ট বানাতে পারেন। (৩) এই স্পেশাল ট্রেনিং মডিউল (Master Program in Digital Marketing) অন্যদের থেকে অনেকটাই আলাদা। এখানে 'মাল্টিপারপাস স্কিলড প্রফেশনালস' হিসাবে ট্রেনিদের তৈরি করা হয়। অর্থাৎ, একমাত্র আমাদের এখানেই ট্রেনিরা একসাথে ৩টি বিষয় ট্রেনিং নিতে পারে — (A) Digital Marketing, (B) Content Creation (Graphics+Video Editing) ও (C) GenAI / Automation Expert. আর কোথাও এই সুবিধা নেই। ফলে স্বভাবতই এখান থেকে যাঁরা ট্রেনিং নেন, তাঁরা ন্যূনতম ৩ গুণ বেশি ভালো প্রোডাক্টিভিটি দেয়— যা যেকোনো ভালো MNC কোম্পানিতে, শুরুতেই ভালো পে-প্যাকেজ নিয়ে, তাঁদের কেরিয়ার শুরু করতে সাহায্য করে। (৪) এই প্রতিষ্ঠানের অন্যতম একটি গুরুত্বপূর্ণ দিক হল — এটি শুধুমাত্র Google ও Meta'র পার্টনার প্রতিষ্ঠানই নয় — এখানে ছেলেমেয়েদের শেখানো হয় সম্পূর্ণ প্র্যাকটিক্যাল-বেসড ডিজিটাল মার্কেটিং —ঠিক যেভাবে একটি লাইভ ডিজিটাল মার্কেটিং এজেন্সি বাস্তবে কাজ করে। (৫) এখনকার ডিজিটাল প্রোগ্রামের সবচেয়ে বড় শক্তি হল Generative AI ও Agentic AI। এখানে ট্রেনিরা বিভিন্ন AI Tools ব্যবহার করে কনটেন্ট আইডিয়া জেনারেশন, কপি রাইটিং, অটোমেশন ও ডাটা অ্যানালাইসিস শেখে — যা বড় বড় MNC কোম্পানিতে ইন্টারভিউ ক্র্যাক করার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) এটি একমাত্র প্রতিষ্ঠান যেখানে AI Integrated Digital Marketing শেখানো হয়। এছাড়াও, এখনকার ট্রেনিদের হাই-কোয়ালিটি ভিডিও কনটেন্ট মেকিং ও প্রফেশনাল মানের Instagram Reels ও YouTube Shorts বানানোর টেকনিক এমনভাবে শেখানো হয় — যা চাকরির বাজারে তাদের গুরুত্ব অনেকটাই বাড়িয়ে দেয়। (৭) রাজ্যের মধ্যে একমাত্র এখানেই ট্রেনিদের দেওয়া হয় Live Website Hosting Environment, যেখানে তারা নিজেরাই ওয়েবসাইট তৈরি করে, হাতে-কলমে কাজ করে আর বাস্তবভাবে Website Ranking Strategy, Google Tag Manager সেট-আপ, Facebook Pixel ও Conversion Tracking-এর মতো লাইভ ইন্ডাস্ট্রিয়াল টুল ব্যবহার করা শেখে — যা চাকরির বাজারে এখনকার ট্রেনিদের খুব ভালো মাইলেজ দেয়। (৮) একমাত্র এখানেই AI Agent কীভাবে তৈরি করা হয় তা শেখানো হয়— যা যেকোনো কোম্পানির কাছেই খুবই আকর্ষণীয়। কারণ আজকের দিনে দাঁড়িয়ে— 'AI Agent ক্রিয়েশন'— চাকরির বাজারে এখনকার ছেলেমেয়েদের গুরুত্ব কয়েকশো গুন বাড়িয়ে দেবে। ফলে তারা খুব সহজেই নিজের মনের মতো পে প্যাকেজ পেতে পারে। (৯) এছাড়াও এখানে রয়েছে একটি State-of-the-Art Studio. যেখানে ট্রেনিরা প্র্যাকটিক্যালভাবে কনটেন্ট তৈরি করতে পারে, 'লাইভ পডকাস্ট শুট' করাতে পারে ও 'রিয়েল ইন্ডাস্ট্রি শুটে' অংশ নিয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জন করে। ফলে এখনকার ছেলেমেয়েরা ডিজিটাল মার্কেটিংয়ের পাশাপাশি কনটেন্ট প্রোডাকশন ও ব্র্যান্ড কমিউনিকেশনের বাস্তব ধারণা পায় - যা অন্য কোথাও হয় না। (১০) এখানে ট্রেনিং-এর সময় এখনকার ছেলেমেয়েরা নিজের Digital Properties-যেমন ওয়েবসাইট, ক্যাম্পেইন, কনটেন্ট ও অটোমেশন সিস্টেম তৈরি করতে পারে — যা সে ইন্টারভিউয়ের সময় 'লাইভ প্রজেক্ট' হিসেবে দেখাতে পারে — যা রাজ্যের অন্য কোনো প্রতিষ্ঠানে নেই।

### এখনকার ট্রেনিং নিলে ঠিক কী ধরনের মাইনে শুরুতেই পাওয়া যাবে?

মার্কেটিং, অ্যাডভার্টাইজিং, ফ্র্যাঞ্চাইজিং ও ডিজিটাল মার্কেটিং ডোমেন-এর ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন এই প্রতিষ্ঠানের এইচওডি অংশুমান শেঠ বললেন, "দেখুন আমাদের এখানে ইন্ডাস্ট্রি সেরা সেরা অভিজ্ঞ ট্রেনারদের দিয়ে বাস্তবসম্মতভাবে ছেলেমেয়েদের এমনভাবে তৈরি করে দেওয়া হয় — যাতে তারা দেশের যেকোনো বড় প্রতিষ্ঠানে যেকোনো সময় ইন্টারভিউ ক্র্যাক করতে পারবেই। এখনকার ছেলেমেয়েদের একটি বিশেষ গুণ ডেভেলপ করানো হয়। তাই খুব সহজেই মধ্যমানের মেধা নিয়ে একজন উচ্চমাধ্যমিক পাশ ছেলে-মেয়ে শুধুমাত্র এখানে ট্রেনিং নিয়ে, বছরে ৩,৬০,০০০ টাকা আকর্ষনীয় পে-প্যাকেজ পায়।" সাধারণ মানের উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা শুধুমাত্র এখনকার ট্রেনিং নিয়ে কিভাবে মাসে ৩০,০০০ টাকা স্যালারি পেতে পারে তা জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 9830501515 / 9903622993 অথবা সরাসরি চলে আসুন এই ঠিকানায় : NIHT, Bhowanipore Campus, 1st Floor, 16C, Ashutosh Mukherjee Road, Near Home Land Mall, Kolkata - 700 020 বা NIHT, Ultadanga Campus, 3rd Floor, 161/1, CIT Road, CIT Scheme VII M, Scheme 7, Kolkata - 700 054.

## হিন্দুস্তান অ্যারোনটিক্সে

১ পাতার পর

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স /ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল, কেমিক্যাল, এ.আই অ্যান্ড ডি.এস., এ.আই অ্যান্ড এম.এল. ইঞ্জিনিয়ার, ফার্মাসিস্ট। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য আবেদন করতে পারেন। ফার্মাসির ডিগ্রি কোর্স পাশরা ফার্মাসির জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : অ্যারোনটিক্যাল/অ্যারোস্পেস ইঞ্জিনিয়ারিং-৮টি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং /ইনফর্মেশন টেকনোলজি-৮টি, সিভিল-১২টি, ইলেক্ট্রিক্যাল-১৮টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স /ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-১৮টি, মেকানিক্যাল-৫৫টি, কেমিক্যাল-২টি, এ.আই অ্যান্ড ডি.এস., এ.আই অ্যান্ড এম.এল. ইঞ্জিনিয়ার-৮টি, ফার্মাসিস্ট-৪টি।

**নন টেকনিক্যাল গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে:** আর্টস, কমার্স, সায়েন্স (ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, স্ট্যাটিস্টিক্স), বি.বি.এ.। সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। শূন্যপদ : আর্টস শাখায় ৪০টি, কমার্স শাখায় ২০টি, সায়েন্স -১৫টি, বি.বি.এ. -৩টি।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে:** অ্যারোনটিক্যাল /অ্যারোস্পেস, সিভিল, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স /ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল, মেডিক্যাল ল্যাব টেকনোলজি। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। ডি.এম.এল.টি.'র ডিপ্লোমা কোর্স পাশরা মেডিক্যাল ল্যাব টেকনিশিয়ান ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড মাসে ১০,৯০০ টাকা। শূন্যপদ : অ্যারোনটিক্যাল / অ্যারোস্পেস-২টি, সিভিল,-৫টি, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি-৪টি, ইলেক্ট্রিক্যাল-১০টি, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন / ইলেক্ট্রনিক্স /ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স-১০টি, মেকানিক্যাল-২৫টি, মেডিক্যাল ল্যাব টেকনোলজি-৫টি।

**আই.টি.আই. ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :** ফিটার, টুল অ্যান্ড ডাই মেকার, টার্নার, মেশিনিস্ট, মেশিনিস্ট (গ্রাইন্ডার), ইলেক্ট্রিশিয়ান, ইলেক্ট্রনিক্স মেকানিক, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), মেকানিক (মোটর ভেহিক্যাল), রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক, পেইন্টার (জেনারেল), অ্যারোস্পেস স্ট্রাকচারাল ফিটার, কার্পেন্টার, শীট মেটাল ওয়ার্কার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ওয়েল্ডার। আই.টি.আই. থেকে সংশ্লিষ্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। স্টাইপেন্ড ২ বছরের ট্রেড পাশদের বেলায় মাসে ১১,০৪০ টাকা ও ১ বছরের ট্রেড পাশদের বেলায় মাসে ১০,৫৬০ টাকা। শূন্যপদ : ফিটার ১১০টি, টুল অ্যান্ড ডাই মেকার (জিগ অ্যান্ড ফিক্সার) ৪টি, টুল অ্যান্ড ডাই মেকার (ডাই অ্যান্ড মোল্ড) -৪টি, টার্নার-২৫টি, মেশিনিস্ট-২২টি, মেশিনিস্ট (গ্রাইন্ডার)-১০টি, ইলেক্ট্রিশিয়ান-৩৫টি, ইলেক্ট্রনিক্স মেকানিক-৮টি, ড্রাফটসম্যান (মেকানিক্যাল)-৫টি, মেকানিক (মোটর ভেহিক্যাল)-৬টি, রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. মেকানিক-৬টি, পেইন্টার (জেনারেল)-১০টি, অ্যারোস্পেস স্ট্রাকচারাল ফিটার-১০টি, কার্পেন্টার-১০টি, শীট মেটাল ওয়ার্কার-১০টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট-৭০টি, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক)-১০টি।

ওপরের সব ক্ষেত্রেই ২০২২, ২০২৩, ২০২৪, ২০২৫, ২০২৬ সালে পাশ করতে হবে।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। মনোনীত প্রার্থীদের তালিকা বেরোবে সেপ্টেম্বরের চতুর্থ সপ্তাহে। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেডের বিজ্ঞপ্তি নং : HAL/T&D/1614/2026/265, Date: 14/08/2026. গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস, ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস, নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বিজ্ঞপ্তি নং : HAL/T&D/1614/2026-27/264, Date: 14/08/2026.

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। আই.টি.আই. অ্যাপ্রেন্টিস প্রার্থীদের নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.apprentiseshipindia.gov.in গ্র্যাজুয়েট, ডিপ্লোমা, নন-টেকনিক্যাল গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস প্রার্থীদের নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : www.nats.education.gov.in আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## ন্যাভাল ডকইয়ার্ডে

১ পাতার পর

**ফিটার :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি।

**ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম :** আই.টি.আই. থেকে আই.সি.টি.এস.এম./আই.টি.ই.এস.এম. / বোর্ড বেসড বেসিক ট্রেনিং (আই.টি.) ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি।

**ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

**মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

**মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. :** আই.টি.আই. থেকে মেকানিক রেফ্রিজারেশন অ্যান্ড এ.সি. ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি।

**মেকানিক ডিজেল :** আই.টি.আই. থেকে মেকানিক ডিজেল ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি।

**প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট :** আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

**পাইপ ফিটার :** আই.টি.আই. থেকে প্লাম্বার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি।

**শিপরাইট (উড) :** আই.টি.আই. থেকে কার্পেন্টার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৬টি।

**ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) :** আই.টি.আই. থেকে ওয়েল্ডার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৫টি।

**ইলেক্ট্রনিক্স মেকানিক :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

**শিট মেটাল ওয়ার্কার :** আই.টি.আই. থেকে শিট মেটাল ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ২টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। শারীরিক মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫০ সেমি আর অন্তত ৪৫ কেজি ওজন ও বুকের ছাতি ৫ সেমি প্রসারণক্ষম হতে হবে। দৃষ্টিশক্তি দরকার দু'চোখে ৬/৬ থেকে ৬/৯। ১৯৬১ সালের অ্যাপ্রেন্টিসেস আইন অনুযায়ী ১ বছরের ট্রেনিং। যাঁরা আগে কোনো সরকারি, আধা-সরকারি বা, বেসরকারি সংস্থায় অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা, নিচে্ছন, তাঁরা আবেদনের যোগ্য নন। সরকারি নিয়মানুযায়ী স্টাইপেন্ড পাবেন। ট্রেনিং শুরু ১ ডিসেম্বর। এই পদের বিজ্ঞপ্তি নং : NSRY (SVP) / IT03/26.

মাধ্যমিক ও আই.টি.আইয়ের পরীক্ষায় পাওয়া নম্বরের ভিত্তিতে বাছাই প্রার্থীদের মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ।

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম নথিভুক্ত করতে হবে, ২০ অক্টোবরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://apprenticeship.rectindia.in এজন্য পাশপোর্ট মাপের রঙিন ফটো, শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা, জন্ম-তারিখ ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১৯ এপ্রিল :** প্রথমবারের মতো রুয়ান্ডার কিগালিতে 'মহিলাদের টি-২০ চ্যালেঞ্জ ট্রফি' চালু করল আইসিসি। ১৮ এপ্রিল থেকে ২ মে পর্যন্ত চলেছে এই টুর্নামেন্ট। টুর্নামেন্টের প্রথম আসরে অংশ নিয়েছে ৫টি দল - রুয়ান্ডা, ইতালি, নেপাল, মার্কিন যুক্তরাষ্ট্র ও ভানুয়াতু। প্রতিযোগিতাটি ডাবল রাউন্ড-রবিন পদ্ধতিতে হয়েছে, যেখানে প্রতিটি দল একে অন্যের বিপক্ষে দু'টি করে ম্যাচ খেলেছে। মোট ২০টি ম্যাচ হয়েছে এই টুর্নামেন্টে।

**২০ এপ্রিল :** বাংলাদেশে, ভারতের হাইকমিশনার হিসাবে নিযুক্ত হলেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী দীনেশ ত্রিবেদী।

❑ হেলথ সাপ্লিমেন্টগুলিতে ও খাদ্যদ্রব্যে অশ্বগন্ধা পাতা ও তার নির্যাস ব্যবহার নিষিদ্ধ করল 'ফুড সেফটি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অথরিটি অফ ইন্ডিয়া'। আয়ুশ মন্ত্রকের সতর্কবার্তার পর এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে, কারণ অশ্বগন্ধা পাতায় উচ্চ মাত্রায় 'উইথফেরিন-এ' থাকে, যা মানবদেহে লিভারের বিষাক্ততা ও স্নায়বিক সমস্যার ঝুঁকি বাড়াতে পারে। তবে, শুধুমাত্র অশ্বগন্ধার মূল বা শিকড় ব্যবহার নিরাপদ বলে গণ্য করা হয়েছে ও তা অনুমোদিত।

❑ ডিজিটাল অ্যারেস্ট মোকাবিলায় ও সাধারণ মানুষকে প্রতারণার হাত থেকে বাঁচাতে, এআই চালিত চ্যাটবট চালু করল 'সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন'। সাইবার জালিয়াতির কারবারিরা অনেক সময় সিবিআই'এর প্যাড বা লোগো ব্যবহার করে জাল নোটিশ পাঠিয়ে সাধারণ মানুষকে ভয় দেখায়। এই 'অভয়' চ্যাটবটের মাধ্যমে যে কেউ তাঁর কাছে আসা নোটিশটি আসল কিনা, তা যাচাই করে নিতে পারবেন। এই চ্যাটবটটি উদ্বোধন করেন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্য কান্ত।

❑ ২০২৪-'২৫ সালের জন্য নবম 'অধ্যাপক এম.এস.স্বামীনাথন পুরস্কার' পেলেন 'ইন্ডিয়ান অ্যাগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট'এর ডিরেক্টর ও উপাচার্য ড.চেরুকুমাল্লি শ্রীনিবাস রাও। জলবায়ু সহনশীল কৃষি ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনায় তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতীয় কৃষি ক্ষেত্রের অত্যন্ত সম্মানজনক পুরস্কার এটি। খাদ্য নিরাপত্তা ও টেকসই কৃষিক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছেন, এমন ব্যক্তিত্বদের এই পুরস্কার দেওয়া হয়।




**এবছর স্পেনের মাদ্রিদে 'লরিয়াস বিশ্ব ক্রীড়া পুরস্কার'এ পুরুষ ও মহিলা বিভাগে বর্ষসেরার খেতাব পেলেন যথাক্রমে স্প্যানিশ টেনিস তারকা কার্লোস আলকারাজ ও বেলারুশের টেনিস তারকা অ্যারিনা সাবালেঙ্কা। বর্ষসেরা দলের সম্মান পেল 'প্যারিস সাঁ জাঁ'। বিশ্বের সেরা তরুণ ক্রীড়াবিদ হিসাবে এই পুরস্কার পেলেন স্প্যানিশ ফুটবলার লামিনে ইয়ামাল। অন্যদিকে, পাঁচবারের অলিম্পিক চ্যাম্পিয়ন জিমন্যাস্ট রোমানিয়ার নাদিয়া কোমানেচি'কে 'জীবনকৃতি সম্মান'এ সম্মানিত করা হয়েছে।**

❑ লাদাখে সিন্ধু নদীর তীরে সিন্ধু ঘাটে তৈরি হচ্ছে ভারতের প্রথম পেট্রোগ্লিফ সংরক্ষণ উদ্যান। লাদাখের লেফটেন্যান্ট গভর্নর বিনয় কুমার সাক্সেনা এই উদ্যানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন, যার উদ্দেশ্য হল ওই অঞ্চলের প্রাচীন শিলাচিত্রের ঐতিহ্য সংরক্ষণ করা। পেট্রোগ্লিফ হল পাথরের ওপর খোদাই করা প্রাগৈতিহাসিক কারুকাজ বা চিহ্ন, যা বিভিন্ন প্রতীক, আকৃতি ও লিপিকে চিত্রিত করে। ঝুঁকিপূর্ণ ও বিচ্ছিন্ন জায়গা থেকে পেট্রোগ্লিফগুলি সাবধানে তুলে এনে এই উদ্যানটিতে রাখা হবে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য সংরক্ষণের পাশাপাশি, দর্শনার্থীদের জন্যও শিক্ষামূলকভাবে সাজানো হবে এগুলি। লাদাখকে ভারতের প্রত্নতাত্ত্বিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণের মূল কেন্দ্র হিসাবে তুলে ধরবে এই উদ্যান।

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

**২১ এপ্রিল :** এবছর 'ন্যাশনাল ইসিএইচও ইউথ ইনোভেশন সামিট'এ 'ওয়ার্ল্ড ওয়াইড ফান্ড ফর নেচার' জাতীয় পুরস্কার পেলেন কেরলমের 'মালাবার বোটানিক্যাল গার্ডেন অ্যান্ড ইনস্টিটিউট ফর প্ল্যান্ট সায়েন্সেস'এর উদ্ভিদবিজ্ঞানী গবেষক এন.আলিম ইউসুফ। আক্রমণাত্মক উদ্ভিদ প্রজাতি শনাক্ত করার লক্ষ্যে কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক মোবাইল অ্যাপ 'NeophyteID' উদ্ভাবনের জন্য এই পুরস্কার পেলেন তিনি। এই অ্যাপটি কেরলমের প্রায় ১০০টি আক্রমণাত্মক উদ্ভিদ প্রজাতি শনাক্ত করতে পারে।

❑ ইতিহাসে প্রথমবার বিশ্বের শীর্ষ পরিবেশ পুরস্কার 'গোল্ডম্যান এনভায়রনমেন্টাল প্রাইজ' জিতলেন ৬টি মহাদেশ থেকে মনোনীত ৬ জন মহিলা। এই পুরস্কারের ৩৭ বছরের ইতিহাসে এই প্রথমবার মনোনীত সব বিজয়ীই মহিলা। এঁরা হলেন - নাইজেরিয়ার ইরোরো তানশি, দক্ষিণ কোরিয়ার বোরিম কিম, যুক্তরাজ্যের সারা ফিঞ্চ, পাপুয়া নিউগিনির থিওনিলা রোকা ম্যাটবব, মার্কিন যুক্তরাষ্ট্রের আলান্নাহ আকাক হার্লি ও কলম্বিয়ার ইউভেলিস মোরালেস ব্লাঙ্কো। জলবায়ু পরিবর্তন, জীববৈচিত্র্য ধ্বংস ও পরিবেশবিধ্বংসী শিল্পের বিরুদ্ধে লড়াইয়ে তৃণমূল পর্যায়ে অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পাচ্ছেন তাঁরা। প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৮৯ সালে মার্কিনি দম্পতি রিচার্ড গোল্ডম্যান ও রোডা গোল্ডম্যান এই পুরস্কার চালু করেন। প্রতি বছর বিশ্বের ৬টি প্রধান অঞ্চল থেকে একজন করে পরিবেশকর্মীকে এই পুরস্কারের জন্য বেছে নেওয়া হয়।

❑ ভারতে প্রথমবারের মতো ফুটবলের একটি নতুন ও উদ্ভাবনী সংস্করণ 'ওমেগাবল' চালু করল 'আইআইটি মাদ্রাজ'। এটি প্রথাগত ফুটবল থেকে পুরোপুরি আলাদা একটি দ্রুতগতির খেলা। প্রথাগত ফুটবলে দু'টি দল খেললেও, 'ওমেগাবল'এ তিনটি দল একসঙ্গে একটি বৃত্তাকার মাঠে খেলে। এতে তিনটি গোলপোস্ট থাকে। প্রতিটি দল একসঙ্গে দু'টি গোল আক্রমণ করে ও একটি গোল রক্ষা করে। ১৩ মিনিটের তিনটি সেশনে (মোট ৩৯ মিনিট) এই খেলাটি হয়। ১৭ এপ্রিল, আইআইটি মাদ্রাজ ক্যাম্পাসে প্রথম ইন্টার-কলেজ ওমেগাবল টুর্নামেন্টের মাধ্যমে ভারতে এই খেলার সূচনা হয়।

**২২ এপ্রিল :** 'ন্যাসকম'এর চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন শ্রীকান্ত ভেলামাকান্নি।

❑ ভারতের ৯৯ তম রামসর সাইট হিসাবে ঘোষিত হল উত্তর প্রদেশের আলিগড় জেলায় অবস্থিত 'শেখা ঝিল পাখি অভয়ারণ্য'। কেন্দ্রীয় পরিবেশ মন্ত্রী ভূপেন্দ্র যাদব এই ঘোষণা করেছেন। এর ফলে, উত্তর প্রদেশে এখন ১২টি রামসর সাইট রয়েছে।

❑ এবছর 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'এর তরফ থেকে, 'ইয়ং গ্লোবাল লিডার' হিসাবে নির্বাচিত হলেন 'স্টোরফ্রেন্ডলি এশিয়া'র সহ প্রতিষ্ঠাতা ও ম্যানেজিং প্রিন্সিপাল আর্থার ল। প্রযুক্তি ভিত্তিক সেলফ স্টোরেজ সমাধানের মাধ্যমে শহুরে জীবনযাত্রার রূপান্তর আর টেকসই উন্নয়ন ও মানবকল্যাণকর কাজে অসামান্য অবদানের জন্য এই স্বীকৃতি পেলেন তিনি। ব্যবসা, সমাজ ও উদ্ভাবনের মাধ্যমে ভবিষ্যৎ রূপান্তর করছেন, বিশ্বজুড়ে এমন ৪০ বছরের কম বয়সি ব্যতিক্রমী নেতাদের এই স্বীকৃতি দেয় 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'এর ইয়ং গ্লোবাল লিডার প্রোগ্রাম।

❑ লন্ডনে 'হাউস অফ লর্ডস'এ, 'ওয়ার্ল্ড ক্লাইমেট লিডারস কনক্লেভ'এ 'গ্লোবাল গ্রিন আইকন' উপাধিতে ভূষিত হলেন 'গ্রিন ইন্ডিয়া চ্যালেঞ্জ'এর প্রতিষ্ঠাতা তথা রাজ্যসভার প্রাক্তন সাংসদ (২০১৮-২০২৪) যোগিনীপল্লি সন্তোষ কুমার। পরিবেশ সংরক্ষণ, নাগরিক-নেতৃত্বাধীন জলবায়ু কার্যক্রমের ক্ষেত্রে তাঁর অসামান্য অবদানের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি। তাঁর নেতৃত্বে 'তেলেঙ্গানাকু হরিত হারাম' চালু করে তেলেঙ্গানা সরকার, যা উন্নয়নশীল বিশ্বে গৃহীত অন্যতম উচ্চাভিলাষী বনায়ন উদ্যোগ।

**২৩ এপ্রিল :** নারী ও শিশু উন্নয়ন বিভাগের মাধ্যমে বাস্তবায়িত অষ্টম 'জাতীয় পুষ্টি পক্ষ' অভিযানের আওতায় সচেতনতামূলক কার্যক্রম পরিচালনায় দেশে শীর্ষ স্থান অধিকার করল মহারাষ্ট্রের অহল্যানগর জেলা। জেলাটিতে এ পর্যন্ত মোট ৩,২৪,০৭৫টি কার্যক্রম নথিবদ্ধ করা হয়েছে। এই তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে পুণে। প্রসঙ্গত উল্লেখ্য, ৯ এপ্রিল থেকে ২৩ এপ্রিল পর্যন্ত পরিচালিত অষ্টম 'জাতীয় পুষ্টি পক্ষ' প্রচারাভিযানের থিম ছিল - 'শিশুর জীবনের প্রথম ছয় বছরে মস্তিষ্কের বিকাশ'।

**২৪ এপ্রিল :** ৫ বছরের জন্য, 'ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন'এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন শৈলেশ বনসাল।



**পেনসিলভানিয়ায় ইউএস আর্মি ওয়ার কলেজের 'আন্তর্জাতিক হল অফ ফেম'এ অন্তর্ভুক্ত হলেন ভারতীয় সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী। প্রাক্তন সেনাপ্রধান জেনারেল ভি.কে.সিং ও জেনারেল বিক্রম সিং'এর পর, তৃতীয় ভারতীয় সেনাপ্রধান হিসাবে এই সম্মান পেলেন তিনি। এই সম্মান ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে উচ্চপর্যায়ের সামরিক সম্পর্ক প্রতিরক্ষা সহযোগিতা আরও জোরদার করার ইঙ্গিত দেয়। প্রসঙ্গত উল্লেখ্য, জাতীয় নিরাপত্তা ও বিশ্ব সামরিক সহযোগিতায় অসামান্য অবদান রেখেছেন, এমন সামরিক নেতাদের এই সম্মান দেওয়া হয়।**

**২৫ এপ্রিল :** বেঙ্গালউরুর 'ভারত আর্থমুভার্স লিমিটেড'এ উচ্চগতির বুলেট ট্রেন উৎপাদন কেন্দ্র 'আদিত্য'র উদ্বোধন করলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব। পুরোপুরি দেশীয় প্রযুক্তিতে তৈরি এই বুলেট ট্রেনের নাম প্রাথমিকভাবে ঠিক হয়েছে 'বন্দে বুলেট'। ট্রেনের প্রোটোটাইপটি ২০২৭ সালে চালু হবে ও ওই বছরের দ্বিতীয়ার্ধে ট্রেন তৈরির কাজ শুরু হবে। মুম্বই-আহমেদাবাদ হাইস্পিড করিডরে যে বুলেট ট্রেনটি চালানো হবে, সেটি জাপানের ই-৫ সিরিজের শিনকানসেন রেক। ঘন্টায় ২৮০ কিলোমিটার বেগে ছুটবে এই বুলেট ট্রেন। ভারতীয় রেলের সহযোগিতায় ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি'র মাধ্যমে তৈরি করা হচ্ছে এই ট্রেন।

❑ প্রথমবারের মতো নবজাতক ও শিশুদের জন্য বিশেষভাবে তৈরি ম্যালেরিয়ার একটি ওষুধে অনুমোদন দিল 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'। অনুমোদিত ওষুধটি হল 'আর্টেমেথার-লুমেফ্যান্ট্রিন', যা এই প্রথমবার নবজাতক ও শিশুদের জন্য আলাদাভাবে তৈরি করা হয়েছে। ৫ কেজির কম ওজনের শিশুদের জন্য এটিই প্রথম নিরাপদ ম্যালেরিয়াবিরোধী ওষুধ। এর আগে, এই বয়সি শিশুদের চিকিৎসায় প্রাপ্তবয়স্কদের জন্য তৈরি ওষুধের ডোজ সমন্বয় করে ব্যবহার করা হত, যাতে ডোজ ভুল হওয়া ও বিষক্রিয়ার ঝুঁকি ছিল। 'হু'এর অনুমোদনের ফলে দেশগুলি এবার থেকে পূর্ণাঙ্গ ক্লিনিক্যাল ট্রায়াল ছাড়াই ওষুধটি ব্যবহারের অনুমতি দিতে পারবে। একইসঙ্গে রাষ্ট্রসঙ্ঘের সংস্থাগুলি সরকারের অনুমোদন সাপেক্ষে ম্যালেরিয়াপ্রবণ এলাকায় ওষুধটি সংগ্রহ ও বিতরণ করতে পারবেন।

❑ 'সাতগাঁর হাওয়াতাঁতিরা' উপন্যাসের জন্য, ১৪৩২ বঙ্গাব্দের 'আনন্দ পুরস্কার'এ ভূষিত হলেন লেখক পরিমল ভট্টাচার্য। 'সাতগাঁর হাওয়াতাঁতিরা' মূলত সময়, স্মৃতি ও পরিচয়ের এক জটিল বয়ান। ৭০০ বছরের বিস্তৃত সময়পরিসর জুড়ে একটি পরিবারের ন'টি প্রজন্মের জীবনযাত্রা, উত্থান-পতন, অভিবাসন ও অস্তিত্বসংকটকে কেন্দ্র করে গড়ে উঠেছে উপন্যাসের আখ্যান।

❑ 'ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ'এ, দিল্লি ক্যাপিটালসের বিপক্ষে রেকর্ড ২৬৫ রান তাড়া করে ইতিহাস গড়ল পঞ্জাব কিংস। টোয়েন্টি-২০ ক্রিকেটের ইতিহাসে সর্বোচ্চ রান তাড়া করে জেতার রেকর্ড এটিই। এর আগের রেকর্ডটিও ছিল পঞ্জাবের অধীনে। ২০২৪ সালের আইপিএলে কলকাতা নাইট রাইডার্সের বিপক্ষে ২৬২ রান তাড়া করে জিতেছিল তারা। সর্বোচ্চ রান তাড়া করে জেতার তালিকায় তিন নম্বরে রয়েছে দক্ষিণ আফ্রিকা। ২০২৩ সালে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে ২৫৯ রান তাড়া করে জিতেছিল প্রোটিয়ারা।

**২৬ এপ্রিল :** প্রখ্যাত চিত্রসাংবাদিক রঘু রাই (৮৩ বছর) মারা গেলেন।

❑ যুক্তরাজ্যের সংসদে পাস হল ঐতিহাসিক তামাক ও ভ্যাপ বিল। এই আইনের আওতায় ১৭ বছর বা তার কম বয়সিদের জন্য সারাজীবন সিগারেট কেনা নিষিদ্ধ করা হয়েছে। কমন্স ও লর্ডস - দুই কক্ষই এই আইনটির চূড়ান্ত খসড়ায় একমত হয়েছে। এই আইন অনুযায়ী, ২০০৯ সালের ১ জানুয়ারির পরে জন্ম নেওয়া কাউকে তামাক বিক্রি করা বেআইনি হবে। এই উদ্যোগের লক্ষ্য হল, সিগারেটমুক্ত প্রজন্ম তৈরি করা।

**২৭ এপ্রিল :** ২০২৫-'২৬ আর্থিক বছরে ভারতকে পিছনে ফেলে, বাংলাদেশে শীর্ষ ভুট্টা রফতানিকারক দেশে পরিণত হল ব্রাজিল। ইথানল উৎপাদনে অভ্যন্তরীণ চাহিদা বাড়ার কারণে ভারত থেকে আমদানি কমে যাওয়ায়, বাংলাদেশ এখন ব্রাজিলের ওপর বেশি নির্ভরশীল হয়ে পড়েছে। ২০২৫-'২৬ আর্থিক বছরের প্রথম ১০ মাসে প্রায় ১৫ লাখ টন আমদানিকৃত ভুট্টার মধ্যে ৭৮ শতাংশের বেশি ব্রাজিল সরবরাহ করেছে।

❑ প্রবীণ বলিউড অভিনেতা ভরত কাপুর (৮০ বছর) মারা গেলেন। দীর্ঘ চার দশকেরও বেশি সময় ধরে রূপোলি পর্দা ও ছোট পর্দায় নিয়মিত অভিনয় করেছেন তিনি।

**২৮ এপ্রিল :** ভারতীয় শাস্ত্রীয় সঙ্গীতের দিকপালদের স্বীকৃতি জানাতে, নয়াদিল্লিতে আয়োজিত হল 'সুর জ্যোৎস্না জাতীয় সঙ্গীত পুরস্কার'। ভারতের সমৃদ্ধ সঙ্গীত ঐতিহ্য সংরক্ষণ ও প্রসারে আজীবন অবদানের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন প্রখ্যাত হিন্দুস্তানি কণ্ঠশিল্পী সুমিত্রা গুহ ও প্রথাগত সঙ্গীতের এক শ্রদ্ধেয় ব্যক্তিত্ব পণ্ডিত লক্ষ্মণ কৃষ্ণরাও পণ্ডিত।

❑ লিঙ্গ অন্তর্ভুক্তি ও দক্ষতা উন্নয়নের ওপর এশিয়ার প্রথম ইউনেস্কো চেয়ার চালু করল পুণের 'সিমবায়োসিস স্কিলস অ্যান্ড প্রফেশনাল ইউনিভার্সিটি'। এই উদ্যোগটির লক্ষ্য হল, কৃত্রিম বুদ্ধিমত্তা, রোবোটিক্স ও সেমিকন্ডাক্টরের মতো উচ্চ-প্রবৃদ্ধিসম্পন্ন খাতগুলিতে মহিলাদের ক্ষমতায়ন করা। এই উদ্যোগের আওতায়, সিমবায়োসিস এরমধ্যেই রোবোটিক্স, অটোমেশন, সেমিকন্ডাক্টর প্রযুক্তি, অ্যাডভান্সড ম্যানুফ্যাকচারিং ও প্রতিরক্ষা প্রযুক্তির মতো ক্ষেত্রগুলিতে ১০,০০০ তরুণীকে প্রশিক্ষণ দিয়েছে। এই খাতগুলিকে 'উদীয়মান শিল্প' হিসাবে গণ্য করা হয়, যেগুলিতে কর্মসংস্থানের বিপুল সম্ভাবনা রয়েছে।

❑ প্রথম ভারতীয় মহিলা ব্যাডমিন্টন খেলোয়াড় হিসাবে 'বিশ্ব ব্যাডমিন্টন সংস্থা'র অ্যাথলিট কমিশনে জায়গা করে নিলেন পি.ভি.সিন্ধু। বিশ্ব ব্যাডমিন্টন সংস্থার সদস্য হিসাবে ভোটাধিকারও থাকবে তাঁর। এই পদে থেকে বিশ্বব্যাপী ব্যাডমিন্টনের নীতি নির্ধারণ, খেলোয়াড়দের স্বার্থ রক্ষা ও টুর্নামেন্টের পরিকাঠামো সংস্কারে সরাসরি অবদান রাখবেন সিন্ধু।

**২৯ এপ্রিল :** দিল্লি পুর নিগমের নতুন মেয়র হিসাবে নির্বাচিত হলেন প্রবেশ ওয়াহি।

❑ ভারতের প্রথম রূপান্তরকামী আম্পায়ার হিসাবে ইতিহাস গড়লেন তামিলনাড়ুর সালেমের বাসিন্দা স্বতিকা শ্রী। 'তামিলনাড়ু ক্রিকেট অ্যাসোসিয়েশন' আম্পায়ার পরীক্ষার ফর্মে 'অন্যান্য' লিঙ্গ বিভাগ চালু করার পর এই অর্জন সম্ভব হয়েছে। রূপান্তরের আগে আর.মুথুরাজ নামে পরিচিত স্বতিকা ২০২১ সাল থেকে সালেম ও কোয়েম্বাটোরের সার্কিটে আম্পায়ারিং করছেন ও ৩০০টিরও বেশি ম্যাচ পরিচালনা করেছেন।

**৩০ এপ্রিল :** 'নাম্মা ১১২' জরুরি হেল্পলাইনে কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত বহুভাষিক সুবিধা চালু করল বেঙ্গালউরু পুলিশ। ভারতের প্রথম পুলিশ বাহিনী হিসাবে এমন নজির স্থাপন করল তারা। 'ভয়েস এআই ফর দ্য নেশনওয়াইড কি ইন্টারভেনশনস' প্রযুক্তির ওপর ভিত্তিকরে গড়ে ওঠা এই ব্যবস্থাটি 'মানডে ভেঞ্চারস' ও 'এওস'এর সহযোগিতায় তৈরি করা হয়েছে। এই হেল্পলাইনটি এখন ১০টিরও বেশি ভারতীয় (বাংলা, মালয়লম, গুজরাতি, ওড়িয়া, মণিপুরি, অসমীয়া, কাশ্মীরি, নেপালি) ও বিদেশি (ফরাসি, স্প্যানিশ, আরবি) ভাষা সাপোর্ট করবে। এটি জরুরি পরিস্থিতিতে স্থানীয় বাসিন্দা ও বিদেশি পর্যটকদের ভাষা সংক্রান্ত সমস্যা দূর করতে সহায়তা করবে।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি শুরু



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



**এই প্রতিষ্ঠানের ১০৭ শয্যাবিশিষ্ট নতুন মাল্টি স্পেশালিটি হাসপাতাল এবছর জুলাই মাসে চালু হচ্ছে। এখানকার নার্সরা তাই প্রথম থেকেই সুপার স্পেশালিটি হাসপাতালে কাজ করার সুযোগ পাবে — যা অন্য কোথাও নেই।**

INC, WBUHS ও WBNC স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. ভরতির জন্য সরাসরি যোগাযোগের ঠিকানা : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.


**MBS Multi Speciality Hospital**
License Number : 33652675
OUR FACILITIES & DEPARTMENTS
CRITICAL CARE & SURGICAL UNITS
24/7 Emergency Medicine & Trauma Care
ICU • HDU • NICU (Neonatal Intensive Care)
Modular Operation Theatre (OT)
General & Advanced Laparoscopic Surgery
Orthopedics & Joint Care
SPECIALIZED DEPARTMENTS
Obstetrics & Gynecology
Pediatrics & Neonatology
Gastroenterology
Nephrology
Internal Medicine & Diabetology
Dental Surgery
SUPPORT SERVICES
Fully Automated Laboratory
24/7 In-house Pharmacy
Radiology (X-Ray USG, Mammography)
Gate No- 7, Balindi, Near BSF Camp Kalyani, Haringhata, Nadia 741246 +91 62967 57089 mbshospitalkalyani@gmail.com https://mbshospital.com/


## ২,৪৮২ লোকাল ব্যাঙ্ক অফিসার

১ পাতার পর

১০ বছর, বিধবা-বিবাহবিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছর প্রবেশনে থাকতে হবে। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ : ২,৪৮২টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ ৪২টি (জেনাঃ ১৬, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। ত্রিপুরা ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১। অসম ৪০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৩)। সিকিম ১০টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। ওড়িশা ১০০টি। গোয়া ২১টি, গুজরাট ১,১৮৫টি, জম্মু ও কাশ্মীর ১৫টি, কর্ণাটক ৪১৮টি, কেরলম ৪৯টি, মহারাষ্ট্র ২১৮টি, পঞ্জাব ৩৪টি, তামিলনাড়ু ১৩২টি, অরুণাচল প্রদেশ ২০টি, মণিপুর ১৫টি, মেঘালয় ১৫টি, মিজোরাম ১৫টি, নাগাল্যান্ড ১৫টি, আন্ধ্রা প্রদেশ ৮০টি, তেলেঙ্গানা ৫০টি।

প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং এবিলিটি অ্যান্ড কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) জেনারেল / ইকনমি অ্যাওয়ারনেস - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) ব্যাঙ্কিং নলেজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ১২০ মিনিট। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে সাইকোমেট্রিক টেস্ট, গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। তারপর হবে ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট। পরীক্ষা হবে কলকাতা, আসানসোল, হাওড়া, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ সেপ্টেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.bankofbaroda.in/career/htm

অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন ইত্যাদি যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও মহিলা হলে ১৭৫) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন, যা ইন্টারভিউয়ের সময় দেখাতে হবে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্র নিয়ে যাবেন।


তুলসীর সরকারি চাকরির সেরা বই
• TULSHIR POLICE HANDBOOK
• TULSHIR CDS PRACTICE SET
• WBJEE ANM (R) & GNM
• TULSHIR PRIMARY TET HANDBOOK ₹ 700
• TULSHIR PRIMARY TET PRACTICE SET ₹ 500
• TULSHIR UPPER PRIMARY TET HANDBOOK (Sci. & Arts) ₹ 800
• TULSHIR UPPER PRIMARY TET PRACTICE SET (Arts) ₹ 500
• তুলসীর পরিবেশবিদ্যা (পেডাগজি-সহ) ₹ 400
Tulshi Publishing
9903210844 / 8100480354

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন দপ্তরে শীঘ্রই আসছে লক্ষাধিক পদে নিয়োগের সুবর্ণ সুযোগ
PSC Miscellaneous এ সফলতার প্রস্তুতিতে আপনার একমাত্র ভরসা RICE Education
দীর্ঘ ৪১ বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের প্রশিক্ষণে আজ থেকেই শুরু হোক সাফল্যের প্রস্তুতি
RICE EDUCATION

বিগত PSC Miscellaneous পরীক্ষায় RICE Education এর কিছু সফল নক্ষত্র



TANIA KUNDU — PSC Misc-2019, Assistant Programme Officer, Santipur, Nadia
SOURADEEP CHATTOPADHYAY — PSC Misc-2019, Inspector, Backward Classes Welfare, Hillview(N), Bardhaman
ABHIJIT DAS — PSC Misc-2019, Block Welfare Officer / Welfare Officer, Deganga, 24 Pgs(N)
SRESTHA BANERJEE — PSC Misc-2019, Block Welfare Officer / Welfare Officer, Bosepukur Road, Kolkata
ATANU MAHATO — PSC Misc-2019, Investigating Inspector, Naskar Pukur Road, 24 Pgs(N)



RICKCHEN TSHERING LEPCHA — PSC Misc-2019, Assistant Programme Officer, North Point Singamari, Darjeeling
PRANISHA PRADHAN — PSC Misc-2019, Revenue Inspector, Nagrapur, Darjeeling
SOURAV SEN — PSC Misc-2019, Inspector, Backward Classes Welfare, Salt Lake, Sector II, Kolkata
MIR MUSABBIR HOSSAIN — PSC Misc-2019, Assistant Programme Officer, Khargram, Murshidabad
PAULAMI DAS — PSC Misc-2019, Block Welfare Officer / Welfare Officer, Ranaghat, Nadia
& many more.

"স্বপ্ন বড় হতে হবে।
লক্ষ্য যদি হয় WBCS, CGL, CHSL, BANK বা RAILWAY, তাহলে প্রস্তুতিটাও হতে হবে দুর্দান্ত। RICE শুধুমাত্র একটি কোচিং নয় — এটা একটি চেতনা। এখানে আমরা শেখাই কীভাবে জীবনের প্রতিটি চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়, কীভাবে আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে গড়ে তুলতে হয়। যতই প্রতিযোগিতা থাকুক না কেন, যদি রোজ নিজেকে একটু একটু করে গড়ে তোল, তোমার সাফল্যকে কেউ আটকাতে পারবে না। রাইসে পড়া মানে শুধু নোটস আর মক টেস্ট নয়, ভবিষ্যৎ জীবনের জন্য প্রস্তুতি।"



Prof. (Dr.) Samit Ray
• Founder & Chairman, RICE - Adamas Group
• Founder & Chancellor – Adamas University

NOTIFICATION OUT!
SBI Clerk 2026 11,403 Vacancies
IBPS Clerk 2026 9,766 Vacancies
Classroom | Residential
IAS | WBCS | PSC | SSC | Rail | Police | Bank | Insurance
RICE-এর সমস্ত শাখায় নতুন ব্যাচ শুরু হচ্ছে সেপ্টেম্বরের প্রথম সপ্তাহ থেকে
Head Office - Belgharia (Dishari House) 84799 02085 / 84799 18026 | Sealdah (City Office) 84799 17959 / 84799 18013
Bardhaman : 84799 00575 | Berhampore : 84799 17952 | Behala : 84799 17961 | Coochbehar : 84799 00576 | Durgapur : 84799 00578 | Jalpaiguri : 73648 82509 | Malda : 84799 17953 | Midnapore : 84799 17954 | Siliguri : 84799 17965 | Sonarpur: 84799 17962 | Tamluk : 84799 17957

RICE RESIDENTIAL
RICE মেথডোলজি, সেরা আবাসিক পরিবেশে নিশ্চিত সাফল্যের জন্য
পূর্ব ভারতের প্রথম ও একমাত্র সরকারি চাকরির প্রশিক্ষণের আবাসিক প্রোগ্রাম
Residential Program available at Adamas Knowledge City, Barasat
Next Batch Starts in September 2026 | Helpline: 62921 90230
Helpline ✆ 62921 90230
riceeducation.in


Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com